He comes out with some quotations from somewhere which suit his purpose, and he thinks that they are authorities on the subject. As far as I can see, Sir, this is a letter written to the editor by one Mr. A. B. or C. stating his personal views and Sj. Choudhuri quotes those words which suit his purpose. Sir, I do not want to take much time of the House except to say what is the difference between boiled milk and pasteurized milk. Everybody knows that boiling destroys many properties of the milk but ladies of our country would not approve of drinking milk by the children without boiling it, whether it comes from the market or from *goalas* (milkmen). Therefore I cannot see what is wrong in pasteurization. It is being done in every big city in our country and in the world. In Fulia, we have a milk centre where every day 30 maunds of local milk is collected. That is cooled there, and after pasteurization the milk is sent to Calcutta. You may know, Sir, in Bombay there is a place called "Anand" 300 miles away from the city where milk is pasteurized and sent to a Central Depot where the milk is stored, where again the milk is pasteurized and then sent to Bombay city for distribution. To say pasteurization unsafe is absolutely and thoroughly wrong and I should remove that idea from the minds of the honourable members. Sir, I am thankful to you for allowing me this time to make this statement. In

closing my remarks I should say that as far as Haringhata is concerned the milk there is bacteriologically checked and if we did not have pasteurization, we would not have been able to improve the milk supply of this great city.

Sj. Annada Prosad Choudhuri: Sir, may I say a few words by way of personal explanation?

Mr. Chairman: Yes.

Sj. Bijoy Singh Nahar: Pasteurization is his personal business.

Sj. Annada Prosad Choudhuri: No, it is Dr. Ahmed's and not mine. আমি এই যে আর্টিকল যেটা সেদিন পড়েছিলাম, এবং তার মধ্যে যে সব বিষয় ছিল তার যে উত্তর দেওয়া হয়েছে আমি তাতে বলিনি যে পাসচুরাইজেসন বাই ইট সেলফ খারাপ।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Didn't you quote this?

Sj. Annada Prosad Choudhuri:

আমি কোট করেছিলাম যে ডাঃ যাই চিঠি লিখে থাকুন একটা ফ্যাক্ট যে স্যার আরনল্ড উইলসন.....

Mr. Chairman: You are going to give a sort of reply to what Dr. Ahmed has said.

Sj. Annada Prosad Choudhuri:

স্যার আমি পাসচুরাইজেসনএর বিরুদ্ধে কিছু বলিনি ; উনি যে কথা বললেন—

Mr. Chairman: I think that is enough. You quote somebody and Government noted it and has replied.

Sj. Annada Prosad Choudhuri: Sir, the explanation is.....

আমার কথায় যা আরোপ করা হয়েছে আমি তা বলিনি।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

ঠিক আছে, ঠিক আছে।

Mr. Chairman: It is on pasteurization. What you have said is quite enough, and that is the end of the matter. We now proceed to the next item.

Sj. Annada Prosad Choudhuri:

আমি যে জিনিষটা বলেছিলাম তার প্রতিপাদ্য যা সেই মুখ্য বিষয়টা বাদ দিয়ে অন্য কথা বলা হয়েছে।

Mr. Chairman: I think the Hon'ble Minister will reply to that.

Sj. Annada Prosad Choudhuri:

সেখানে স্যার মানুষের মরটালিটি সম্বন্ধে যা বলেছি সে বিষয়ে কিছু বলেননি।

Mr. Chairman: I am told that you will get a reply in due course.

Sj. Annada Prosad Choudhuri: He has not heard what I have said. He has missed my important point. So how can I have a reply to my statement.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, when Mr. Chairman says he must take his seat.

[10-40—10-45 a.m.]

Sj. Subodh Kumar Bose: Mr. Chairman, Sir, I cannot help making a few remarks regarding the statement which was made by Sj. Choudhuri the other day on the floor of the House.

Dr. Monindra Mohan Chakrabarty: You are also against Mr. Choudhuri?

Sj. Pannalal Saraogi: Because he is in the habit of making frivolous statements.

Sj. Subodh Kumar Bose: I cannot imagine that an experienced parliamentarian like Mr. Choudhuri and a parliamentarian of his calibre should have made those remarks regarding the sale of shares frivolously. I am sure he possibly made them frivolously and in a half serious mood. Sir, I have got information in my possession which will indicate that Mr. Choudhuri was completely misled by his informant. Sir, the other day he stated that Government had sold certain shares of a tea garden to certain people for Rs. 4,30,000. Those shares, according to the information given to Mr. Choudhuri, could have been sold probably for another Rs. 2 lakhs more, that is, for about Rs. 6 lakhs. Sir, firstly Mr. Choudhuri was wrong when he suggested that those shares were offered to be purchased by interested people for the purpose of gathering the management of the tea garden. The correct facts are that there are 13 items of shares referring to 13 different tea gardens and different lots of shares. I will only mention a few of the tea gardens just to convince Mr. Choudhuri that his information was completely wrong and misleading:—

(1) Gillapukri Tea & Seed Co., Ltd.
(2) Mannabarrie Tea Co., Ltd.
(3) Hasimara Tea Co., Ltd.
(4) Jutlibari Tea Co., Ltd.
(5) Sapoi Tea Co., Ltd.
(6) Oodlabari Tea Co., Ltd.
(7) New Samanbagh Tea Co., Ltd.
(8) Bateli Tea Co., Ltd.
(9) Gohpur Tea Co., Ltd.
(10) Chamong Tea Co., Ltd.
(11) Dufflaghur Tea Co., Ltd.
(12) Borpukuri Tea Co., Ltd.
(13) Bishnauth Tea Co., Ltd.

Now, Sir, these shares were sold certainly by the Government at a profit of Rs. 20,000. That can easily be proved because the present purchasers are willing to resell the shares to anybody; particularly to Mr. Choudhuri, even at a lower price of Rs. 4,11,000—which will indicate clearly that Government at least had made a profit of Rs. 20,000—the exact amount is Rs. 18,637.

Sj. Annada Prosad Choudhuri: How do you know?

Sj. Subodh Kumar Bose: Never mind how I know. I am telling that. I am challenging Mr. Choudhuri or anybody else in this House.....

Sj. Pannalal Saraogi: He is making the offer on the floor of the House.

Sj. Subodh Kumar Bose: If Mr. Choudhuri is going to purchase them, he can purchase them. Here is the offer. When they were sold the price of some of the shares had gone up. But even after this

enhancement of price, they have not gone beyond Rs. 4,11,000. So when the purchasers offered a price of Rs. 4,30,000, it was very wise on the part of the Government to sell.

[10-45—10-50 a.m.]

Sj. Annada Prosad Choudhuri: Only one party was consulted.

Sj. Subodh Kumar Bose: That is wrong.

Sj. Annada Prosad Choudhuri: That is quite correct.

Sj. Subodh Kumar Bose: Interruption only prolongs the debate. I must be allowed to state what I want to say.

Sj. Annada Prosad Choudhuri: Only one party was consulted.

Sj. Subodh Kumar Bose: Certainly, not. Government have never played the role of a speculator and Government was not at all advised by any speculator. This instance reminds me of a recent incident the other day. I was going to buy a rare American law book for Rs. 300 and some one said that I have bought it at a very high price. He could have managed to get it at a less price. Speculators always mislead people. Look at the facts and you will find that the statement made by Sj. Annada Choudhuri was wrong.

It has also been said by a member on the opposite side that the address of the Governor does not comply with the provisions of the Constitution of India. Sir, we are summoned under Article 174 and we are addressed by His Excellency the Governor under Article 176. That Article makes it very clear that the Governor has the constitutional right to address us for the causes of the summons. If anybody turns to page 18 of the Governor's address, he will find that the causes of the summons are clearly indicated there. There cannot be two opinions about that. The cause of the summons is that the estimates of the financial year will be laid before us during the session and the other cause is also mentioned on the same page and in the next page—the number of Bills that will be brought before us. This is perfectly in order and in compliance with the constitutional provision. It does not lie in the mouth of my friend on the other side of the House to say that it does not conform to the provisions of the Constitution.

Sj. Charu Chandra Sanyal: Certainly, you were not present then.

Sj. Nirmal Chandra Bhattacharyya: He has been briefed to say so.

[10-50—10-55 a.m.]

Dr. Monindra Mohan Chakrabarty:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে চিরাচরিত প্রথা অনুযায়ে যে আশার সুর ধ্বনিত হয় প্রত্যেকবার এবারও তার ব্যতিক্রম হয়নি। ব্যক্তিগতভাবে যদি কেউ আশাবাদী হয়, এবং আশাবাদী হওয়ার কারণ থাকে, এবং সরকারও তার প্রতিফলনস্বরূপ রাজ্যপালের মুখ দিয়ে আশাজনক ব্যবস্থা দেখাবার চেষ্টা করে থাকেন তাহলে এই কথা বলতে হয় যে মাননীয় রাজ্যপালের যাঁরা উপদেষ্টা, তাঁরা তাঁকে অত্যন্ত ভুল খবর দিয়েছেন। আমাদের পশ্চিমবঙ্গের অবস্থার উন্নতি উত্তরোত্তর হতে চলেছে এবং অনেকটা হয়ে গিয়েছে ইত্যাদি যে সমস্ত কথা রাজ্যপালের ভাষণে বলা হয়েছে, এবং পঞ্চাশ কোটী টাকার ভিতর বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা ইত্যাদির জন্য বেশীর ভাগই খরচ হয়ে গিয়েছে এবং আরও ৭০ কোটী টাকা ১৯৫৫-৫৬ সালে খরচ হতে চলেছে। এই যে অবস্থা এর পশ্চাতে কোন ভিত্তি আছে কিনা তা আমরা একটু চেষ্টা করলেই বুঝতে পারবো। একটা রাজ্যের অবস্থা ভাল হয়েছে কি মন্দ হয়েছে তা রাজ্যের অধিবাসীদের অবস্থা দেখলেই বোঝা যাবে। আমাদের পশ্চিম বাংলায় মধ্যবিত্তদের অবস্থা পর্য্যবেক্ষণ করলেই ভালভাবে বুঝতে পারবো রাজ্যপালের ভাষণে

এই যে উন্নতির কথা বলা হয়েছে, সেই উন্নতির ভিত্তি হচ্ছে কত আলগা। আমরা যদি ১৯৫৩-৫৪ সালের, এই এক বছরের মধ্যে জনসাধারণের জীবনযাত্রার ব্যয়ের সূচক অঙ্ক বেড়েছে, না কমেছে লক্ষ করি তাহলেই সব বোঝা যায়। ১৯৫৩ সালে ডিসেম্বর মাসে খাদ্যদ্রব্যের সূচকের হিসাব আর ১৯৪৯ সালের আগষ্ট মাসের আগে খাদ্যদ্রব্যের সূচকের হিসাব একশো ধরলে--১৯৫০ সালে ডিসেম্বর মাসে খাদ্যদ্রব্যের ব্যয়ের যে সূচক হয় তার অঙ্ক ছিল ৩৫১ আর অক্টোবরে ছিল ৫৫২, ও গত নভেম্বরে ছিল ৪৪৮ আর ডিসেম্বরে অর্থাৎ গত বৎসরের শেষভাগে ছিল ৪৪৪।

[10-55—11 a.m.]

১৯৫৪ সালের ডিসেম্বরে অর্থাৎ গত বছরের শেষ ভাগে ছিল ৪৪৪, ১৯৫৩ সালে ছিল ২৩১। আর সমস্ত মিলিয়ে যা ছিল ৩৯১, সেটা ৩৯১ই আছে। ১৯৫৩ সালের ডিসেম্বর থেকে ১৯৫৪ সালের ডিসেম্বর পর্য্যন্ত অবস্থার এমন কিছু উন্নতি হয় নাই, জীবনধারণের ব্যয় এমন কিছু হ্রাস হয় নাই যাথেকে বলা যেতে পারে যে সাধারণ মানুষের অবস্থার উন্নতি হয়েছে, তাদের ক্রয়শক্তি বেড়েছে। এই সময়ের মধ্যে বেকারের সংখ্যা বেড়ে গিয়েছে, এই সময়ের মধ্যে জীবন মৃত্যুর খতিয়ান কি ছিল? বিভিন্ন লোকেরা যারা যে যায় তার খতিয়ান যদি দেখি তাহলে দেখা যায় টি, বি, রোগ যাথেকে দেশের অবস্থার উন্নতি কি অবনতি সুস্পষ্টভাবে বোঝা যায়, সেই টি, বি, রোগে মৃত্যুর হার ১৯৫৩ সালে যা ছিল ১৯৫৪ সালে তা থেকে বেশী হয়েছে। দেশের লোকের স্বাস্থ্যের অবস্থা তাদের জীবনযাত্রার ব্যয় এবং দেশের জাতীয় আয় বৃদ্ধির দিক দিয়ে দেখতে গেলে আমরা সুস্পষ্টভাবে বুঝতে পারি রাজ্যপালের ভাষণে যে কথা বলা হয়েছে, তার কোন ভিত্তি নাই। দ্বিতীয় কথা এই যে ডেভেলপমেণ্ট প্ল্যান উন্নয়ণ পরিকল্পনা দেশের সমৃদ্ধি আনবে বলে মনে করেছেন, সে পরিকল্পনার ৩ বছরত হয়ে গেল, ৫০ কোটি টাকাও খরচ হয়েছে, কি এই ৫০ কোটি টাকা যে খরচ হয় তাতে করে আমাদের দেশের অবস্থাকে উন্নতির দিকে না অবনতির দিকে নিয়েছে, সেটা বিশেষ করে বাংলার যারা নিজস্ব অধিবাসী যাদের মাতৃভাষা বাংলা তাদের কিভাবে নিয়েছে আমরা পরিসংখ্যান দিয়ে বোঝাবার চেষ্টা করছি।

স্যার আমরা সকলেই জানি যে সম্প্রতি বেকার সমস্যা বৃদ্ধি পেয়েছে, এবং যে হিসাব বেরিয়েছে তাতে বোঝা গেছে যে কলিকাতার আশেপাশে যত লোক কাজ করে তার শতকরা ৩৭ ভাগ বাংলার বাইরের অধিবাসী। এছাড়া যে ডিনিষটা দেখি অন্য যারা এসে সমস্ত চাকরী দখল করেছে, তাদের যদি আমরা হিসাব দেখি তাহলে ডিনিষটা পরিষ্কার হবে। কলিকাতায় এক লক্ষ সত্তর হাজার আটশো পরিবার আছে তার মধ্যে যারা মধ্যবিত্ত শ্রেণীর তারা হচ্ছে ৮৬,৪০০ পরিবার, ৮৪,৪০০ হচ্ছে শ্রমিক শ্রেণীর। ষোল থেকে ষাট পর্য্যন্ত যাদের বয়স তাদের মধ্যে সাধারণভাবে যদি একজন বেকার থাকে তাহলে বাঙ্গালী যারা বাংলায় যারা কথা বলে তাদের মধ্যে শতকরা ৮০ ভাগ। হিন্দীভাষী যারা অর্থাৎ হিন্দীতে যারা কথা বলে বেহার ও উত্তর প্রদেশের অধিবাসী তাদের মধ্যে শতকরা ৩৫ ভাগ চাকরী পায়। উড়িয়া ভাষায় যারা কথা বলে তারা ৭২ ভাগ বেশী, দক্ষিণ ভারত থেকে যারা আসে তারা ২০ ভাগ বেশী পায়, ইংরেজ যারা তারা ১৬ ভাগ বেশী পায়। এই থেকে বোঝা যাবে যে কলকাতায় যত অভাবতীয়রা আছে, যারা তাদের নিয়োগ করে, কি ধরণের লোক নিয়োগ করার দিকে তাদের ঝোঁক আছে। যারা শিল্পপতি তাদের ঝোঁক আছে যে যারা বাঙ্গালী বাংলায় যারা কথা বলে তাদের তাঁরা নিয়োগ করতে চান না। এ সম্বন্ধে বাংলা সরকার, বাংলার জনসাধারণ যে চিরকাল নিষ্ক্রীয় থেকে যাবে এ অবস্থা আমরা মানতে রাজী নই। আমরা মনে করি বাংলা সরকারের বাংলার জনসাধারণের প্রতি সঙ্গে সঙ্গে একটা নির্দ্দিষ্ট কর্ত্তব্য আছে অন্তত আমার মনে হয় নিয়োগের ক্ষেত্রে, নৈলে যত পরিকল্পনাই করা হোক না কেন, যত সামাজিক সমৃদ্ধিই আমাদের দেশে হোক না কেন এ অবস্থা থেকেই যাবে, যদি না বাংলার মধ্যে যে সমস্ত শিল্প আছে, যে সমস্ত ব্যবসা আছে, তাতে যদি বাঙ্গালী নিয়োগ করতে পারা যায়। অর্থাৎ যত অধিষ্ঠিত শিল্পপতি এবং বিভিন্ন ব্যবসায়ের মালিক যারা তাদের দিয়ে যদি আমরা বাঙ্গালী নিয়োগ না করাতে পারি তাহলে এই অবস্থা থেকেই যাবে। পাঁচসালা পরিকল্পনায় যতই শিল্প হোক না কেন, দামোদর ভ্যালি পরিকল্পনার ফলে যত উন্নতিই হোক না কেন, বাঙ্গালী যদি চাকরী না পায় তাদের হাতে ক্রয়শক্তি আসবেনা এবং তাদের এই দুরবস্থা থেকেই যাবে। অতএব এই বিধান পরিষদের প্রত্যেক সভ্য যারা নিজেদের বাঙ্গালী বলে মনে করেন তাঁদের প্রত্যেকের বিশেষ দায়িত্ব আছে সরকারকে দিয়ে এটা করিয়ে নেওয়ার। আমরা কাউকে চাকরী দেওয়া হয় বা না দেওয়া হয় বলতে পারিনা, কিন্তু এখন যে অবস্থা তাতে এই বাংলা দেশে যখন একটা চাকরী খালি হয় সেটা বাঙ্গালীকেই দিতে হবে যে হেতু নৈলে আমরা বাঁচতে পারব না। একথা আমরাত বলছি, এবং আশা করি এই বিধান পরিষদের কংগ্রেসী মাননীয় সদস্য যাঁরা তাঁরা সরকারকে দিয়ে এ দায়িত্ব মানাবেন, তাঁদের হাতেই সরকার রয়েছে তাঁরা এ দায়িত্ব অস্বীকার করতে পারেন না।

[11—11-5 a.m.]

আমার তৃতীয় কথা হচ্ছে উন্নয়ন পরিকল্পনার বিষয়ে। এই সব উন্নয়ন পরিকল্পনার অনেক লিষ্ট আমরা দেখি এবং অনেক ভাল ভাল বইও গত বছর এসেছে। ওরা বলে আসছেন উন্নয়ন পরিকল্পনা বাংলায় খুব স্বার্থক হচ্ছে--সরকারপক্ষের প্রকাশিত ওয়েষ্ট বেঙ্গল টুডে থেকে পড়ছি ১৩৫ পাতা থেকে উন্নয়ণ পরিকল্পনা সম্বন্ধে--দুর্গাপুরে ষ্টিল ফ্যাক্টরী, কলকাতায় সুয়েজগ্যাস প্ল্যাণ্ট, তাছাড়া পশ্চিম বাংলায় কতকগুলি কষ্টিক সোডা প্ল্যাণ্ট এবং চিনির কল সম্বন্ধে উল্লেখ আছে। কিন্তু এই সমস্ত কারখানার যে সমস্ত প্রজেক্ট আছে এসমস্তত বলা হচ্ছে কবছর ধরেই, এবং রাজ্যপাল তাঁর ভাষণে বছর বছরই বলে আসছেন। এ সম্বন্ধে যে প্রজেক্ট রিপোর্ট তৈরী করা হয় সেটা তৈরীর জন্য বিদেশী ইঞ্জিনিয়ার, বিদেশী টেক্‌নিসিয়ান্, দেশী টেক্‌নিসিয়ান্ থাকা সত্বেও বেশী টাকা দিয়ে আনা ছাড়া আর কি কাজ হয়েছে। গতবারে দেখেছি সুয়েজ ডিস্‌পোজাল প্ল্যাণ্ট সম্বন্ধে কিভাবে বেশী টাকা দেওয়া হয়েছে। মোট কথা হচ্ছে এই যে ওদের সবই কেবল কাগজে কলমে। এর মধ্যে এই সকল পরিকল্পনা তিন বছর ধরেই রয়েছে কোন কাজ হয় নাই--ইতি মধ্যে আমাদের বেকার সমস্যা বেড়ে গিয়েছে--এই হচ্ছে প্রকৃত অবস্থা।

মাননীয় রাজ্যপাল মহাশয় শিক্ষার কথা অনেক বলেছেন, তাঁর কথাই পড়ে শোনাচ্ছি

"My Government have undertaken a programme of educational development at all levels."

সমস্ত স্তরেই শিক্ষা ব্যবস্থা উন্নত হয়েছে। কি করে বোঝা যায় যে উন্নত হয়েছে। আমি স্যার আপনাকে অপ্রস্তুত করতে চাই না। আমি আপনার ভাষণ থেকে পড়ে শোনাতে চাই, এটা যদিও এই পরিষদের বাইরের ব্যাপার তাহলেও শিক্ষাবিদ আপনার যে স্থান, সেই স্থানের দিকে লক্ষ্য রেখেই বলতে চাই

Sj. Subodh Kumar Bose: On a point of order, Sir. He cannot do that, Sir.

Mr. Chairman: Is it relevant to the point?

Sj. Nirmal Chandra Bhattacharyya: He is now reading an extract from the article of a distinguished educationist.

The Hon'ble Prafulla Chandra Sen: What is the paper he is reading from, Sir?

Dr. Monindra Mohan Chakrabarty: From "Statesman"—the paper you like best.

আপনারা ষ্টেটসম্যানের কথা বিশ্বাস করেন—

The Hon'ble Prafulla Chandra Sen: Of what date?

Dr. Monindra Mohan Chakrabarty:

তবে আমি এটা পড়ে শোনাচ্ছি একটি ডিষ্টিংগুইস্‌ড এডুকেশনিষ্টের অভিমত বলে।

Mr. Chairman: May I know, if it is today's "Statesman"?

Dr. Monindra Mohan Chakrabarty: No, Sir.

Mr. Chairman: I can say that the speeches are not always correctly and fully reported. That is the general statement which I can make, so that whatever you may quote from a particular newspaper will not reflect exactly what has been said. That is what I want to say.

Dr. Monindra Mohan Chakrabarty:

এটা আমি পড়ে শোনাচ্ছি ভারতবর্ষের একজন ডিষ্টিংগুইস্‌ড্ এডুকেশনিষ্ট কি বলেছেন

"There has been a persistent deterioration in the standard of education."

এটা সকলে স্বীকার করি, আমাদের প্রধানমন্ত্রী মহাশয়ও বলবেন, আরও সকলে বলবেন। এখন আমাদের রাজ্যে শিক্ষা সম্পর্কে কি উন্নতি হয়েছে—আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় রাজ্যপাল মহাশয়কে বুঝিয়েছেন সেটা তিনি এখানে বলেছেন সমস্ত স্তরের শিক্ষার দারুণ উন্নতি হয়েছে। তার উন্নতির লক্ষণটা কি? না

"Free and compulsory primary education was introduced in Darjeeling and Bolpur Municipalities."

এই দুটি জায়গায় তারা ফ্রি এণ্ড কম্পালসারি এডুকেশন করেছেন। ডাইরেকটিভ প্রিন্সিপলস ইন দি কনষ্টিটিউসনএ যা আবশ্যিক শিক্ষা, তা সংবিধানে স্বীকৃত হয়েছে। সেখানে কি উন্নতি হয়েছে, তা তাদের মুখ থেকেই শুনেছি। কিছুক্ষণ আগে সত্যপ্রিয় রায় মহাশয় বলেছেন বুনিয়াদি ও অবুনিয়াদী শিক্ষা ব্যবস্থার কথা যা গ্রামাঞ্চলে ও সহরে প্রবর্তনের চেষ্টা হচ্ছে। বুনিয়াদী শিক্ষালয়ের পরিকল্পনা যেভাবে গান্ধীজী করতে চেয়েছিলেন, সেইভাবে সেখানে উপায় আছে কিনা—বিশেষতঃ আমাদের পশ্চিমবঙ্গ রাষ্ট্রে—সে বিষয়ে আমার সন্দেহ আছে। তার কারণ গান্ধীজী যে বুনিয়াদী শিক্ষার পরিকল্পনা করেছিলেন, তাঁর পরিকল্পনা ছিল সমস্ত ভারতবর্ষে একটা স্বয়ং-সম্পূর্ণ গ্রাম সমষ্টি নিয়ে রাষ্ট্র হবে। সেখানকার যান্ত্রিক সভ্যতার সঙ্গে তার কোন সম্পর্ক থাকবেনা, গ্রাম স্বয়ং সম্পূর্ণ হবে, গ্রামের ছেলে গ্রামেই থাকবে। আমাদের পশ্চিমবঙ্গের এই ছোট প্রদেশ যেভাবে বেঁচে থাকতে পারে তার একমাত্র উপায় হচ্ছে হাইলি ইণ্ডাষ্ট্রিয়ালাইজড্, শিল্প সমৃদ্ধি। আমাদের এখানে জমির উপর চাপ খুব বেশী। কোন মতেই কৃষির উপর সম্পূর্ণ নির্ভর করলে চলবে না, আজ শিল্পের উপরও আমাদের নির্ভর করতে হবে। তা করতে গেলে শিল্পের প্রতি বায়যাস্ হলে চলবে না। প্রাথমিক শিক্ষার দিক থেকে যাতে সেই ঝোঁক প্রবনতা ছাত্রদের মধ্যে আসতে পারে তা দিতে হবে। গান্ধীজীর পরিকল্পনায় তা নাই। তার চেয়ে বেশী গভর্ণমেণ্ট কমিশন মডিফিকেশন করেছিলেন, পরিবর্ত্তন করেছিলেন। গান্ধীজী যা প্রস্তাব করেছিলেন সেগুলো গভর্ণমেণ্ট সাহেবের পরিকল্পনায় ছিল। কাজেই শিক্ষামন্ত্রী সেদিকে কিছুই চেষ্টা করেন নাই—যা যা তারা করতে চেয়েছিলেন। অতএব বিভিন্ন স্তরে শিক্ষা ব্যবস্থার খুব ভাল উন্নয়ন ও উন্নতি হচ্ছে একথা বলার মধ্যে কোন যুক্তিকতা নাই।

11-5—11-10 a.m.]

তারপর টেক্‌নিক্যাল এডুকেশনের কথা আছে। আমাদের কারিগরী বিদ্যা শিক্ষার উপায় যদি ভালভাবে করা না হয়, তাহলে আমাদের ভবিষ্যৎ অন্ধকার।

শিবপুর টেকনিক্যাল এডুকেশনে অনেক খরচ হচ্ছে। সেখানে

seven American Professors have joined the College.

সাতজন মার্কিণ অধ্যাপক শিবপুর টেকনিক্যাল কলেজে আনা হয়েছে। তাঁরা এদেশকে উন্নতির একটা অঙ্গ বলছেন।

(Sj. Bijoy Singh Nahar: একস্‌পার্ট চাই তো?)

হাঁ, দেশী একস্‌পার্টতো রয়েছে, তাঁদের কেন তিনি ভাগগা দেন নাই?

এই টেকনিক্যাল এডুকেশন প্রসঙ্গে যা অনেকবার বলা হয়েছে, তার ভিত্তি হিসেবে বে-সরকারী কলেজে শিক্ষার ব্যবস্থা। সেখানকার শিক্ষা ব্যবস্থার উন্নতি হিসাবে আই-এস্-সি ও বি-এস্-সির শিক্ষা ব্যবস্থা। তা না হলে টেকনিক্যাল এডুকেশনের উন্নতি হতে পারে না। এর যদি উন্নতি করতে হয় তাহলে বে-সরকারী কলেজগুলিতে যে সাহায্য করা দরকার, লাইব্রেরীর জন্য যে সাহায্য করা দরকার, তার শিক্ষকদের যে সাহায্য করা দরকার, তার কোন ইঙ্গিত রাজ্যপাল মহাশয়ের ভাষণে নাই। উপরন্তু যে পোষ্ট গ্রাজুয়েট শিক্ষার ব্যবস্থা থাকা দরকার, সেই পোষ্ট গ্রাজুয়েট শিক্ষার কোন উল্লেখও নাই। তার টেক্‌নিক্যাল ডিপার্টমেণ্ট যেমন ম্যাপ্লায়েড ফিজিক্স্, ম্যাপ্লায়েড কেমিষ্ট্রী রিসার্চ, রেডিও ইত্যাদির কোন ব্যবস্থা সেখানে নাই। কারিগরী বিদ্যার বিভিন্ন স্তরে বিভিন্ন বিভাগে প্রয়োজনীয় অর্থ সাহায্যের কোন ইচ্ছা, তার কোন ইঙ্গিত আমাদের রাজ্যপালের ভাষণে নাই। এইসব বিভাগে উপযুক্ত টাকার অভাবে কাজ হয় না, এটা খুবই দুঃখের ব্যাপার।

আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে

Medical Relief and Hospital facilities.

এই পাবলিক হেল্‌থ সেক্টরএ জনস্বাস্থ্যের কি রকম উন্নয়ন হয়েছে, কি উন্নতি হয়েছে তা আমরা ভাইটাল ষ্ট্যাটিস্‌টিক্স্ রূপে, জীবনমরণের খতিয়ান দেখে বুঝতে পারি। জনস্বাস্থ্যের মন্ত্রীমহাশয় কি একথা বলতে পারেন যে এখানে দু-তিন বছরের মধ্যে ম্যালনিউট্রিশন কমেছে, যক্ষারোগ কমেছে? যে পরিমাণ যক্ষারোগী আছে, তাদের হাসপাতালে দেওয়ার ব্যবস্থা কিরূপ দেখুন। আডাই লক্ষ টি, বি, রোগীর জন্য আড়াইশো মাত্র বেড্ আছে। তাহলে উন্নতিটা কি হল? একশোটি বেড্ নাকি বেড়েছে। আমি কাঁচড়াপাড়া হাসপাতালের কথা বলছি। এর দ্বারা তাঁরা হসপিটাল ট্রেসিলিটিস এর উন্নতি করছেন। গত ১৯৫২ সালে কাঁচড়াপাড়া সম্বন্ধে তিনি বলেছিলেন যে বিভিন্ন জিনিষের অভাব। ভাল অস্ত্রোপচার গৃহ নাই। সেখানে আগে আমেরিকান মিলিটারী হসপিটাল ছিল, তার অপারেসান থিয়েটারটা তাপ নিয়ন্ত্রিত ছিল। কিন্তু আমেরিকানরা চলে যাবার পর আর সেখানে সেই ব্যবস্থা নাই। হাসপাতালের দিনের চালের মধ্যে তিন চার ঘণ্টা ধরে গুরুত্বপূর্ণ অস্ত্রোপচার করতে হয়। গত ৫০ সাল থেকে হাসপাতাল

কর্তৃপক্ষ বলছেন এই অস্ত্রোপচার গৃহ এয়ার কণ্ডিসাণ্ড করা হোক। তাঁরা '৫২, '৫৩ সাল ও '৫৪ সালেও সেকথা বলেছেন। কিন্তু আজ পর্য্যন্ত তা করা হয় নাই। কিন্তু মন্ত্রীদের কতকগুলো ঘর এয়ার কণ্ডিসাণ্ড হয়েছে। সেখানে গিয়ে দেখেছি গরমের সময় তিন চার ঘণ্টা ধরে কাজ করা শক্ত। বিশেষতঃ ঐ গুরুত্বপূর্ণ থেরাসি-প্লাষ্টিক অপারেসানের সময় মাথা ঠিক করে রেখে কাজ করা খুবই শক্ত। মন্ত্রীদের ঘরে ইংরেজরা এতকাল ধরে এমনি পাখাতেই চালিয়ে গিয়েছে। এখন সেখানে সাংঘাতিক রকমে এয়ার কণ্ডিসাণ্ড। মন্ত্রীদের ঘর এত ঠাণ্ডা থাকে যে গরম জামা ব্যবহার করতে হয়। ভেতরের লোককে সেখানে চাদর গায়ে দিয়ে বসে থাকতে হয়।

(এ ভয়েস : কে তিনি ?)

নাম বলবো মন্ত্রীর ?

এটা হাসবার কথা নয়, যেখানে যা করা দরকার আমাদের সরকার সে বিষয়ে অবহিত হোন। এবং রাজ্যপালের ভাষণে যার উল্লেখ নাই বাজেটের সময় সে ব্যাপারে আশা করি আমাদের অবগত হবার সুযোগ দেবেন।

[11-10—11-15 a.m.]

Dr. Bijanbihari Bhattacharya:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, গেটের একটা উক্তি দিয়ে আমি আমার বক্তব্য আরম্ভ করছি—

"Truth is a torch but a terrible one, often times so terrible that the natural instinct of us all is to give a side glance with a blinking eye lest looking it fairly in the face, the strong glare might blind us....."

সত্যকে একটা দীপ বর্ত্তিকা, আলোক বর্ত্তিকা বলা চলে, আলো বড়ই উজ্জ্বল, এত উজ্জ্বল যে সোজাসুজি তার দিকে তাকানো যায় না, তাকালে চোখ ঝলসে যায়, সেই জন্য আমরা চোখ কুঞ্চিত করে আলোকের উজ্জ্বলতার দিকে তাকাই, নিছক সত্যও তেমনি, সে সত্যে মানুষের চোখ ঝলসে যায়। (বিরোধী পক্ষের জনৈক সদস্যঃ কাদের ?) আপনাদের। আপনাদের বিবিধ সংশোধনীর মধ্যে তারই পরিচয় পাওয়া যাচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণ সম্পর্কে যে ধন্যবাদ প্রস্তাব উপস্থিত করা হয়েছে সংশোধনী প্রস্তাবের বহু সূচী দ্বারা তাকে বিদ্ধ করার চেষ্টা হচ্ছে কিন্তু সে সূচীর মুখ নিতান্তই স্থূল বলে সে প্রস্তাবকে বিদ্ধ করা গেল না। যাত্রার দলের তলোয়ার দিয়ে যদি আঘাতের চেষ্টা করা হয় তাহলে তাতে মাত্র ধাক্কাই লাগে, সে তলোয়ার উজ্জ্বল বটে কিন্তু তাতে যথেষ্ট পরিমাণে ধার নাই। এই যে সংশোধনী প্রস্তাবগুলি এসেছে, সেই প্রস্তাবগুলি সম্বন্ধে দেখা যাচ্ছে, সেগুলিকে যথেষ্ট গুরুত্ব কেউ দিচ্ছেন না। প্রস্তাবগুলি যেমনভাবে আনা হয়েছে তাতে দেখায় একটা প্রস্তাব দিতে হবে বলেই দেওয়া। এমন কি যেখানে রাজ্যপালকে ধন্যবাদ দেওয়ার প্রস্তাবে "ইউ" বলে সম্বোধন করা হয়েছে, আমাদের দুজন ডাক্তার, একজন বৈজ্ঞানিক ডাক্তার, আর একজন চিকিৎসক ডাক্তার, "হি" "হিজ" দিয়ে শেষ করেছেন।

অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে এই ব্যাকরণের ভুল ত্রুটির কথা উল্লেখ করব না (ডাঃ মণীন্দ্র চন্দ্র চক্রবর্ত্তী : ব্যাকরণ আপনারাই লেখেন) তাঁর যখন ব্যাকরণের ভুল ত্রুটির দিকে লক্ষ্য তখন বলি ডাঃ মণীন্দ্র চক্রবর্ত্তীর যে সংশোধনী প্রস্তাব তাতে "ইউ" বলে সম্বোধন করার পর আবার "হিজ" বলে উল্লেখ করা হয়েছে, এতে স্পষ্টই বোঝা যাচ্ছে সংশোধনী প্রস্তাব একটা দিতে হয় বলেই দেওয়া।

আর একটা সংশোধনী প্রস্তাব আমাদের বন্ধু হালিম সাহেব দিয়েছেন তাঁর সংশোধনী প্রস্তাবটা অনেক বড় একটু লক্ষ্য করলেই দেখতে পাবেন, তাতে আন্‌এম্প্লয়মেণ্টের সঙ্গে ওয়োম্যানস্ কণ্ডিশন্ প্রভৃতি রয়েছে। তাতে দেখা যাচ্ছে এক বিষয়ের সঙ্গে আর একটা বিষয় জুড়ে দিতে হবে বলেই দেওয়া হয়েছে, এই আন্‌এম্প্লয়মেণ্টের সঙ্গে ওয়োম্যানস্ কণ্ডিশন কি করে যুক্ত হতে পারে (ডাঃ মণীন্দ্র মোহন চক্রবর্ত্তী : ওয়োম্যানও আন্‌এম্প্লয়েড্ আছে) আচ্ছা, তাহলে পিপ্‌ল বলতে কি শুধু পুরুষ বোঝায় ? রাজ্যপালের ভাষণে যে "পিপ্‌ল" কথাটা আছে তাতে কি নারীও বোঝায় না ? (ডাঃ মণীন্দ্র মোহন চক্রবর্ত্তী : স্যার, আমরা কি ব্যাকরণের আলোচনা করছি ?) ডেভেলপ্‌মেণ্ট স্কীমে যা কিছু হবে তাকি শুধু পুরুষদের জন্যই হবে নারীদের জন্যও কি সমভাবেই হবে না ইম্প্রুভমেণ্ট ট্রাষ্টের স্কীমে যে সব বড় বড় ঘর বাড়ী হবে তাতে কি শুধু পুরুষরাই বাস করবে ? নারীর কি প্রবেশ নিষেধ ?

Sj. Satya Priya Roy: How is it relevant?

Mr. Chairman: I think he is quite relevant that way. He talked about grammar also. He is now quite relevant. He is now discussing point No. (*f*) of Mr. Abdul Halim's amendment.

Dr. Bijanbihari Bhattacharya:

যা কিছু ব্যবস্থা হচ্ছে পুরুষরাই তার ফল ভোগ করবে? রাস্তা ঘাট যে হচ্চে তাতে কি শুধু পুরুষ মানুষ চলবে, মেয়েরা চলবে না? (জনৈক সদস্য: স্যার এসব কি হচ্চে?) আমার কথা শেষ পর্য্যন্ত শুনুন, তারপর মন্তব্য করতে হয় করবেন। খাদ্য বস্তুর যে উন্নয়ন হচ্চে তাকি শুধু পুরুষরা খাবে, মেয়েরা খাবে না? (বিরোধী পক্ষের আসন হইতে—থামুন, আর ফিরিস্তি চাই না।)

[11-15—11-20 a.m.]

মাননীয় সদস্যরা যদি একটু অবহিত হয়ে একটু ধৈর্য্য ধরে রাজ্যপাল মহাশয়ের ভাষণটা দেখেন, যে ভাষণ তিনি দিয়েছেন তা একটা মহাভারত নয়, একটা সঙ্কেত, একটা আউট্ লাইন মাত্র, সেটা একটা আভাষ দেওয়া মাত্র। তাতে যা নাই তা নিয়ে আক্ষেপ করে কি হবে। যা আছে, তার মধ্য থেকে যেটুকু আমরা পাই সেই-টুকুর সম্বন্ধেই যেন সমালোচনা করি। রাজ্যপাল মহাশয়ের যা বলার তা তিনি বলেছেন, আর আমাদের বিরোধী দলের বন্ধুরা যা বলেছেন তাতে কতটুকু সত্য বলেছেন, আর কতটুকু নয়, তাই বলছি। কামিনী বাবু শিক্ষকদের মহার্ঘভাতার সম্পর্কে যা বলেছেন গ্রামাঞ্চলের যে স্কুলগুলি সেখানকার শিক্ষকদের ১৭৷৷০ টাকা বিনা সর্তে দেবার যে প্রস্তাব কামিনী বাবু করেছিলেন তাঁর সেই প্রস্তাবের বিষয়ে সত্যপ্রিয় বাবুকে অন্ততঃ জানিয়ে দিচ্ছি—কামিনী বাবু যা বলেছেন তা সত্য। এবং সঙ্গে সঙ্গে এই কথা বলতে হচ্চে আমরা একপক্ষ থেকে যা বলি তা সকলের পক্ষে প্রীতিজনক না হতে পারে। কিন্তু আমরা সত্য বলি, কামিনী বাবু সত্যপ্রিয় বাবুর আসবার পূর্বে থেকেই সত্য কথা বলে আসছেন,। মাননীয় সত্যপ্রিয় বাবু এখানে আসবার পূর্বে থেকে গভর্ণমেণ্টের কাছে যা সত্য বলেই বলার প্রয়োজন তা আমরা বলে থাকি। বিশ্ববিদ্যালয়কে এবং গভর্ণমেণ্টকে শিক্ষকদের অবস্থার উন্নতির কথা এর পূর্বে যা বলা হয়ে গেছে, তখন কি অবস্থা ছিল, আপনারা তা জানেন। যে ডিয়ারনেস এলাওয়েন্স ১৫ টাকা ছিল তাকে ১৭৷৷০ টাকা করবার জন্য বাংলাদেশের সমস্ত শিক্ষক সম্প্রদায় যে চেষ্টা করেছিলেন সেই চেষ্টার ব্যাপারটা এখানে আমাদের মুখ দিয়ে সরকারের কাছে উপস্থিত করানো হয়েছিল। শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে আমাদের যে আদর্শে উপনীত হওয়া উচিত ছিল আমরা তাহতে পারিনি, একথা সত্য। (ডাঃ মণীন্দ্র মোহন চক্রবর্ত্তী: যাক সত্য স্বীকার করলেন।) যা সত্য তা আমরা চির কালই স্বীকার করি।

এখানে আমি একটা বিবরণী দিচ্ছি—১৯৪৭-৪৮ সালে প্রাথমিক বিদ্যালয়ের মোট সংখ্যা ছিল ১৩,৯৫০—

ছাত্র সংখ্যা	..	..	..	১০ লক্ষ ৪৪ হাজার
শিক্ষক সংখ্যা ছিল	..	..	..	৩৫ হাজার ৪৩০

আর ১৯৫৩-৫৪ সালের হিসাবে বিদ্যালয়ের সংখ্যা ১৬,৬৮৯—

ছাত্র সংখ্যা	..	..	..	১৬ লক্ষ ৭৩ হাজার
শিক্ষকের সংখ্যা প্রায়	..	..	..	৫১ হাজারের মতন।

তার মানে এই কয় বছর ধরে ১৯৪৭-৪৮ সাল থেকে ১৯৫৩-৫৪ সাল পর্য্যন্ত গড়ে বছরে ১ লক্ষ করে ছাত্র সংখ্যা বেড়েছে। সেটা নিতান্ত নিন্দার কথা তা নয়। এ কথা সত্য যে এর সংখ্যা অনেক বেশী বাড়া উচিত ছিল। কিন্তু এই অল্প দিনের মধ্যে যে চেষ্টা করা হয়েছে, তা বিগত ৫০ বছরের সঙ্গে যদি তুলনা করে দেখি তাহলে দেখবো এই অল্প সময়ের মধ্যে যা হয়েছে, সেটা নিতান্ত নগণ্য নয়। যদি অনুগ্রহ করে লালচীনের দিকে তাকান, তাহলে দেখতে পাবেন প্রাথমিক শিক্ষার দিকে—(এ ভয়েস: একবার দেশের দিকে তাকান।)

(Interruption).

Mr. Chairman: Let him go on. No interruption please.

[11-20—11-25 a.m.]

Dr. Bijanbihari Bhattacharya:

হাঁ, যাঁরা সেদিকে তাকান, তাদের দিকে তাকিয়ে আমি বলছি, সেখানে প্রাথমিক শিক্ষার বিদ্যালয়ের দিকে লক্ষ্য করা হয় নি, সেদিকে তাঁরা দৃষ্টিপাত করেন নাই। সেখানে কেবল কারিগর বেড়েছে, তাঁরা শুধু কারিগর বাড়াবার চেষ্টা করছেন। তবু সেদিকে তাকিয়ে তাদের চোখ ঝলসে ওঠে। নিজের দেশের দিকে যদি তাকান, তাহলে দেখবেন এই অল্পদিনের মধ্যে যে চেষ্টা হয়েছে, তার মূল্যও নিতান্ত কম নয়।

শ্রীযুক্ত সত্যপ্রিয় রায় বলেছেন প্রাথমিক শিক্ষা সম্পর্কে যে চেষ্টা হচ্ছে, তা যথেষ্ট নয়। অধ্যাপক চট্টোপাধ্যায় অনুপাত করেও দেখিয়েছেন। সেই অনুপাত ও পার্সেণ্টেজএর হিসাবে তা সামান্য। ছাত্র সংখ্যা বেড়েছে

কত? আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে বলছি আমি ইতিমধ্যে প্রাথমিক শিক্ষক সম্মেলনে গিয়েছিলাম। আমার যে জেলা অনাদা বাবুরও সেই জেলা, সেখানে সমিতির শিক্ষকরা সেই সভাতে এই বলে আক্ষেপ করেছিলেন যে যে পরিমাণ স্কুলের সংখ্যা বেড়ে যাচ্ছে, তাতে তাঁদের পক্ষে অসুবিধা হচ্ছে। কারণ পাশা পাশি স্কুল বাড়ছে। স্কুলে যদি ছাত্র সংখ্যা কম হয়, তাহলে, যথেষ্ট পরিমাণ শিক্ষক সেখানে রাখা চলে না। শিক্ষক ও ছাত্র-সংখ্যার মধ্যে সরকারের নির্দিষ্ট একটা অনুপাত আছে। বিপদ হয়েছে আমাদের দেশের বিভিন্ন দলের রাজনীতিকরা এই শিক্ষার দিকে, দেশের উন্নতির দিকে মোটেই দৃষ্টি দিচ্ছেন না। গ্রামের পড়বার যোগ্য ছেলে আছে, গভর্ণমেণ্ট সেখানে বিনা বেতনের প্রাথমিক বিদ্যালয় করে দিয়েছেন। অথচ সেখানে তাঁরা ছেলে পাঠাচ্ছেন না।

(এ ভয়েস: কয় জায়গায় আছে?)

অনেক জায়গা আছে। মেদিনীপুর যান। মাননীয় সদস্য দেখতে পাবেন, সেখানে গ্রামে স্কুলের সংখ্যা বাড়ছে, কিন্তু ছাত্র আসছে না। সেখানে ছাত্র আনা যাচ্ছে না। যারা নিজের নিজের রাজনৈতিক দলের প্রচার করে থাকেন, তাঁদের বলি আমাদের চেষ্টা করার ফলে সেখানে ছাত্র বেড়েছে এবং আরও বাড়বে। যারা অন্যবিধ আন্দোলন করে দেশের মধ্যে অশান্তি, অসাম্য আনবার চেষ্টা করছেন, তাঁরা যদি সেখানে গিয়ে গ্রামের পাঁচটী ছেলেকে অন্ততঃ ধরে নিয়ে ঐ স্কুলের মধ্যে নিয়ে আসতেন, তাহলেও দেশের অনেক কল্যাণ হ'তো। কিন্তু তা তাঁরা করতে পাবেন না। তাঁরা আবার শিক্ষার সমালোচনা করেন। তাঁদের আশঙ্কা দেশের লোক যদি যথেষ্ট শিক্ষিত হয়ে যায়, তাহলে ত মুস্কিল, তাদের ভেতর আর আন্দোলন চালাতে পারবেন না। তাঁদের হাতে কাজ থাকবে না।

(এ ভয়েস: আবশ্যিক করে দেন না।)

আবশ্যিক? দুর্ভাগ্য। লোকে ট্রামে বাসে সিগারেট খাবে, তাও আইন করে বন্ধ করতে হবে। দেশের লোকের মধ্যে আজ সত্যের প্রতি দৃষ্টির অভাব। যা করা উচিত তা আইন দিয়ে করতে হবে কেন? আমরা কোথায় বাস করছি? আমরা কেন দেশের লোকের মতকে নিয়ন্ত্রণ করতে পারবো না। যাঁরা গ্রামে গিয়ে দেশের লোকের মধ্যে অশান্তি আনার চেষ্টা করেন, যাঁরা হাঙ্গামা বাধিয়ে ষ্ট্রাইক করে স্বাভাবিক কাজে বাধা সৃষ্টি করেন, তাঁরা সেখানে যান, ছেলেদের বিদ্যালয়ে নিয়ে আসুন। আজ তাঁরা কোথায়?

হ্যাঁ, শিক্ষা আবশ্যিক হওয়া দরকার। তার জন্য দেশের লোকের মনকে প্রস্তুত করতে হবে। আমাদের যতদূর ক্ষমতা আমরা করছি এবং বিরোধী পক্ষের সদস্য মহাশয়দেরও বলছি তাঁরাও কিছুটা করুন। আর সহরে বক্তৃতা করে লাভ নেই, গ্রামের মধ্যে যান, তবেই কাজের কাজ হবে।

(এ ভয়েস: পশ্চিম বাংলার গ্রাম বাকী নাই যেখানে গেলাম না।)

শ্রীযুক্ত সত্যপ্রিয় রায় দঃখ করে বলেছেন "প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিস্তার সম্পর্কে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় নির্দিষ্ট লক্ষ্যে যাতে উপনীত হওয়া যায়, তেমন কোন কথা রাজ্যপালের ভাষণে বলা হয় নাই"।

কিন্তু তাঁকে বলছি সরকারের চেষ্টা সত্ত্বেও গ্রামাঞ্চলে শিক্ষা বিস্তার সম্বন্ধে যতটুকু করা দরকার, তা সম্ভব হয় নি। আমি তাঁদের আহ্বান করছি, তাঁরা আমাদের প্রচেষ্টায় সহযোগিতা করুন।

[11-25—11-30 a.m.]

শ্রীযুক্ত সত্যপ্রিয় রায় তাঁর বক্তৃতায় শুধু নিখিল বঙ্গ শিক্ষক সমিতির স্তুতিগান করেছেন। তিনি যেহেতু নিখিল বঙ্গ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, সেই হেতু তাঁর পক্ষে সেই সমিতির স্তুতিগান করার হয়তো প্রয়োজন বোধ করছেন। এটা কিন্তু এখানে না করলেও চলতো। এই শিক্ষকদের প্রতি সহানুভূতির অভাব কারও নাই। কিন্তু নিখিল বঙ্গ শিক্ষক সমিতি এই শিক্ষকদের উন্নতির জন্য কি করলেন? আমি আজ এই সভাস্থলে এই প্রশ্ন উত্থাপন করলাম। শিক্ষা ও শিক্ষকদের স্বার্থ সংরক্ষণের নামে সমিতির প্রধান কাজ হয়ে ওঠে দলীয় স্বার্থসাধন। এটা আমার নিজের কথা নয়। যিনি সত্যপ্রিয় বাবুর বিশিষ্ট বন্ধু, নিখিল বঙ্গ শিক্ষক সমিতির জনৈক প্রাক্তন প্রধান কর্মকর্তা, যিনি কিছুকাল আগে পর্য্যন্ত নিখিল বঙ্গ শিক্ষক সমিতির সঙ্গে যুক্ত ছিলেন, তাঁরই কথা বলছি। নিখিল বঙ্গ শিক্ষক সমিতির মধ্যে যখন একে একে ভেদের সৃষ্টি হ'ল, তখন সমস্ত শিক্ষক সম্প্রদায় বিপন্ন হল, বিব্রতবোধ করলেন। শিক্ষক সম্প্রদায়ের যদি প্রকৃতই উন্নতি বিধান করতে হয়, তাহলে কেবল সভা সমিতি করলেই হবে না, তাঁদের মধ্যে নিখিল বঙ্গ শিক্ষক সমিতি যে বিভেদের বীজ বপন করেছেন, তা সমূলে উৎপাটন করা দরকার। এই নিখিল বঙ্গ শিক্ষক সমিতি সমস্ত শিক্ষক সমাজের কোন উন্নতির ব্যবস্থা ত করলেনই না।.....

Sj. Satya Priya Roy: Is it relevant, Sir. I must be given the right of reply.

Mr. Chairman: Dr. Bhattacharya, you can refer only to those points which have bearings on the subject.

Dr. Bijanbihari Bhattacharya:

কারণ শিক্ষা ও শিক্ষকদের অবস্থা অত্যন্ত গুরুতর হয়ে দাঁড়িয়েছে আমি সেই সম্পর্কে বলছি। তার সম্বন্ধে বলতে গিয়ে যে প্রসঙ্গ উঠবে, আমি সেই সম্পর্কে বলবো।

Mr. Chairman: You should not bring in a particular organisation except when you are to reply to any statement made about that organisation.

Dr. Bijanbihari Bhattacharya:

আমি আপনার কথা মেনে নিচ্ছি। আমি সত্যপ্রিয় বাবুর প্রশ্নের উত্তরে বলছি। তিনি দেখাতে চাচ্ছেন তিনি একটা বিশেষ প্রতিষ্ঠানের কর্মকর্তা। সত্যপ্রিয় বাবুর কথা বলতে গেলে, সেই প্রতিষ্ঠানের প্রসঙ্গ এসে পড়ে।

Mr. Chairman: Mr. Roy is here as a member of the Council and not as the Secretary of the particular educational institution or association, you should bear that in mind.

Dr. Bijanbihari Bhattacharya:

সত্যপ্রিয় বাবু এর আগের দিনের বক্তৃতায় নিখিল বঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে যে কথা বলেছিলেন আমি সেই প্রসঙ্গে বলছি।

[11-30—11-35 a.m.]

Sjkta. Anila Debi:

মাননীয় সভাপতি মহাশয়! উনি যদি আলোচনা করতে চান তাতে আপত্তি নেই, কিন্তু আমাদেরও জবাব—বিপ্লাই দেবার অধিকার দিতে হবে।

Mr. Chairman: Please do not bring in personalities.

Dr. Bijanbihari Bhattacharya:

আজ রাজ্যের শিক্ষক সমাজের বড় বিপদ এসেছে। এখন শিক্ষক সমাজের বিপদের মূলে নিখিল বঙ্গ শিক্ষক সমিতি ব'লেই আমাকে বলতে হবে। গতকাল আপনি স্যার যে বক্তৃতা দিয়েছিলেন তাতে বলেছিলেন যে শিক্ষকদের মধ্যে সম্মেলন প্রয়োজন।

Dr. Monindra Mohan Chakrabarty:

আপনি কি কালকে চেয়ারম্যান যে বক্তৃতা দিয়েছিলেন সেটা প্রমাণ বলেন "এডুকেশনিষ্ট" হিসাবে?

Sj. Satya Priya Roy: Is that relevant?

Mr. Chairman: In discussing this matter, if he makes out that the condition of the teachers is somehow connected with the All-Bengal Teachers' Association, I think he has a right to say that. But he must not indulge in any personalities.

Sj. Satya Priya Roy: He refers to the speech which appeared yesterday which is irrelevant.

Mr. Chairman: Do not refer to any speech contained in the paper. As I observed earlier this morning, you cannot rely on the newspaper reports to make them the basis of your observations.

Dr. Bijanbihari Bhattacharya:

তাহলে আমি একজন বিশিষ্ট শিক্ষাবিদ যে কথা বলেছিলেন সেই কথার উল্লেখ করি, তাতে কেউ প্রতিবাদ করতে পারেন না।

Mr. Chairman: The convention is that you must not reflect on any speech or observation made by the Chair, because there is no right of reply from the Chair.

Dr. Bijanbihari Bhattacharya:

আমি বিশিষ্ট শিক্ষাবিদের কথা বলছি। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কথা না বোলে বলছি শিক্ষকদের মধ্যে বিভেদ সৃষ্টি করার প্রয়াস হয়েছে। তাঁদের পুঞ্জীভূত অসন্তোষ আজকে পর্ব্বত প্রমাণ হয়ে দেখা দিয়েছে। এই জন্য আলাদা শিক্ষকসমিতি পশ্চিম বঙ্গের মধ্যে আর একটি মাধ্যমিক শিক্ষকসমিতি গঠিত হয়েছে। এই শিক্ষকসমিতির উদ্দেশ্য কি?

(Interruptions.)

Sj. Satya Priya Roy: Is it in order, Sir?

Mr. Chairman: That is quite in order. Please do not interrupt.

[11-35—11-40 a.m.]

Sj. Satya Priya Roy: On a Point of Order, Sir. Already a letter has been written by the Registrar of Joint Stock Companies, asking the West Bengal Teachers' Association as to why they are functioning so illegally. That is why a reference to that separate Association is not all relevant.

Mr. Chairman: That is not a Point of Order, Mr. Roy. Let him go on.

Dr. Bijanbihari Bhattacharya:

এই পরিষদে আমি গোড়ায় বলেছি যে ২।১টা এমন কথা বলা হবে যে তাতে বন্ধুরা আঘাত পাবেন। ২।১ জন বন্ধু যদিও আঘাত পান--কেন না, তিক্ত কথা সব সময়েই আঘাত করে--তবু বলতে হবে। মানুষের মনে স্নেহ, দয়া, মায়া, মমতা আছে, আবার হিংসা, দ্বেষও আছে। এরা হিংসা, দ্বেষে উত্তেজিত হয়ে দেশের ছাত্র সমাজকে ও শিক্ষক সমাজকে বিপথে পরিচালিত করছেন। শিক্ষকেরা কল্যাণের পথে অগ্রসর হতে চান, সেই পথে পদে পদে বাধা দিলে কি কোরে তাঁরা অগ্রসর হবেন। ছোট ছোট দু একটি দৃষ্টান্ত দিলে বুঝতে পারবেন। অভিভাবকদের দুরবস্থার কথা কেউ কেউ বলেছেন। কিন্তু সেই অভিভাবকদের দুরবস্থা কি গভর্ণমেণ্ট এনে দিয়েছেন? গভর্ণমেণ্ট কি বলে দিয়েছেন যে প্রত্যেক স্কুলে ৯৲ টাকা কোরে মাহিনা করতে হবে? এই শিক্ষকসমিতির অন্তর্গত এমন সব বিদ্যালয় আছে যেখানে ক্লাস ওয়ান থেকে ক্লাস টেন পর্য্যন্ত মাহিনা হয়ে গেছে ৯৲ টাকা। এই শিক্ষকসমিতির অন্তর্গত এমন অনেক বিদ্যালয় আছে যে সমস্ত বিদ্যালয়ের সঙ্গে শিক্ষকসমিতির যোগ আছে, যেখানে তাঁদের বইগুলি রীতিমত বিক্রী হয়ে থাকে এই সমস্ত বিদ্যালয়ে--বছরের গোড়ায় হুকুম হ'ল প্রতি ক্লাসে ৯৲ টাকা বেতন হবে--কলেজে ৮।৯৲ টাকা ক'রে বেতন নেওয়া হয়, আর এই বিদ্যালয়ে ৯৲ টাকা। আর বইএর তালিকায় যদি লক্ষ্য করেন, তা দেখবেন অভিভাবকদের উপর যে কি উৎপীড়ন হচ্ছে তার ইয়ত্তা নাই। বইএর তালিকা কি রকম। একটা ক্লাস টু এর বই গভর্ণমেণ্ট থেকে যে পাঠ্য তালিকা নির্দ্দিষ্ট কোরে দেওয়া হয়েছে তার মূল্য ।।০--।।৵০ আনার মধ্যে কিন্তু আমার কাছে তালিকা রয়েছে ক্লাস টু এর বই এর।

দেশের যে কোন শিক্ষক সমিতি যাঁরা সত্যিকারের শিক্ষার দিক থেকে কিছু করতে চান তাঁদের অনুরোধ করি তাঁরা এগিয়ে আসুন; তাঁরা গভর্ণমেণ্টের সহায়তা করুন বা না করুন তাঁরা যান নিজেদের কর্ম্মক্ষেত্রে তাঁরা স্কুলে স্কুলে যান, এবং যাঁরা শিক্ষক এবং বিশেষ কোরে প্রধান শিক্ষক তাঁদের বুঝিয়ে বলুন যে শুধু এত বড় তালিকা দিলে চলবে না। অধ্যক্ষ মহাশয়! আমার কাছে একটা তালিকা আছে, সে তালিকা আমি এখানে উপস্থাপিত করতে পারি--একটা ক্লাস নাইনএর পাঠ্য তালিকা। তাতে ফর হোম ষ্টাডি বলে প্রায় ১৫ খানা বইএর নাম আছে। কিন্তু "হোম্ ষ্টাডি" বল্‌তে কি বুঝায়? ফর হোম ষ্টাডি--তার মানে কি? মানে যে বই নিয়ে হোমে পড়তে পারে। তার অর্থ বোঝা কঠিন নয়। ১০ খানা অতিরিক্ত বই--যে বই সে কোন দিন পড়বে না, তা

কেন নিয়ে যেতে হবে। আমাদের মধ্যে এই যে অসাধুতা--এই অসাধুতা থেকে প্রতিনিবৃত্ত হতে হবে। সত্যপ্রিয় বাবু চেষ্টা করলে অনেক অভিযোগ দূর করতে পারেন; কিন্তু তাঁর যে প্রতিষ্ঠান সে প্রতিষ্ঠান একটা প্রকাশকের প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। বইএর কারবার কোরে কি শিক্ষক সমাজের উন্নতি করা যায়?

এখানে আমার কাছে কতকগুলি বই আছে; আমি যার কথা বলছি সেই প্রতিষ্ঠান থেকে বড় বড় শিক্ষার উপযোগী বিশেষজ্ঞদারা লিখিত--শিক্ষকের উপযোগী এবং ছাত্রের উপযোগী ভাল ভাল বই বার কোরে দেশের লোকের কাছে সমিতি নিয়ে আসতে পারেন। কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রেস থেকে অনেক বড় বড় বই বেরোয়। তার দাম বেশী, সকলে কিনতে পারে না; কিন্তু সেই সমস্ত বই সমস্ত দেশের শ্রদ্ধা অর্জ্জন করেছে। সেইরকম বইএর ব্যবস্থা তাঁরা করেছেন। কিন্তু এঁরা সমালোচনা করবেন বড় বড "টেষ্ট পেপার" বার কোরে। "টেষ্ট পেপার" দিয়েই তাঁরা দেশের শিক্ষা ব্যবস্থার উন্নতি করবেন তার পর হ'ল "মেড ইজি সিরিজ"--এই মেড্ প্রভৃতি সম্পর্কে দেশের সমস্ত শিক্ষিত লোক--সমস্ত পণ্ডিত সমাজ একমত। তাঁরা বলছেন যে এই মেড ইজি, এই নোট যত বিপত্তির, যত অনিষ্টের মূল। আমরা ছেলেদের পড়াচ্ছি কিন্তু তাদের তাড়াতাড়ি কোন রকমে গিলিয়ে দেবার জন্য নানারকম "মিষ্টিবিয়াস সিরিজ, সিকরেট সিরিজ" আছে—আরও বিবিধ "সিরিজ" আছে। তার মধ্যে অংশ গ্রহণ করেছেন নিখিল বঙ্গ শিক্ষক সমিতির শিক্ষকেরা এবং নাম গোপন কোরে। এটাতে আমার অত্যন্ত দুঃখ লাগে। আমি বলছি শিক্ষক যে পথে কাজ কোরে যাবেন সে পথ থেকে কেউ যদি তাঁকে সরিয়ে আনার চেষ্টা করে, তাঁকে নিকৃষ্ট পথে যেতে প্রলুব্ধ করে তাহলে কি কোরে চলবে? "সেকেণ্ডারী টীচার্স এসোসিয়েশন", "প্রাইমারী টীচার্স এসোসিয়েশন" প্রভৃতি শিক্ষক প্রতিষ্ঠানের পক্ষে এরকম বই লেখান কি সংগত? কোন কোন প্রকাশক বই বিক্রীর জন্যে শিক্ষকদের ৩০।৪০।৫০ পার্সেণ্ট কমিশন দিয়ে থাকেন। কেউ কেউ বিজ্ঞাপন চালিয়ে থাকেন যে আমার বই যদি লও তবে ৩০।৪০।৫০ পার্সেণ্ট কমিশন পাইবে, ইহার অধিক যদি কেহ দেয় তাহলে জানিবে সে অসাধু। এই রকম বিজ্ঞাপন! স্যার। অল বেঙ্গল টীচার্স এসোসিয়েশনএর মত একটা প্রতিষ্ঠানও যদি নিজেদের ঐরকম মুনফাখোর প্রকাশক দলের পর্যায়ে ফেলেন সেটা কি তাঁদের পক্ষে গৌরবের কথা? এই প্রতিষ্ঠান থেকে ছেলেদের অভিভাকদের উপর কি উৎপীড়ন হচ্ছে দেখুন। এই টেষ্ট পেপার তার দাম করা হয়েছে ১ টাকা। তাছাড়া আরও বই আছে যেমন "ইংলিস মেড ইজি" "ম্যাথেমাটিক্স মেড ইজি" ৸০ আনা, স্যাংস্কৃট মেড ইজি ১৷৷০ টাকা, জিওগ্রাফি মেড ইজি ৸০ আনা, এই যে ৫৲৷৷০ টাকা "মেড ইজি" এর মূল্য কে দিচ্ছে? SJ. NARENDRANATH BAGCHI: "Why not life made easy"?) সব কাছ থেকে নেওয়া হচ্ছে? অভিভাবকদের কাছ থেকে নয় কি? ছেলে মেয়ের জন্য অভিভাবকদের বাধ্য হয়ে "মেড ইজি" কিনতে হয়। প্রকাশক অল বেঙ্গল টীচার্স এ্যাসোসিয়েশন এমনভাবে লোভ দেখাচ্ছেন যে না কিনে উপায় নেই। কারণ, বলা হচ্ছে এমন বই আর হয় না, এই বই "Edited by a Board of Expert Teachers". নাম দেওয়া হচ্ছে না? কত বড় অসাধুতা দেখুন।

11-40—11-45 a.m.]

Sj. Satya Priya Roy: I protest against that. The speaker must quote some authority.

Mr. Chairman: I think he is speaking on the educational policy as it is being pursued in this State, and he is quite in order.

Dr. Bijanbihari Bhattacharya:

এই সবে অল বেঙ্গল টীচার্স এ্যাসোসিয়েশনএর নাম লেখা আছে। যদি চান, আমি তার জন্য প্রস্তুত হয়েই এসেছি, এই দেখুন [একখানি বই দেখাইয়া] এখানে লেখা আছে অল বেঙ্গল টীচার্স এ্যাসোসিয়েশন স্কুল ফাইন্যাল গাইড মেড্ ইজি, টেষ্ট পেপার, এ্যান্সার টু কোশ্চেনস, ম্যাথ্‌ম্যাটিক্স ১৯৫৩ এবং সেখানে নানারকম বিজ্ঞাপনও দেওয়া হয়েছে। আমি সেটা আপনার টেবিলেও পেস্ করতে পারি, যদি পড়বার কোন অথরিটী এখানে না থাকে। এ শুধু অভিভাবকদের উপর পুঁথির বোঝা চাপান হবে। তাতে বিজ্ঞাপন থাকে এই বই বড়লে পাস করে যাবে, বার অমুক সাজেষ্টেড্ কোশ্চেন পড়েছে, তমুক পড়েছে, ইত্যাদি। (শ্রী বিজয় সিং নাহার: ওটা তাহলে কারবারী প্রতিষ্ঠান!)

হ্যাঁ। এ বইতে আরও বিজ্ঞাপন দেওয়া হয়েছে। ছাত্রদের জন্য বিজ্ঞাপন দিচ্ছেন "এত ছাত্র ইংরেজীতে ফেল করে কেন? অধিকাংশ ছাত্র দেখা যায় গোড়ায় কাঁচা থাকে। তাদের এই এই সব মুখস্থ করা ও মনে রাখা উচিত"—ইত্যাদি। তারপর আছে "হাউ টু রাইট কারেক্ট ইংলিস--বাই য়্যান্ এক্সপিরিয়েন্সড্ প্রুফেসর। সব সম্ভ্রান্ত দোকানে পাওয়া যায়"। এই সমস্ত বিজ্ঞাপন সংগ্রহ করেও তাঁরা প্রচুর অর্থ উপার্জন করেন। এই পুস্তকে বিশেষত্ব বলে তাঁরা অনেক কথা লিখেন। যেমন "স্কুল ফাইন্যাল কম্পার্টমেণ্টাল পরীক্ষা ডিসেম্বরে গৃহীত সমস্ত পরীক্ষার প্রশ্ন পত্র ইহাতে সন্নিবেশিত হইয়াছে, সাবষ্ট্যান্স রাইটিংএর হিণ্ট্স্ও দেওয়া হইয়াছে। পরীক্ষায় পা করবার এই রকম সুযোগ ও সুব্যবস্থা আর কোথাও নাই"। তাঁরা অভিভাবকদের কি করে সাহায্য করবেন সেজন্য কাঁদছেন। আমি বিভিন্ন কাগজ থেকে আর এডিটরিয়্যাল পড়ে শোনাতে চাই না। তা অনেক আছে পড়ে শোনাতে গেলে অনেক সময় নষ্ট হবে। অভিভাবকদের দুঃখের কথা শুনবার সময় সমিতির নাই। দু-একটা ষ্টেট্মেণ্ট শিক্ষক-সমিতি কাগজে প্রকাশ করলেই তাঁদের সব কর্তব্য ফুরিয়ে গেল। বাড়ীতে চিঠি চলে গেল। আ মাসের মাইনে চলে এল।

সরকার সর্তসাপেক্ষে যে ১৭।।০ টাকা হিসেবে মহার্ঘ ভাতা দিচ্ছেন, তারজন্য কলকাতার স্কুলের কর্তৃপক্ষ চিন্তিত নয়। কলকাতার বড় বড় স্কুলে শিক্ষকদের ১৭।।০ টাকা বেশী মহার্ঘ ভাতা স্কুল থেকে দেওয়া হয়। সেখানে প্রতিদিন ছাত্রদের মাইনে বৃদ্ধি পাচ্ছে। যদি ১৭।।০ টাকার কিছু অংশ কম হয় সেটুকু তাঁরা চালিয়ে দিবেন। এই ১৭।।০ টাকার জন্য যে সর্ত আরোপ করা হয়েছে, আমি এখানে শিক্ষা মন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করবো গ্রামের স্কুলের প্রতি দয়া করুন, গ্রামের স্কুলগুলিতে এই সর্ত আরোপ করবেন না। গ্রামের স্কুলগুলিকে নিতান্ত অসৎ পথ অবলম্বনের হাত থেকে উদ্ধার করুন। অনেক সময় যা খাতায় লিখিত হয়, তা শিক্ষকরা পান্না। সর্ত থেকে মুক্তি না দিলে এই ১৭।।০ টাকাও তাঁরা পাবেন না।

(At this stage blue light was lit.)

[11-45—11-50 a.m.]

Mr. Chairman: You have spoken for 35 minutes. Try to finish quickly

Dr. Bijanbihari Bhattacharya:

আর বেশী কিছু বলবো না। সত্যপ্রিয় বাবু এটাকে ব্যক্তিগত আক্রমণ বলে মনে করবেন না বলে আশা করি। সমস্ত শিক্ষক সমাজের যে দুরবস্থা ও অভিভাবকদের যে দুরবস্থা দাঁড়িয়েছে, তার কথা চিন্তা করে এই তথ্যগুলি আজ এই পরিষদের সামনে উপস্থাপিত করলাম।

আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। কলেজীয় শিক্ষা সম্বন্ধে রাজ্যপাল মহাশয় মাত্র তিনটি প্রতিষ্ঠানের নাম করেছেন। তিনি ভবিষ্যতের কথা বলেননি। ইতিমধ্যে যে কাজ হয়েছে তার বিবরণ দিয়েছেন। উচ্চতর শিক্ষার দিকে সরকার অমনোযোগী নন্। বিশ্ববিদ্যালয়ে যে সমাবর্তন ভাষণ দিয়েছেন তাতে সরকারের যে উচ্চতর শিক্ষার প্রতি মনোযোগ আছে সে কথা ব্যক্ত করেছেন। আমাদের ভারতের প্রধান মন্ত্রী সর্বভারতীয় যে সমাবর্তন উৎসব হয়ে গেল, তাতেও আমাদের দেশের শিক্ষা সম্পর্কে বলেছেন। এই উভয় ভাষণের মধ্যে মতের মিল আছে।

তারপর যদি সেকেণ্ডারী স্কুলে ক্লাস ইলেভেন পর্য্যন্ত হয়, তাহলে প্রাইভেট কলেজের দুরবস্থা আসবে। প্রাইভেট কলেজের দিকে ইতিপূর্বে কেউ তাকায় নি। ভবিষ্যতে তার একটা বিপদ আসছে।

Mr. Chairman: Professor Bhattacharya, that point has not been raised by anyone.

Dr. Bijanbihari Bhattacharya:

কলেজীয় শিক্ষার উন্নতি সম্পর্কে একথা বলা বোধ হয় অবান্তর হবে না যে কলেজের শিক্ষকদের দিকে আমাদের সরকারের যেটুকু দৃষ্টি দেওয়া উচিত ছিল, তা সরকার দেন নি। গতবার সেকেণ্ডারী স্কুলে ৭।।০ টাকা মহার্ঘ ভাতা বাড়ান হয়েছিল কিন্তু বেসরকারী কলেজের শিক্ষকদের জন্যে মাসিক ২।।০ টাকা মহার্ঘ্য ভাতা বাড়ানো হয়েছে। এটা কলেজীয় শিক্ষা সম্বন্ধে সরকারের যে উদাসীন্য এবং উপেক্ষা প্রকাশ করছে সেটা মোটেই শোভন নয়। ২।।০ টাকা মহার্ঘ্য ভাতা বাড়িয়ে তাঁরা অধ্যাপকদের অসম্মান করেছেন। এঁরা দল বেঁধে ধর্মঘট করেন নি সরকারকে বিব্রত করবার চেষ্টা করেননি। এই কি তার পুরস্কার। তাঁদের মহার্ঘ ভাতার দিকে শিক্ষা মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি সরকারের শুভবুদ্ধির কাছে এ আবেদন ব্যর্থ হবে না।

[11-50—11-55 a.m.]

Janab Abdul Halim:

মিঃ চেয়ারম্যান, স্যার, মাননীয় রাজ্যপাল সেদিন যে ভাষণ দিয়েছিলেন সেই সম্পর্কে আমি কতকগুলি য়্যামেণ্ডমেণ্ট দিয়েছি এবং মাননীয় সদস্য বিজন ভট্টাচার্জি মহাশয় প্রথমে বললেন যে নারীদের সম্পর্কে বিশেষ য়্যামেণ্ডমেণ্ট আনায় অন্যায় হয়েছে। এই নারীদের সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কিছু বলা উচিত ছিল, কিন্তু তার কোন উল্লেখ নাই। রাজ্যপাল মহাশয় পশ্চিম বাংলার একটা সামগ্রিক অবস্থার বর্ণনা দিয়েছেন যে বাংলাদেশে সর্ব্ব বিষয়ে উন্নতি হয়েছে—খাদ্য সমস্যা, শিক্ষা, সংস্কৃতি, বেকারী, কৃষি সমস্যা, দুগ্ধ এবং মৎস্য সমস্যা পর্য্যন্ত সমস্ত কিছুর সমাধান হয়ে গিয়েছে। কিন্তু বাস্তব অবস্থা কি? আমরা দেখছি কংগ্রেসী রাজত্বে পশ্চিম বাংলার দারিদ্র্য এবং বেকারী ক্রমে বেড়ে যাচ্ছে। সাধারণ মানুষের ক্রয়-ক্ষমতা ও জীবনযাত্রার মানের অবনতি ঘটেছে। সংখ্যাতত্ত্বের হিসাব আর উল্লেখ করতে চাচ্ছি না, সরকারী রিপোর্টে সেগুলি বেরিয়েছে।

[11-55—12.]

মিঃ চেয়ারম্যান, স্যার, মাননীয় রাজ্যপাল মহোদয় তাঁর ভাষণে পশ্চিম বাংলার সর্ব্ববিধ উন্নতির যে বর্ণনা দিয়েছেন তা অবাস্তব। বাস্তব অবস্থার সাথে তার এতটুকু মিল নেই।

রাজ্যপাল মহাশয়ের ভাষণে দেখান হয়েছে যে কংগ্রেস গভর্ণমেণ্ট খাদ্য, চাকুরী, স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, দুগ্ধ ও মৎস্য প্রভৃতি সমস্যার সমাধান করে ফেলেছেন। কিন্তু প্রকৃত অবস্থা কি?

আমরা দেখেছি কংগ্রেসী রাজত্বে পশ্চিম বাংলায় দারিদ্র্য ও বেকারী ক্রমশঃই বেড়ে চলেছে। সাধারণ মানুষের ক্রয়-ক্ষমতার এবং জীবনযাত্রার মানের অবনতি ঘটেছে। মধ্যবিত্তদের মধ্যে বেকারীর সংকট বাড়ছেই।

মাননীয় রাজ্যপাল মহাশয় বলেছেন খাদ্যপরিস্থিতির উন্নতি হয়েছে কিন্তু তাহাতে সরকারের কোন কৃতিত্ব নেই। গত দুই বছর ভাল জলবৃষ্টি হওয়ায় ধানের উৎপাদন বেশী হয়েছে, কিন্তু সঙ্গে সঙ্গে প্রাকৃতিক দুর্ঘটনায় ও বন্যায় কয়েকটি জেলায় এবছর ফসল কম হয়েছে। খাদ্যের অবস্থার কিছু উন্নতি হলেও ক্রয়ক্ষমতার অভাবে গরীব মানুষ চাউল কিনতেই পারে না। প্রত্যেক জিলায় কিছুটা সংকট লেগেই রয়েছে। বর্ত্তমানে গ্রামাঞ্চলে চাউলের দাম বাড়তে আরম্ভ করেছে। এখনই মেদিনীপুর জেলায় ফসলহানির ফলে খাদ্যসংকট দেখা গিয়াছে। মেদিনীপুরের ম্যাজিষ্ট্রেট্ কৃষক ডেপুটেশনের সামনে খাদ্যসংকটের কথা স্বীকার করেছেন।

কৃষকের জমির সমাধান হয়নি, জমিহীন কৃষক ও ক্ষেত মজুরদের অর্থনৈতিক অবস্থার কোন উন্নতি হয়নি। জমিদারী হস্তান্তরের পরে হাজার হাজার কৃষক জমিদার জোতদার কর্ত্তৃক জমি হতে উৎখাৎ হয়ে চরম দুরবস্থার সম্মুখীন হয়েছেন। ভাগচাষীদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করে হয়রান করা হচ্ছে।

সুন্দরবন অঞ্চলে এবং ২৪-পরগণা জেলার সর্ব্বত্রই ব্যাপক ধরপাকড়, গ্রেপ্তার চলছে। ১২ শতেরও বেশী কৃষক ও কৃষক কর্ম্মীর বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা জারী করা হয়েছে। ভাগচাষের ধান খামারে তোলার ব্যাপারে ১০৭ ধারা ও ১৪৪ ধারা জারী করা হয়েছে। পুলিশ, জমিদার ও জোতদারদেরই সমর্থন করছে। পুলিশী জুলুম অবাধেই চলছে এবং বর্গাদারদের উপর অত্যাচার ও উচ্ছেদ চলছে। রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে কমিউনিটি উন্নয়ন প্রজেক্ট, গ্রামোন্নয়ন, রিভারভ্যালী প্রোজেক্ট প্রভৃতির সাফল্যের কথা বলেছেন। কিন্তু পঞ্চবার্ষিকী পরিকল্পনার চতুর্থ বৎসরে সমাজের শতকরা ৭০ জন মানুষ—কৃষকের ক্রয়-ক্ষমতা কমে গিয়েছে। কৃষিপণ্যের দর কমেছে এবং শিল্পজাত পণ্যের দাম বেড়েছে।

ময়ূরাক্ষী পরিকল্পনার মারফতে ৭২,১২৯ একর জমিতে জল সেচের ব্যবস্থা হয়েছে কিন্তু কি পরিমাণ ফসল বৃদ্ধি হয়েছে তার উল্লেখ নেই। অথচ একর প্রতি ১০ টাকা উন্নয়নকর এ্যাস্ট করা হয়েছে। প্রোজেক্ট অঞ্চলের অধিবাসীদের জীবনে এতটুকু শান্তি আসে নাই। কংগ্রেসের মাতোব্বর, জমিদারী ও সরকারী পেটোয়া লোকেরাই সব সুবিধা ভোগ করছেন। গরীব গরীব হচ্ছে, ধনী আরো ধনী হচ্ছে। কৃষককে জমি না দিয়ে, ব্যাপক শিল্প উন্নয়নের ব্যবস্থা না কোরে এবং জমিদার জোতদারদের স্বার্থকে অক্ষুন্ন রেখে সমাজ জীবনে উন্নতি আনা অসম্ভব। মাকিনী পরিকল্পনায় কমিউনিটি প্রোজেক্টের হাজার হাজার টাকা তলিয়ে যাচ্ছে বড়লোকেদের পকেটে।

মাননীয় রাজ্যপাল মহাশয়, চিকিৎসা ব্যবস্থার উন্নতি ও স্বাস্থ্য কেন্দ্র নির্ম্মানের কথা উল্লেখ করেছেন। পশ্চিম বাংলায় ১৬৬ স্বাস্থ্যকেন্দ্র থেকে ১৮৪টি হয়েছে। ২,০০০ স্বাস্থ্য-কেন্দ্র নির্ম্মানের পরিকল্পনাকে কার্য্যকরী করতে ২৫।৩০ বৎসর লাগবে।

কলিকাতা শহরেই একলক্ষ পঁচিশ হাজার যক্ষা রোগী রয়েছে। সারা বাংলায় যক্ষারোগীর সংখ্যা ৪ লক্ষ ৫৭ হাজার। কলেরা, বসন্ত, টাইফয়েড প্রভৃতি রোগে শত শত লোক মরে। হাসপাতালে রোগীর ভিড়—মাইলব্যাপী

কিউ লেগে থাকে। সিটের অভাবে রোগী ভর্ত্তি করা হয় না। হাসপাতালের অব্যবস্থার কথা সকলেই জানেন। জনস্বাস্থ্যের ও পল্লী উন্নয়নের সাফল্য বিষয়ে প্রচার প্রদর্শনী প্রভৃতি খুব দেখান হয়েছে। কিন্তু প্রকৃত ঘটনা কি?

[11-55—12 noon.]

আমি এখানে একটা বিষয় উল্লেখ করতে চাই তাতে থেকেই পল্লী উন্নয়ন ও জনস্বাস্থ্যের স্বরূপ বুঝা যাবে। বর্দ্ধমান জেলার আউস গ্রাম থানার অন্তর্গত বাহাদুরপুরের দক্ষিণ অংশে বাউড়ী পাড়ায় পানীয় জলের অভাবে লোকের কষ্টের সীমা নেই। সেখানে দশ বছর পূর্ব্বে ৬০।৭০ ঘর লোক বাস করত; বর্ত্তমানে সেখানে ৪।৫ ঘর লোক বাস করে। মৃত্যু ও মহামারীতে গ্রাম উজাড় হয়েছে, লোকে গ্রাম ছেড়ে পালিয়েছে। কর্ত্তৃপক্ষের নিকট আবেদন নিবেদন কোরেও দরিদ্র তফশীলী অধিবাসীরা একটা টিউবওয়েল আদায় করতে পারে নি। গ্রীষ্মকালে পুকুরের ঘাট শুকিয়ে যায়, দারুণ জলাভাব হয়। কিন্তু গরীব নিম্ন শ্রেণীর মানুষ প্রতিকার পায়না। জমিদার, মহাজন ও ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্টরাই গ্রাম্য জীবনের উপর প্রভুত্ব করে এবং জনসাধারণের টাকা নিয়ে ছিনিমিনি খেলে। দুর্নীতির চূড়ান্ত করে। এই সব স্বার্থান্বেষী লোকেরা যতদিন গ্রামের ভাগ্যনিয়ন্তা থাকবে, ততদিন গ্রামোন্নয়ন কাগজপত্রেই থাকবে এবং টাকার শ্রাদ্ধ হবে।

মাননীয় রাজ্যপাল মহাশয় বেকারী বৃদ্ধির কথা স্বীকার করেছেন এবং তাঁর সরকার কিভাবে বেকারসমস্যা সমাধানে তৎপর তার উল্লেখও করেছেন। বেকারসমস্যা সমাধানকল্পে ৮,৫০০ শিক্ষিত মধ্যবিত্তকে প্রাইমারী শিক্ষকের কাজ দেওয়া হয়েছিল গত বছর—এই বছর সংখ্যা বেড়েছে ১৩,৫০০। তাহা ছাড়া ষ্টেট ট্র্যান্সপোর্ট সার্ভিসে ৩,৮০০ লোককে চাকুরী দেওয়া হয়েছে কিন্তু বেকার সংখ্যার হিসাবের দিকে তাকালে ভয়াবহ ছবি ভেসে ওঠে।

পশ্চিম বাংলায় ৭টা সূতাকল বন্ধ হয়েছে এবং ৭,০০০ হাজার লোক বেকার হয়েছে।

সওদাগরী অফিসে ১৩ শত লোক বেকার হয়েছে। জমিদারী উচ্ছেদের ফলে ৮০,০০০ হাজার বেকার হবে। সরকারী বেকারী সার্ভে রিপোর্টেই দেখা যায় কলিকাতা শহরেই বেকারী সমস্যা ভীষণ আকার ধারণ করেছে

অর্থাৎ বেকার এবং আধা বেকার ১ লক্ষ ৯ হাজার। ৩৭৮,৪০০ লোক চাকুরী খুঁজছে। ৩৬৮,০০০ চাকুরী প্রার্থীর মধ্যে ২২২,৭০০ জন নন্ ম্যাট্রিক, ৫৯,৪০০ জন ম্যাট্রিক, ১৭,৪০০ ম্যাট্রিকের উপরে এবং ১৫,৪০০ গ্রাজুয়েট। ৭১ হাজার ৪০০ কারিগরী শিক্ষায় শিক্ষিত এবং ১৯,৯০০ ডিপ্লোমা আছে। গ্রামাঞ্চলে মধ্যবিত্ত, কৃষক, নারীদের মধ্যে বেকারের সংখ্যা ধরলে আরো কয়েক লক্ষ দাঁড়াবে। ২ কোটী ৪৮ লক্ষ লোকের মধ্যে ১।৩ বেকার। কারখানায় শ্রমিক ছাঁটাই রেশানালিজেশনেও অনেক শ্রমিক বেকার হচ্ছে। বিশেষকরে রেশন ডিপার্টমেণ্টে বেশ কয়েক হাজার লোকের চাকুরী যাচ্ছে। প্রতি তিন জন কর্ম্মক্ষম ব্যক্তির মধ্যে ১ জন বেকার

এই সব বেকারীদের কর্ম্ম সংস্থানের জন্য কোনো সুনির্দ্দিষ্ট সরকারী পরিকল্পনা নাই। সার্ভে রিপোর্টেই উল্লেখ করা হয়েছে, ২২৭,০০০ লোক ম্যানুয়েল লেবার করতে রাজী। কিন্তু মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয় বলেছিলেন মধ্যবিত্ত বাঙালীরা দৈহিক শ্রম করতে চান না। সার্ভে-রিপোর্ট কিন্তু অন্য কথা বলে। বেকাররা চাকুরীর ব্যবস্থা করার জন্য আন্দোলন করলে জন কল্যাণকর রাষ্ট্রের নামে আন্দোলন দমন করা হয়, না হয় কমিউনিষ্ট উস্কানী বোলে দমন নীতি চালান হয়। তা ছাড়া পুলিশের সম্পর্কে তাদের জন্য ৬৫ লক্ষ টাকা অধিক খরচ হবে—তারা ধর্ম্মঘট করেছিল; তারজন্য ২০০ লোককে ছাঁটাই এবং জেলা থেকে বারকোবে দেওয়া হয়েছে। আমি পুলিশের কাজের সমর্থন করছি না, কিন্তু নিম্ন কর্ম্মচারীদের টাকা কমিয়ে দিয়ে উপরের কর্ম্মচারীদের মাহিনা বাড়ান হচ্ছে।

[12—12-5 p.m.]

আর একটা কথা। আমাদের জেলা পার্টিশান হওয়ার পর $\frac{১}{৩}$ অংশ নদীয়ায় এবং $\frac{২}{৩}$ অংশ পাকিস্তানে চলে গেছে। খণ্ডিত জেলার জনসংখ্যা পূর্বে ছিল ৮ লক্ষ এবং সেটা ছিল ঘাটতি, তারপর এই নদীয়া জেলায় ৭ লক্ষ রিফিউজি আশ্রয় নিয়েছে। কাজেই সেই অঞ্চলের অবস্থা খাদ্যের দিক দিয়ে কত সঙ্গীন এটা সহজেই বোঝা যায়। কিন্তু বড় আনন্দের কথা যে আমরা পূর্বে যা কখনও দেখিনি, এই জেলা বরাবর বর্দ্ধমান, কোন কোন সময়ে বার্মা থেকে চাল আনত কিন্তু গত বছর আমাদের এই জেলায় যা উৎপন্ন হয়েছে, হয়ত সামান্য কিছু ঘাটতি হবে, ১৪ আনা অংশ আমাদের জেলায় প্রস্তুত হয়েছে। এটা খুব আনন্দের কথা নয়? অন্ততঃ আমি ছোট বেলা থেকে—আমার প্রায় ৬০ বছর বয়স হল—দেখছি প্রত্যেকবার বর্দ্ধমান, দিনাজপুর এইসব অঞ্চল থেকে চাল আসতো, বার্মা থেকে চাল আসতো তবে আমাদের খাবার সম্পূর্ণ হত কিন্তু গত বছর থেকে আমাদের সামান্য অংশ কাটোয়া-বর্দ্ধমান থেকে নিয়ে আমরা খাদ্যে প্রায় স্বয়ংসম্পূর্ণ হতে পেরেছি। এটার প্রধান কারণ হচ্ছে ভাল সার জমিতে ব্যবহার করার দরুন এবং লক্ষ লক্ষ রিফিউজি এসে যেসব অনাবাদী জমি পড়েছিল সেইসব জমি আবাদ করেছে। শাকসব্জী, তরিতরকারী প্রভৃতি অন্যান্য ফসল, পাট এবং ধানের উৎপাদন অনেক পরিমাণে বেড়ে গিয়েছে। সবচেয়ে যেটা অভাব নদীয়ায় এবং মুর্শিদাবাদের সেটা হচ্ছে ইরিগেশন। আজ যদি ইরিগেশনের উপর একটু দৃষ্টি দেওয়া যায় তাহলে আমাদের জেলায় ঘাটতি থাকবে না। আমাদের নদীয়ার এইসব অঞ্চল মুর্শিদাবাদের কিছু অংশ সারপ্লাস এরিয়াতে পরিণত হবে যদি ইরিগেশনের উপর লক্ষ্য দিই। জলাঙ্গী নদীর উৎসমুখে প্রায় ১৫।২০ মাইল জমিতে চাষ হচ্ছে, গঙ্গা ব্যারেজ হলেও জলাঙ্গীর মুখ যদি পরিষ্কার না করি তাহলে কোন উপকার হবে না এবং জলাঙ্গীর মুখ যদি আমরা পরিষ্কার করে দিতে পারি, সেদিকে যদি একটু দৃষ্টি দেওয়া যায়, তাহলে নদীয়ার খাল-বিল, ছোট ছোট নদী, যেমন চুর্ণী প্রভৃতি অনেক নদী এই জল পাবে এবং খালবিলগুলি জলে ভর্ত্তি হবে। এর ফলে ইরিগেশনের সুবিধা হবে এবং আমাদের অনেক সমস্যার সমাধান হবে। এদিক দিয়ে আপনার মাধ্যমে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি বিশেষভাবে এই বিষয়ে আকর্ষণ করছি। তারপর রিলিফ রিহ্যাবিলিটেশন সম্বন্ধে, যেটা বাংলাদেশের সবচেয়ে জটিল সমস্যা, সে সম্বন্ধে ২।১টি কথা বলবো। আজকে তাহেরপুর প্রভৃতি জায়গায় বড় বড় যে সমস্ত কলোনী গভর্ণমেণ্টের প্রচেষ্টায়ই হোক বা অন্যের প্রচেষ্টাতেই হোক আছে, সেই সব অঞ্চলে যদি বিগ ইণ্ডাষ্ট্রী ও কটেজ ইণ্ডাষ্ট্রী স্থাপন করা না যায় তাহলে বেকার-সমস্যা কখনও সমাধান হতে পারে না। এই সম্পর্কে আমরা ষ্টেট গভর্ণমেণ্টের কাছে রিপ্রেজেণ্টেসন করেছি, এবং গত জুলাই মাসেতে আমাদের স্কীম মাননীয়া মন্ত্রী শ্রীযুক্তা রেণুকা রায়ের নিকট পেশ করা হয়, এবং পার্টি মিটিংয়ে পর্য্যন্ত আশ্বাস দেওয়া হয়েছিল যে ইণ্ডাষ্ট্রী ও রেলওয়ে ষ্টেশন তাহেরপুরে হবে। ষ্টেশনটা হয়েছে, কিন্তু বিগ ইণ্ডাষ্ট্রী সম্বন্ধে আমাদের যে দাবী সেটা সেণ্ট্রাল গভর্ণমেণ্ট টার্ণ ডাউন করে দেন; ও তার ফলে সেখানকার জনসাধারণের মধ্যে অসন্তোষ বৃদ্ধি পায়; তারপর অনবরত তাগিদের ফলে এই পরিকল্পনা গ্রহণ করেছেন। কিন্তু, এখানে একটা আশঙ্কা দেখা দিয়েছে, এবং তার কারণ যে, তাঁরা যে স্কীম বা পরিকল্পনা নিয়েছেন তাতে ক্যাপিটালিষ্টদের মূলধন আছে—অর্থাৎ তাঁদের নিজেদের অর্থ এবং সরকারী অর্থ এই সমস্ত দিয়ে মিল গড়তে হবে, কিন্তু তা তাঁরা করছেন না। তার কারণ তাঁরা আশঙ্কা করছেন আমাদের অন্যান্য বন্ধুরা যেরকম আওয়াজ তোলেন, আন্দোলন করেন, শোভাযাত্রা করে মিল প্রভৃতি ঘেরাও করেন; এবং তারই জন্য তাঁরা তাঁদের মূলধন নিয়োগ করতে ভয় পাচ্ছেন—এই একটা পরিস্থিতি সৃষ্টি হচ্ছে। যাঁরা এই ধরণের সুযোগ নিয়ে লোককে বিভ্রান্ত করবার জন্য আওয়াজ তোলেন আমি মনে করি তাঁরা দেশকে কল্যাণের পথে নিয়ে যাচ্ছেন না, বরং অকল্যাণের পথে নিয়ে যাচ্ছেন। আমাদের সর্বপ্রথম কাজ হচ্ছে পুনর্বসতির কাজ, কিন্তু সেখানে যদি সর্বদা একটা আশঙ্কা থাকে যে এরা একটা গোলমাল বাঁধিয়ে দেবে কিম্বা অশান্তি সৃষ্টি করবে তাহলে সেখানে কোন স্থায়ী গঠনমূলক কাজ হতে পারে না। আমি বিশ্বাস করি এইরকম করে রিফিউজিদের অভাব-অভিযোগের সুযোগ নিয়ে যাঁরা

এইভাবে পরিচালনা করেন তাদের পুনর্বসতি কাজের প্রতিবন্ধক তাঁরা সৃষ্টি করছেন। এইভাবে যদি বিগ ইণ্ডাষ্ট্রী দেশে গঠিত না হয় তাহলে পুনর্বসতির কাজ কখনও সফল হতে পারে না। এই বিগ ইণ্ডাষ্ট্রীর সাথে সাথে যেখানে উদ্বাস্তুরা কনসেণ্ট্রেটেড হয়ে আছে, সেখানে কটেজ ইণ্ডাষ্ট্রী গঠন করা একান্ত প্রয়োজন যদি আমরা এই সমস্যা সমাধান করতে চাই। যদি বাইরের মূলধন না পাওয়া যায় তাহলে সরকারের নিকট অনুরোধ করবো তাঁরা নিজেরা এই সমস্ত রিফিউজিদের দু-তিন হাজার টাকা, কিছু কিছু লোন দিয়ে সেখানে কো-অপারেটিভ সোসাইটি ফরম করে দিন যাতে এইরকম ইণ্ডাষ্ট্রী ডেভেলপমেণ্টের জন্য যে কো-অপারেটিভ সোসাইটি ফরম হবে, তার শেয়ার-হোল্ডারস তারা হতে পারে--এইরকম একটা পরিকল্পনা নেওয়া দরকার। তারপর বর্ত্তমানে আমাদের দেশে কো-অপারেটিভ ফার্মিংয়েরও খুব দরকার আছে। যেখানে কো-অপারেটিভ সোসাইটি ফরম করবে সেখানে লোন দিতে হবে। কিন্তু এখানে যেমন আছে সেটা হচ্ছে ইণ্ডিভিজুয়াল লোককে লোন দেওয়া, তার ফলে কো-অপারেটিভ সোসাইটি কখনও গড়ে উঠবে না। সেইজন্য যদি এই পরিকল্পনা নিন যে কো-অপারেটিভ ফার্মিংয়ের জন্য যারা সোসাইটি ফরম করবে, ইণ্ডিভিজুয়াল পার্সনকে লোন না দিয়ে, তাদের লোন দেওয়া উচিত; ঐ সোসাইটিকে লোন দিন। এইরকম বিভিন্ন অঞ্চলে, আমাদের এগ্রিকালচুরাল এরিয়া যেখানে বেশী সেই সমস্ত অঞ্চলে যদি কো-অপারেটিভ ফার্মিং হয়, তাহলে আমাদের সোশিয়ালিষ্টিক প্যাটার্ণ অফ সোসাইটির রূপ আমরা দিতে পারবো এবং ভবিষ্যতে তাদের সমস্ত কল্যাণ করতে পারবো।

আর একটা আমাদের বৃহৎ সমস্যা, রিফিউজি নিয়ে সৃষ্টি হয়েছে।

(At this stage the blue light was lit.)

Mr. Chairman: You have taken over 15 minutes. You must be very brief.

[10-50—10-55 a.m.]

Sj. Tarakdas Bandopadhyaya:

স্যার, আমাকে আর কয়েক মিনিট সময় দেবেন। আমি এই বিশেষ প্রব্লেম সম্বন্ধে কিছু বলতে চাই।

তারপর সম্পত্তি এক্সচেঞ্জ নিয়ে এক সমস্যার উদ্ভব হয়েছে। যখন মুসলমানরা এখান থেকে চলে যায় এবং পাকিস্থানে হিন্দুদের বাড়ীতে আশ্রয় নেয়, তখন পাকিস্থানের অনেক হিন্দু তাদের কাছ থেকে সাদা কাগজে সই নিয়ে চলে এসেছিল এবং তাদের যথাসর্বস্ব মুসলমানদের দিয়ে এসেছিল বিনিময় করে। আমাদের কেন্দ্রীয় সরকারের মন্ত্রী শ্রীঅজিত প্রসাদ জৈনএর নিকট তাঁরা বহুবার রিপ্রেজেনটেসন দিয়েছিলেন এবং তিনি এসম্পর্কে আশ্বাস দিয়ে বলেছিলেন যে তাদের কোন প্রকার ক্ষতিগ্রস্ত করা হবে না, এবং এই বিনিময় মেনে নেওয়া হবে, এবং তারফলে আমাদের মুখ্যমন্ত্রীমহাশয়ও তাদের অনেক আশ্বাস দিয়েছিলেন। কিন্তু বাস্তবিক আমরা কি দেখছি? হিন্দুদের আজ পাকিস্থানে ফিরে যাওয়া সম্ভব নয়, এবং সেখানে গিয়েও কোন বিষয় সম্পত্তি বিক্রয় করা সম্ভব নয়, অথচ মুসলমান, এর মধ্যে যারা সেখানে আছেন, তাদের দু-একজন আত্মীয় সেই সমস্ত বিনিময় করা সম্পত্তি পাঁচ, সাত বছর ধরে দখল করে বসে আছে, তারা এখন তাদের বিরুদ্ধে সিভিল কোর্ট করছে, এবং এতে যে একটা অশান্তি সৃষ্টি হচ্ছে তার একটা আশু সমাধান প্রয়োজন। আমরা দুবছর পূর্বে সেণ্ট্রাল গভর্ণমেণ্টএর কাছে এ বিষয়ে রিপ্রেজেণ্টেসন করেছি, আমি জানি আমাদের মাননীয়া মন্ত্রীমহোদয়া ও রিলিফ কমিশনার এর খসড়া সেণ্ট্রাল গভর্ণমেণ্টেরএর কাছে পাঠিয়েছেন। কিন্তু আজ পর্য্যন্ত তার কোন সমাধান হল না, এবং যার ফলে আজ নদীয়া, ২৪-পরগণা প্রভৃতি অঞ্চলে একটি ঘোরতর অশান্তি সৃষ্টি হয়েছে। এর আশু সমাধান প্রয়োজন।

আর একটা ব্যাপার এই স্কুল বোর্ড সম্বন্ধে শ্রদ্ধেয় অন্নদাবাবু একটু উল্লেখ করেছিলেন যে স্কুল বোর্ডের স্পেশাল কেডার এর কোন শিক্ষককে নিয়োগ করতে গেলে কংগ্রেস প্রেসিডেণ্টএর রেকমেণ্ডেসন চাড়া হয় না। তিনি এই তথ্য কোথা থেকে পেলেন জানি না। কারণ স্কুল বোর্ডের যিনি প্রেসিডেণ্ট তিনিই ডিষ্ট্রীক্ট কংগ্রেস কমিটির প্রেসিডেণ্ট এবং স্পেশাল কেডারএর যে সমস্ত শিক্ষক সিলেক্সন হয়, তারজন্য অফিসিয়াল ও নন-অফিসিয়াল নিয়ে একটা সিলেক্সন বোর্ড করা হয়েছে। এবং যারা যারা আমাদের কাছে দরখাস্ত করেছে, এইরকম প্রায় তিন হাজার য়্যাপ্লিকেসন আমরা পেয়েছি, প্রত্যেকের সঙ্গে ঐ স্কুল বোর্ড ইণ্টারভিউ দিয়েছেন এবং স্কুল বোর্ডই তাদের সিলেক্ট করেছেন। অতএব প্রেসিডেণ্ট যদি কোথাও রেকমেণ্ডেসন দিয়েও থাকেন তাতে তিনি এমন কিছু অপরাধ করেননি।

Sj. Annada Prosad Choudhuri:

আমি নাম করতে পারি--নদীয়া, রায়গঞ্জ, মেদিনীপুরে এইরকম হয়েছে। হাঁ, আমি যেগুলি বলেছি এগুলি সব সত্য। আপনার কৃষ্ণনগরে আছে--সেখানে এক প্রফেসারের ভাইকে তাড়িয়ে দেওয়া হয়েছিল।

Sj. Tarakdas Bandopadhyaya:

তাকে তাড়িয়ে দেওয়া হয়নি। অবশ্য তার য়্যাপ্লিকেশন রিজেক্ট করে দেওয়া হয়েছিল পলিটিক্যাল রিজনসএর জন্য। পলিটিক্যাল রিজনসএর জন্য উই হ্যাভ ডিসমিসড হিম। সেই জন্য তাকে য়্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়নি। (এ ভয়েস: সাধু, সাধু।) আমাদের জেলা স্কুল বোর্ডের কাজ সবচেয়ে প্রশংসনীয়, সেখানে হাজার হাজার বেকারের অন্নসংস্থানের ব্যবস্থা আমরা করতে পেরেছি। এছাড়া আমাদের ফুলিয়া প্রজেক্ট আছে। বন্ধুবর ডাঃ সান্যাল কিছুদিন পূর্বে সেখানে গিয়ে দেখে এসেছেন, যে সেখানকার সাধারণ লোকের মধ্যে কি উৎসাহ, কত উদ্দীপনা,—তবুও তিনি এই ফুলিয়ার নামটা উল্লেখ করেননি। উনি ঐদিকে বসে আছেন বলেই হয়ত সেটা বলতে দ্বিধাবোধ করেছেন। সেখানে তিনি একটা সভায় উপস্থিত হয়ে দেখে এসেছেন সাধারণ জনসাধারণের মধ্যে কত উৎসাহ, উদ্দীপনা এসেছে, তারা শ্রম দিয়ে নিজেরাই কাজ করছে এবং সেই সমস্ত অঞ্চলগুলিকে, গ্রামগুলিকে স্বয়ংসম্পূর্ণ ও সুন্দর করবার জন্য আপ্রাণ চেষ্টা করছে এবং তাতে আমাদের সরকারের ও কংগ্রেস কর্মীদের সহযোগিতা আছে, সেটা তিনি নিজে দেখে এসেছেন।

আর একটা বিষয়, সেটা হচ্ছে আমাদের জাতীয় রক্ষীবাহিনী। যেটা আমাদের প্রধানমন্ত্রী ডাঃ রায়ের প্রচেষ্টায় স্থাপিত হয়েছে। তাদের কাজ যে কত প্রশংসনীয় তা বলে শেষ করা যায় না। আজকে বাঙ্গালী ছেলে, শিক্ষিত লোকেরা মিলিটারি ট্রেণিং নিয়ে, তারা যে কোন ম্যানুয়াল লেবারএর কাজ করছে। কোথাও কোন রাস্তা নির্মাণ দরকার হলে, বা যে কোন কাজ দরকার হলে তারা আপ্রাণ চেষ্টা করে সুষ্ঠুভাবে করছে। তারা ট্রেণিং নিয়ে সমস্ত কাজ শিখছে।

আমি সংক্ষেপে আমার বক্তব্য শেষ করছি। এইরকম বহুমুখী উন্নয়নের কাজ আমাদের মন্ত্রীমণ্ডলী করেছেন, সেইজন্য তাঁরা ধন্যবাদার্হ। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[10-55—11 a.m.]

Sj. Satya Priya Roy:

অধ্যক্ষ মহাশয়, এই বাজেট আলোচনা করতে যে কথা প্রথম মনে হচ্ছে যে সরকার একটা পোড়ামাটি নীতি অবলম্বন করেছেন বাংলাদেশের আর্থিক ব্যাপারে এবং এই পোড়ামাটিনীতি নেবার একটা সুযোগ হয়েছে—বাংলাদেশে আজ যে হাহাকার উঠছে, যে দুর্ভিক্ষ আসছে, যে মহামারি আসছে সেইটাতে সরকার পক্ষ মস্ত বড় সুযোগ পেয়েছেন, তাই আজ অবাধে অকুণ্ঠভাবে করভার বাড়িয়ে চলছেন, তাঁরা দেশের উপর ঋণের ভার দিনের পর দিন বাড়িয়ে দিয়ে চলছেন। পার্টিশনের আগে মাথাপিছু করভার ছিল বাংলাদেশে ৫।৵০ আনা; আজকে ১৯৫৫ সালে স্বাধীনতার প্রসাদে, এবং আমাদের জাতীয় সরকারের যে শোষণ চলছে তার অনুগ্রহে সেই করভার এসে পৌঁছেছে ১৬৲ টাকায়। অর্থাৎ তিনগুণের মতন করভার জনসাধারণের উপর এসে পড়েছে, সরকার এইরকমভাবে শাসন চালিয়ে যাচ্ছেন আজ সারা দেশের দুর্যোগের সুযোগ নিয়ে। শুধু যে তাঁরা লুটপাট করছেন তাই নয়, শুধু যে তাঁরাই জনসাধারণকে শোষণ করছেন তাই নয়, কেন্দ্রীয় সরকারকে অবধি এই শোষণ করবার সুযোগ করে দিচ্ছেন। মুখে তাঁরা আমাদের এখানে যখনই ঋণ-সমস্যার কথা ওঠে, তখন কেন্দ্রীয় সরকার সম্পর্কে কিছু কিছু অভিযোগ জানান কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে জোরের সঙ্গে পশ্চিমবঙ্গের দাবী আদায় করবার মতন সাহস, শক্তি বা মর্য্যাদা পশ্চিমবঙ্গের কংগ্রেসদলের যে নাই, সেকথা পরিষ্কার হয়ে উঠেছে। একটা উদাহরণ দিলেই কথাটা আরো পরিষ্কার হবে। আজ পশ্চিমবঙ্গে যে ইনকামট্যাক্স আদায় হয় তার প্রতি ১০০৲ টাকার মাত্র ২১৲ টাকা পশ্চিম বঙ্গ পেয়ে থাকে। অন্যান্য প্রদেশের সঙ্গে যদি তুলনা করে দেখি তাহলে দেখা যাবে —উত্তর প্রদেশে যেখানে ১০০৲ টাকা ইনকামট্যাক্স আদায় হয় সেখানে উত্তর প্রদেশে ১০০৲ টাকাই পায়, বিহার পায় ১০০৲ টাকায় ৩০০৲ টাকা আর পশ্চিমবাংলা হতে যে ইনকামট্যাক্স ওঠে তার মাত্র শতকরা ২১৲ টাকা তাকে দেওয়া হয়। কাজেই এখানকার জনসাধারণের উপর শোষণ চলছে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার উভয়ের পক্ষ থেকে। আমি আগেই বলেছি কর ভারের বোঝা তিনগুণ বেড়ে গিয়েছে এবং তারফলে আজ দেশের বর্তমান অবস্থাটা কি দাঁড়িয়েছে অকুণ্ঠভাবে ঋণের বোঝা বাড়িয়ে চলেও দেশের সরকার বলে বেড়াচ্ছেন এ ঋণ ঋণ নয়। কিন্তু বাস্তবিক আজ যদি দেশের দিকে তাকান যায়, মুখ্যমন্ত্রী বা রাজস্ব মন্ত্রীর পক্ষ থেকে দেশের যে চিত্র এঁকে দেখান হয়েছে তা যদি দেখা যায়, তাহলে দেখা যাবে পশ্চিমবঙ্গ কি ভয়াবহ অবস্থার সম্মুখীন হয়েছে, মুখ্যমন্ত্রী মহাশয়ের হিসাব মতন কৃষিজীবিদের মধ্যে শতকরা ৭০ ক্ষেতশূন্য মজুর, বা শতকরা ৭০ জনের এমন জমি নাই যাতে তাদের জীবিকা অর্জন হতে পারে। এই হল কৃষিজীবির অবস্থা। যাদের কৃষি ভিন্ন অন্য উপজীবিকা, মুখ্যমন্ত্রীর হিসাব অনুযায়ে দেখা যায় ১০০ জন চাকুরীজীবির মধ্যে বাংলাদেশে ৪৭ জন বেকার। তারপর যে ১০০ জন চাকুরী করছে

তার মধ্যে শতকরা ৯০ জন এমন বেতন পাচ্ছে যে সে মাইনের দ্বারা তারা নিজেদের জীবিকার সংস্থান করতে পারছে না। শতকরা দশজন মাত্র চাকুরে যারা নাকি সরকারের বিশেষ অনুগ্রহপুষ্ট তারাই শুধু যে মাইনে পাচ্ছে তাদ্বারা স্বচ্ছল জীবিকা সংস্থান করতে পারছে। ফলে আমরা দেখতে পাচ্ছি যে বাংলার আড়াই কোটী লোকের মধ্যে পৌনে দু'কোটি লোক অনাহারে অর্দ্ধাহারে দিন যাপন করছে। দেশের এই ভয়াবহ আর্থিক দুরবস্থার একটা সুস্পষ্ট প্রমাণ দেখা যাচ্ছে জীবনমৃত্যুর খতিয়ানে। জন্ম-মৃত্যুর হার তুলনা করলে দেখা যাবে পশ্চিমবাংলার জন্মের হার সবচেয়ে বেশী অন্যান্য রাষ্ট্রের তুলনায় আর মৃত্যুর হার এখানে যা সেটা হচ্ছে ভারতের গড়পড়তা মৃত্যুর হার যেখানে ১৬·৬ সে জায়গায় এখানে হচ্ছে পুরুষের বেলায় শতকরা ১৯·২ এবং মেয়েদের বেলায় ২১·২, সুতরাং ভারতবর্ষের গড়পড়তা মৃত্যুর যে হার তার চেয়ে আমাদের পশ্চিমবাংলার মৃত্যু হার বেশী।

[11--11-5 a.m.]

খাদ্যমূল্যের দিক থেকে আমাদের খাদ্যের হিসাবের কথা বলতে গেলে পশ্চিমবাংলার সরকার যেভাবে সন্তোষ প্রকাশ করেছেন, রেশন তুলে দেওয়ায় দেশে স্বচ্ছল অবস্থা এসেছে বলে যে দাবি পেশ করেছেন, বাস্তবিকই তাই আজকে কলকাতা সহরে যে দরে চাল বিক্রয় হচ্ছে ১৮-২০ টাকা পর্য্যন্ত, তা সাধারণ মধ্যবিত্তদের ক্রয় ক্ষমতার মধ্যে কিনা সরকার তা বিচার করেছেন কি? মানুষের খাদ্য সম্বন্ধে বিচার করতে হলে মানুষের জীবনধারণের দিক থেকে ক্যালোরী মানটাও দেখতে হবে, যে ক্যালোরি ছিল ১৯৩৩ সালে দুই হাজারের উপরে বর্ত্তমানে সেটা এসে দাঁড়িয়েছে ১,৫০০ নীচে। এই যে খাদ্যের অবস্থা, তার কি পরিণতি তা রোগী এবং ব্যাধির হিসাবে দেখা যায় পরিষ্কাররূপে। ১৯৫২ সালে আমাদের দেশের হিসাবে দেখা যায় ৪১ হাজার যক্ষা রোগীর চিকিৎসা করা হয়েছিল। যক্ষা এমন একটা রোগ যা নাকি মধ্যবিত্ত পরিবারের লোকেরা গোপন করে রাখে, আর নিম্ন শ্রেণীর লোকেরা টেরই পায়না যে তারা যক্ষায় ভুগছে। অথচ ৪১ হাজার রোগী ১৯৫২ সালে চিকিৎসিত হয়েছে বিভিন্ন হাসপাতালে, এবং ১৯৫২ সালের পর এই যক্ষা রোগ কিরকমভাবে বেড়ে যাচ্ছে তা আমরা সকলেই জানি। দেশের শিক্ষা, স্বাস্থ্যের এবং জনস্বাস্থ্যের ব্যবস্থা কতদূর কি হয়েছে। এত যে ঋণ ও করভার বেড়ে চলেছে তার ফলে দেশের অবস্থা কি হয়েছে সে সম্পর্কে একটা পরিষ্কার ছবি আমাদের দেশের সামনে তুলে ধরা দরকার। চিকিৎসার দিক থেকে দেখি প্রতি দশহাজার লোকের জন্য ৬ জন করে ডাক্তার, ২·৭ জন নার্স, আর ·০৮ জন ধাত্রী আছে। অথচ ৮০০ জন লোকের জন্য একজন করে পুলিস আছে। কাজেই এই রাষ্ট্র কল্যাণ রাষ্ট্র না পুলিশ রাষ্ট্র সেকথা জনসাধারণের কাছে অত্যন্ত পরিষ্কার। যে রাষ্ট্র প্রতি দশহাজারে লোকের পিছু ৬ জন ডাক্তার, ২·৭ জন নার্স ·০৮ জন হচ্ছে ধাত্রী সেখানে প্রতি ৮০০ জন লোকের পিছু একজন করে পুলিশ থাকলে সে রাষ্ট্র যে পুলিশের উপরই নির্ভর করে এতে কারোই সন্দেহ নাই। অথচ সেই পুলিসের মধ্যেও শতকরা ৮০ জন লোক খেতে পায় না। তাদের নিম্নপদস্থ কর্মচারীরা খারাব দাবী করেছিল, সেই অপরাধে দুইশো বা আড়াইশো পুলিশ যারা বাঙ্গালী যুবক তাদের কর্মচ্যুত করেছেন; শুধু কর্মচ্যুতই করেননি তাদের উপর নোটিশ দিয়েছেন--কলকাতা এবং কলকাতার আশেপাশের জায়গা ছেড়ে চলে যাবার জন্য। তারা কোথায় যাবে, কোথায় গিয়ে কি করে খাবে সে সম্পর্কে সরকারের কোন দায়িত্ব নাই। এটা পরিষ্কার বোঝা যায় যে সরকার যে ঘোষণা করছেন সে ধোকাবাজী; তারা পরিষ্কার ঘোষণা করে আসছেন যে সরকার নাকি জনকল্যাণের কাজেই টাকা খরচ করছেন। কিন্তু রাজ্যের লোকজনের কাছ থেকে শোষণ করে যা নিচ্ছেন তার শতকরা ৩০ ভাগ অর্থাৎ $\frac{১}{৩}$ অংশ অর্থাৎ মাথা পিছু ১৬ টাকা ট্যাক্স নিয়ে সরকার খরচ করছেন জনকল্যাণের কাজে ৫।৵০। কিন্তু সরকারকে বলতে চাই ইষ্ট পাঞ্জাবের একটা উদাহরণ দেখিয়ে, সেখান থেকে তাঁদের শেখবার আছে, মাথা পিছু তারা ট্যাক্স নেয় ৬।৵০ আনা করে আর মাথা পিছু খরচা করে শিক্ষা এবং স্বাস্থ্যের জন্যে ৬৵০ আনা করে। কাজেই তারা জনসাধারণের কাছ থেকে যে টাকা তারা নিচ্ছে তার প্রায় সমস্তটাই জনসাধারণের কল্যাণের কাজে খরচ করছে। আমাদের সরকার গৌরবের ও অহঙ্কারের সুরে বলে থাকেন যে বাজস্বের $\frac{১}{৩}$ অংশ ব্যয় করছেন জনকল্যাণের কাজে। ম্যাডিক্যাল এবং পাব্লিক হেল্‌থের খাতে ৬ কোটী টাকা বরাদ্দ করা হয়েছে অর্থাৎ মাথা পিছু ২৵০। এইরকমভাবে খরচ রাখা হয়েছে ৪ কোটি কিন্তু খরচ হয়েছে ২ কোটি ১৯ লক্ষ।

[11-5—11-10 a.m.]

তারপর সরকারের উন্নয়ন পরিকল্পনার কথা শুনলেই আমরা জনসাধারণ ভয় পাই। কারণ আমরা বুঝি উন্নয়নের নামে তাঁদের যারা অনুগৃহিত লোক তারাই পুষ্ট হবে মাত্র এবং জনসাধারণের উপর করের বোঝা বেড়ে যাবে। সরকারের উন্নয়ন পরিকল্পনার কি প্রকৃত চেহারা সেই এই বাজেটের পর রিভাইজড বাজেট দেখবার পরে দেখা যাবে। গত বাজেটে ২ কোটি ১৫ লক্ষ টাকা উন্নয়ন খাতের জন্য ব্যবস্থা হয়েছিল, কিন্তু রিভাইজড

বাজেট যখন এল তখন দেখা গেল ২ কোটি ৪ লক্ষ মাত্র খরচ এবং ১১ লক্ষ টাকা খরচ থেকে কমিয়ে দেওয়া হয়েছে। রিভাইজড বাজেট আর একচুয়াল বাজেট কত টাকা ব্যবধান সেটা এখন ধরা পড়বার উপায় নাই, আগামী বছরে ধরা পড়বে।

ডাক্তারি খাতে ৪ কোটী টাকার মধ্যে দেখা যাচ্ছে ২ কোটী ৯ লক্ষ টাকা কতকগুলি উন্নয়ন পরিকল্পনার জন্য রাখা হয়েছে। গত বৎসর বাজেটে রাখা হয়েছিল ২ কোটী ১৫ লক্ষ টাকা। রিভাইজড বাজেটএ দেখা গেল তা হয়ে গেছে ২ কোটী ৪ লক্ষ টাকা। অর্থাৎ ১১ লক্ষ টাকা কমিয়ে দেওয়া হয়েছে। পাবলিক হেলথ্ ইউনিট্স্ এবং রুরাল ডিসপেনসারিসএর জন্য বাজেট বরাদ্দ ছিল ১ কোটী ২০ লক্ষ টাকা। রিভাইজড বাজেটে ১৯ লক্ষ টাকা কমে গেল। সুতরাং পরিষ্কার বুঝা যাচ্ছে সরকারের জনকল্যাণের দিকে লক্ষ্য নেই। ডাঃ রায় ঘোষণা করেছেন যে রাজস্বের $\frac{১}{৩}$ অংশ তিনি জনকল্যাণকর কার্য্যে ব্যয় করবার জন্য বরাদ্দ করেছেন অর্থাৎ জনসাধারণ যে কর দিয়েছে তার $\frac{১}{৩}$ খরচ হচ্ছে এই খাতে। অর্থাৎ ১৬ টাকা ট্যাক্স নিয়ে ৫।৵০ খরচ করছেন। পূর্ব পাঞ্জাবের সরকার কিন্তু ১৯৫২-৫৩ সালে ৬।৵০ করে ট্যাক্স নিয়ে ৬৵০ শুধু শিক্ষা ও স্বাস্থ্য খাতে ব্যয় করেছেন।

পশ্চিম বাংলার সরকার যা খরচ করেন, তা তার খেয়ালখুশী মতই করেন—দলীয় স্বার্থে। জাতীয় স্বার্থে নয়। তার প্রকৃষ্ট প্রমাণ শিক্ষা খাতের ব্যয়বরাদ্দ। হঠাৎ সরকার এবার পুলিশের চেয়ে শিক্ষা খাতে বেশী খরচ করছেন বলে সকলের তাক লাগিয়ে দিচ্ছেন। কিন্তু এই যে তাদের দাবী, এটা নিতান্ত অসত্য, ভেল্কিবাজী ও ধাপ্পাবাজি। কারণ যে ২ কোটী ৪৯ লক্ষ টাকা বেশী খরচ করছেন বলে শিক্ষা খাতে দেখাচ্ছেন সেটা আসলে শিক্ষা খাতের জন্য নয়—তার মধ্যে ২টা পরিকল্পনা নূতন এবং অবাস্তব। একটীর জন্য খরচ করছেন ২ কোটী ১৯ লক্ষ টাকা আর একটীর জন্য ৮১ লক্ষ টাকা—মোট ৩ কোটী। এই ২ কোটী ১৯ লক্ষ টাকা এমন একটী খাতে খরচ করা হচ্ছে

"to relieve the educated unemployment and to remove untouchability."—

[11-10—11-15 a.m.]

শিক্ষিতের বেকার সমস্যা সমাধান করার জন্য এবং অস্পৃশ্যতা দূর করার জন্য। এই টাকার ৭৫ ভাগ কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারকে দেবেন। এই খাতে পশ্চিমবঙ্গ সরকার ২ কোটী ১৯ লক্ষ টাকা দেখাচ্ছেন কিন্তু আসলে এই টাকাটা শিক্ষার ব্যাপারে ব্যয়িত হবে না। কারণ বেকারীত্ব দূর করার জন্য তারা ৩০ হাজার শিক্ষক নিযুক্ত করছেন। কিন্তু আসলে কি দেখছি—স্পেশাল কেডার যে ত্রিশ হাজার শিক্ষক তারা নিয়োগ করবেন বলছেন তা তাঁরা করেন নি। এবং যাদের নিয়োগ করেছেন, তাদের ৩ বৎসরের জন্য। এরপরে তাদের কি অবস্থা হবে, তার কোন পরিকল্পনা নাই। এবং যাদের নিযুক্ত করছেন—শ্রদ্ধেয় অন্নদা বাবু বলেছেন—কংগ্রেস প্রেসিডেণ্ট যাকে উপযুক্ত মনে করবেন, তাকেই নেওয়া হবে। কংগ্রেস স্বেচ্ছাসেবক সংগৃহীত হবে জনসাধারণের পয়সায়, সেই চেষ্টাই চলছে। তিন বৎসর পরে এদের চাকরীর কি অবস্থা হবে তার কোন নিশ্চয়তা নেই। ফুড ডিপার্টমেণ্টএ কর্মচারী ২০ হাজার লোকের চাকরী চলে গেল—তাদের সম্পর্কে সরকারের কোন পরিকল্পনা নেই। সুতরাং তিন বছর পরে এই সমস্ত স্পেশাল কেডার শিক্ষকদের ঐরূপ নিষ্ঠুর অবস্থার সম্মুখীন হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে কথা হচ্ছে তারা হয়ত এই সমস্ত শিক্ষকদের সহায়তায় নির্বাচনী বৈতরণী পার হয়ে যাবে কিন্তু তিন বছর পরে এঁরা যে কোথায় দাঁড়াবেন, সে সম্বন্ধে কিছু বোঝা যাচ্ছে না। শুধু অর্থের অপব্যয় করার জন্যই শিক্ষা খাতকে ফাঁপিয়ে তুলে ২ কোটী ৪৯ লক্ষ টাকা স্পেশাল কেডার প্রভৃতি ব্যাপারে দেখাচ্ছেন। আরও দেখাচ্ছেন ৮৭ লক্ষ টাকা মালটিপার্পাস সোসিয়াল.....জন্য। কিন্তু বাস্তবিকপক্ষে মালটিপার্পাস স্কুলগুলির কি উদ্দেশ্য, কি কি কারিকুলাম করতে যাচ্ছেন, কিভাবে এই স্কুলগুলি গড়তে যাচ্ছেন সে সম্পর্কে কোন আলোচনা করেন নি। আমরা শুনছি মিঃ ডি, এম, সেন, শিক্ষা জগতে সর্বময় কর্তা হয়ে দাঁড়িয়েছেন। তিনি নাকি ঘুরে ঘুরে ১৫টী বিদ্যালয় ঠিক করেছেন কিন্তু কি যুক্তিতে ঠিক করেছেন জানি না। এই ১৫টী বিদ্যালয়ে ৮৭ লক্ষ টাকা খরচ করা হবে। এই যে ৮৭ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার থেকে পাওয়া যাবে তার প্রতিটি পাই যাতে সৎভাবে ব্যয়িত হয়, সেদিকে লক্ষ্য রাখা আমাদের প্রত্যেকের কর্তব্য। গত বছর সরকার শিক্ষা খাতে প্রায় ৭ কোটী টাকা খরচ করেছিলেন। আর আজ সরকার চলতি শিক্ষা-ব্যবস্থায় এই ৩ কোটী ধরে প্রায় ৯ কোটী টাকা খরচ করছেন বলে ধরছেন কিন্তু আসলে খরচ করছেন প্রায় ৬ কোটী টাকা মাত্র। সুতরাং বাস্তবিক দেখতে গেলে প্রায় এক কোটীর মত কমিয়ে দেওয়া হচ্ছে। তারপর বাজেট ও রিভাইজড বাজেট—একটা অদ্ভুত ব্যবস্থা। ১৯৫৪ সালের জানুয়ারী মাসে শিক্ষকদের যে আন্দোলন হয়েছিল এবং যার ফলে সরকার বাধ্য হয়েছিলেন শিক্ষকদের মাহিনা ও

মহার্ঘ ভাতা কিছুটা বাড়াতে সেটা কিভাবে হয়েছিল সেটা জনসাধারণের জানা দরকার। যে প্রাথমিক শিক্ষাকে আমরা শিক্ষার ভিত্তি বলে মনে করি সেই প্রাথমিক বিভাগে ২৩ লক্ষ টাকা কমিয়ে দেওয়া হয়েছে। যেখানে ডিষ্ট্রীক্ট বোর্ডকে ১ কোটী ১১ লক্ষ টাকা দেওয়ার কথা ছিল, সেখানে মাত্র ৮৮ লক্ষ টাকা দিলেন প্রাথমিক স্কুলগুলিকে কারণ মাধ্যমিক শিক্ষকদের মহার্ঘ ভাতা বাড়াতে হবে।

তার পরে স্যার....

(At this stage the blue light was lit.)

Sir, I beg to submit that I shall require at least some ten minutes.

Mr. Chairman: That will be too long. There are other speakers. You try to finish quickly.

[11-15—11-20 a.m.]

Sj. Satya Priya Roy:

তারপরে স্যার, কম্পালসরি প্রাইমারি এডুকেশনএর কথা বলছি এবং রাজ্যপালের ভাষণে তিনি ঘোষণা করেছেন যে মাত্র ৪ হাজার বর্গমাইলে কম্পালসরি এডুকেশন হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গের আয়তন ৩০ হাজার বর্গমাইল এই ৪ বৎসরে, আমাদের সংবিধানে অবশ্যি এটা নির্দেশ আছে যে ১০ বৎসরের মধ্যে সমস্ত ১৪ বৎসর বয়স্ক ছেলে-মেয়েদের প্রাথমিক শিক্ষা ১৪ বছর পর্য্যন্ত অবৈতনিক করতে হবে। সে কথা দূরে থাকুক এই যে ১০ বৎসরের শিক্ষা ব্যবস্থা আমাদের সদাশয় সরকার করেছেন তার কম্পালসরি প্রাথমিকটা সমগ্র পশ্চিম বাংলায় $\frac{১}{৭}$ অংশ এই চার বৎসরে হয়েছে। আগামী পাঁচ-ছয় বছর সেখানে আরও সাতগুণ বেগে এগুতে হবে।

এখানে সবচেয়ে চমকপ্রদ বিষয় হয়েছে যে কম্পালসরি প্রাইমারি এডুকেশনএর জন্য ১৯৫৪-৫৫ সালে বাজেটে ছিল ১৩ লক্ষ টাকা সেখানে বিভাইজড বাজেটে হয়ে গেল ৭ লক্ষ টাকা। অর্থাৎ ৫০ পার্সেণ্ট প্রায়। শতকরা ৫০ টাকা এই কম্পালসরি করবার জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল সেটা কমিয়ে দেওয়া হলো। শুধু তাই নয় এবারে বাজেটে তাও বাড়ান হয় নি। বাজেট এবং বিভাইজড বাজেটে জনকল্যাণ খাতে যে পার্থক্য থাকে, সে যদি এবারও থেকে যায় তাহলে দেখা যাচ্ছে যে ৯ লক্ষ টাকার জায়গায় সরকার কম্পালসরি প্রাইমারি এডুকেশন করবার জন্য মাত্র ৪৷৷০ লক্ষ টাকা হয়ত খরচ করবেন। এই তো হচ্ছে সরকারী স্কুলের অবস্থা।

সেকেণ্ডারি স্কুলের সম্বন্ধে বক্তব্য হচ্ছে সরকারের কোন নীতি নাই। এবং কোন রকম নীতি নির্দ্ধারণ করবার গরজও তাদের নাই। সরকার একটা কমিশন বসিয়েছিলেন। আমরা জানি প্রতিটা কমিশনের সদস্যদের তাঁরা তিন হাজার টাকা বেতন দিয়েছেন এবং এইরকম করে ৩ জনকে ৯ হাজার টাকা বেতন দিয়েছেন। তাঁরা কয়েক মাস কাজ করেছেন, কাজ করবার পর তাঁরা রিপোর্ট দিয়ে গিয়েছেন কিন্তু সেই রিপোর্ট সম্বন্ধে এরা কোন উচ্চ-বাচ্য করছেন না। যেমন প্রশ্নের উত্তর দিতে গিয়ে আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন কুচবিহারে যে স্লটিং হয়েছিল এবং তার কমিশনের রিপোর্ট জনস্বার্থের জন্য করা উচিত নয়। তেমনি বলবেন যে এই সেকেণ্ডারী এডুকেশন কমিশন বসেছিল সেটার রিপোর্টও জনস্বার্থে—এই জনস্বার্থের অর্থ যে কি আমরা জানি; জনস্বার্থ হচ্ছে কংগ্রেসী স্বার্থ, সেই স্বার্থে এই কমিশনের রিপোর্ট প্রকাশ করা উচিত নয়। এই তাঁরা বলবেন। আমরা জানতাম এই কমিটি কখনও কাজ করতে পারবে না। এবং জানতাম বলেই আমরা শিক্ষকসমাজ এই কমিটি বর্জ্জন করেছিলাম। সেকেণ্ডারি এডুকেশন বোর্ডের কতকগুলি অপরাধের জন্য বোর্ডের সমস্ত ক্ষমতা বাতিল করে দিয়ে আজকে একজন য়্যাডমিনিষ্ট্রেটরের হাতে দিয়েছেন। য়্যাডমিনিষ্ট্রেটর বৃদ্ধলোক, তিনি বিচক্ষণ লোক এবং তাঁর প্রতি আমাদের শ্রদ্ধা আছে। কিন্তু শিক্ষা জগতের সঙ্গে তাঁর কোন সম্পর্ক নাই। যখনই তাঁর কাছে শিক্ষা সম্পর্কে কোন সমস্যা নিয়ে যাওয়া যায় তখনই তিনি বলেন আমি নিজে এ সম্পর্কে কিছু বলতে পারব না কারণ বাস্তবিক শিক্ষা জগতের সঙ্গে তাঁর কোন অভিজ্ঞতা নেই। সেই অবস্থা হচ্ছে মে মাসে ১৯৫৪এ আরম্ভ হয়েছে আজ প্রায় মে মাস ১৯৫৫ এসে পৌঁছে যাচ্ছে এই ১ বছরের মধ্যে সরকার ঘোষণা করলেন না। সেকেণ্ডারি এডুকেশন য়্যাক্টকে চাপা দিয়ে রেখেছেন। সেই সেকেণ্ডারি য়্যাক্ট অনযায়ী তাঁরা কখন সেকেণ্ডারি এডুকেশন বোর্ড তৈরী করতে যাচ্ছেন। সব চেয়ে নির্লজ্জ ইতিহাস শিক্ষা জগতে এই সরকারের, সেটা হচ্ছে শিক্ষকদের বেতন বৃদ্ধির প্রতিশ্রুতি এই সরকার দিয়েছিল এবং সে দিয়েছিল এই বিধানসভায় এবং বিধান পরিষদে। কিন্তু সরকারী শিক্ষা বিভাগ এতই কর্মতৎপর যে প্রতিশ্রুতি দিয়েছিল ১০ই ফেব্রুয়ারী ১৯৫৪ সালে আর ১৯৫৫ সালে জানুয়ারী মাসে ২৭ অর্থাৎ প্রায় ১ বৎসর

পর সে সম্পর্কে সরকার ২০ লাইনের একটা ঘোষণা করেছেন। শিক্ষকদের বেতন বাড়িয়ে একটা ন্যূনতম বেতন স্বীকার করেছেন যেটা তারা দেবেন। আজকে মার্চ মাস হতে চলল এবং ৩১শে মার্চ এই বাজেটে যে টাকাটা আছে সেই টাকাটা ল্যাপস হয়ে যাবে। সব চেয়ে মজার ব্যাপার হচ্ছে এই টাকাটা তারা ডাইরেক্ট গ্রাণ্ট হিসেবে দেখিয়েছেন। কারণ সেকেণ্ডারি এডুকেশন যা আছে এবং সেই অনুযায়ী সমস্ত বিদ্যালয়ে সাহায্য দেবার অধিকার হচ্ছে এই সেকেণ্ডারি এডুকেশন বোর্ডের। কিন্তু এই সরকার ক্ষমতা কুক্ষিগত করতে চায়। শিক্ষকদের বেতন হিসেবে এরা যদি দুটো টাকা বাড়ান তাহলে পশ্চিমবঙ্গ সরকার নিজে হাতে করে দেবেন যাতে নিজে হাতে সে ক্ষমতা রাখতে পারেন। ডাইরেক্ট গ্রাণ্ট হিসেবে এই টাকাটা গভর্ণমেণ্ট তহবিলে এখনও রেখে দিয়েছেন সেটা বাজেয়াপ্ত হবার আশঙ্কা দেখা দিয়েছে। শিক্ষকদের এই সব সর্ত পালন করে এবং বিদ্যালয়ের উপর এতসব সর্ত পালন করে বর্দ্ধিতহারে একমাসের মধ্যে বেতন দেওয়া কিছুতেই সম্ভবপর নয়। এবং এত সব ফ্যাকরা ইচ্ছে করে করা হয়েছে। যে টাকাটা জনসাধারণকে দেখান হয়েছিল সেটা বাঁ হাতে দেবার প্রতিশ্রুতি দিয়ে ডান হাতে কেড়ে নেবার জন্যই ডাইরেক্ট গ্রাণ্ট করে জুন মাসে অর্থাৎ ১০ মাস পরে এই সম্পর্কে সরকার ঘোষণা করেছেন।

তারপর শিক্ষা খাতে ব্যয়ভার বেশী দেখান হয়েছে। সেটা পরিষ্কার করে ঘোষণা করে নি। সেটা হচ্ছে নূতন দুটো অঞ্চলে আমাদের পশ্চিমবঙ্গের যুক্ত হয়েছে যথা চন্দননগর ও কুচবিহার। এবং তার শিক্ষার দায়িত্ব নতুন কোরে সরকারের নিতে হয়েছে। এর জন্য ১০ লক্ষ টাকা আবার সরকারকে খরচ করতে হচ্ছে। এই সমস্ত দিক দিয়ে যদি বিবেচনা করা যায় তাহলে একথা পরিষ্কার হবে যে সরকারের শিক্ষাখাতে খরচ বাড়ে নাই।

(At this stage the blue light was lit.)

Sir, I beg to submit that as an educationist I have to discuss the education programme. As I apprehended that there would be some sort of curtailment of speech, I referred the question to you, and you assured that there will be no curtailment. And I am the last speaker from the opposition side.

Mr. Chairman: I would like you to confine yourself to Education, if you wish to speak on that particular subject, especially as there are other speakers. But I wish you simply to be brief, since you have taken already so much time.

[11-20—11-25 a.m.]

Sj. Satya Priya Roy: I shall take ten minutes time.

এই যে ৬ কোটি টাকা খরচ করছেন সেটা আরও কমে গেছে। এই টাকাটা কিভাবে খরচ হচ্ছে সেটা বিশ্লেষণ করে দেখা দরকার। সরকারের ডাইরেক্টারেট, সেক্রেটারিয়াট তার জন্য খরচ বেড়ে যাচ্ছে। এবং বম্বেতে যে শুধু প্রাথমিক শিক্ষার জন্য ৯ কোটি টাকা খরচ করা হয়। সেখানে ক্লাস ওয়ান অফিসার আছে মাত্র ৭৩ জন। আমাদের বাংলা দেশে আজকে তাঁরা গৌরবের সঙ্গে বলছেন আমরা নয় কোটি খরচ করছি। যে টাকাটা বম্বেতে প্রাইমারি এডুকেশনএর জন্য খরচ করা হচ্ছে। সেখানে আমাদের এখানে ক্লাস ওয়ান অফিসার ৭৫ জন। তাছাড়া ১০টি গভর্ণমেণ্ট আর্টস কলেজএর জন্য খরচ করা হচ্ছে ২৯ লক্ষ টাকা। আর ১০০ টার উপর নন গভর্ণমেণ্ট কলেজএর জন্য ব্যয় করা হচ্ছে ২২$\frac{১}{২}$ লক্ষ টাকা। এবং সরকারী বিদ্যালয়গুলিতে যাতে গাড়ী হাকিয়ে বড় লোকের ছেলেরা পড়তে যাবে তাদের জন্য যে টাকাটা বরাদ্দ করা আছে শিক্ষা খাতে তা সমস্তটা ব্যয় করে যাচ্ছেন।

ছাব্বিশটা গভর্ণমেণ্ট হাই স্কুলের জন্য সেকেণ্ডারি ডিপার্টমেণ্টএর খরচ হচ্ছে ২২ লক্ষ টাকা। আর ১,৫০০ হাই স্কুলের জন্য বোর্ডের হাতে দেওয়া হয়েছে ৩২ লক্ষ টাকা।

তিনশ চৌবাশিটা বেসিক স্কুলের জন্য খরচ হচ্ছে ২৫ লক্ষ টাকা। আর ১৪ হাজার প্রাথমিক শিক্ষার বিদ্যালয়ের জন্য ডিষ্ট্রীক্ট বোর্ডের হাতে সরকার মাত্র দিচ্ছেন ৮০ লক্ষ টাকা। একটা করে প্রাইমারি স্কুল পিছু সরকারের খরচ হচ্ছে ৫৭১ টাকা। আর একটা বেসিক স্কুল পিছু খরচ করছেন ৫ হাজার ৭০০ টাকার উপর। কাজেই এই টাকা অপব্যয় করবার আগে জনসাধারণের অর্থকে এইরকম লুটেপুটে নষ্ট করবার আগে সরকারের বিশেষ ভাবে বিবেচনা করা উচিত। এই সম্পর্কে একটা সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করা উচিত, বিশেষ করে বেসিক এডুকেশন সম্পর্কে। এবং এই সম্বন্ধে, আমার সময় থাকলে আমি দেখিয়ে দিতাম যে

"This basic schools are still a doubtful economic proposition".

তারা নিজেরা স্বীকার করেছেন এবং বলেছেন এই নিয়ে একটা এক্সপেরিমেণ্ট করা হউক। যে এই বেসিক স্কুলগুলি হবে কিনা? এবং তারপর রাষ্ট্রের উপরে চাপিয়ে দেওয়া হোক। সেই জায়গায় ২৫ লক্ষ টাকা এইরকম অপব্যয় সরকার করছে। আমাদের পশ্চিমবঙ্গের একটা ছেলের প্রাথমিক শিক্ষার খরচ হচ্ছে ১৩.১ টাকা। সেটা হচ্ছে সর্বাপেক্ষা কম। বম্বেতে ২৮.৩ টাকা। মাদ্রাজএ ২৪.২ টাকা এখানে প্রতিটা ছেলে পিছু প্রথমিক শিক্ষায় খরচ হচ্ছে। প্রাথমিক শিক্ষার্থী সংখ্যা ১৯ লক্ষ বলে সরকার দাবী করছে। এই ১৯ লক্ষের মধ্যে শতকরা ৩০টা মাত্র ৪র্থ শ্রেণী পর্য্যন্ত পৌছায়। ফলে ৬৮ পারসেণ্টের উপর প্রায় ১২ লক্ষ ছাত্র ৪র্থ শ্রেণী পর্য্যন্ত পৌছায় না। এটা অবশ্য করলে পর এই যে কোটী কোটী টাকা তারা এইখাতে ব্যয় করছেন তার শতকরা ৬৮ টাকা অপব্যয়িত হচ্ছে সেদিক দিয়ে সরকারের লক্ষ্য রাখা প্রয়োজন।

[11-25—11-30 a.m.]

(At this stage the blue light was lit.)

Five minutes more, Sir.

Mr. Chairman: You have spoken for half an hour.

Sj. Satya Priya Roy: I want five minutes more.

Mr. Chairman: Finish your speech in 2 minutes.

Sj. Satya Priya Roy: Thank you, Sir.

মাধ্যমিক শিক্ষকদের মহার্ঘ ভাতা সম্পর্কে সরকার নানারকম জটিলতার সৃষ্টি করছেন। এই সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এবং আমি সরকারকে অনুরোধ করছি এই একটা বিষয়ের জন্য জনসাধারণের উপর আর যেন শিক্ষার ব্যয়ভার চাপিয়ে দেওয়া না হয়। পশ্চিমবঙ্গের দুর্ভাগ্য যে এখানে মাধ্যমিক শিক্ষকদের জন্য জনসাধারণ বা অভিবাবকরা যা খরচ করে তা সমস্ত খরচের শতকরা ৭০ ভাগ। সুতরাং এখানে মাতাপিতা হওয়া একটা মস্ত বড় অভিশাপ। পৃথিবীর যে কোন রাষ্ট্রে দেখা যায় যে সরকার খরচের শতকরা ৭০ ভাগ বহন করে এবং অভিবাবকরা বহণ করে মাত্র ৩০ ভাগ। এখানে যে ১৭৷৷০ টাকা করে দেওয়া হবে এর ভার তাঁদের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে। একে শিক্ষা সঙ্কোচন নীতি ছাড়া আর কি বলতে পারি। অথচ আপনারা শিক্ষার পথে অহঙ্কার করে বলছেন এবার পুলিশের চেয়ে বেশী ব্যয় বরাদ্দ করেছেন। শিক্ষা খাতে এই ধাপ্পাবাজী এটা হচ্ছে শুধু ষ্ট্যাটিস-টিক্যাল জাগলারি এ ছাড়া আর কিছুই নয়। এই বলে আমি সভাপতির নির্দেশমত আসন গ্রহণ করছি।

Dr. Bijanbihari Bhattacharya:

মাননীয় সভাপালমহাশয়, এর আগে পর্য্যন্ত শিক্ষাখাতে বাজেটের ২০ পার্সেণ্ট কম বরাদ্দ হলেই বরাবর সরকারকে নিন্দা করা হয়েছে; যেন লক্ষ্য ছিল যে শতকরা আয়ের ২০ ভাগ কোনরকমে শিক্ষাখাতে বরাদ্দ করলেই আমাদের সমস্ত উদ্দেশ্য সম্পূর্ণ হবে--শিক্ষার আর কোন ত্রুটি থাকবে না। আমরা কিন্তু বরাবরই এই কথা বলে এসেছি যে শিক্ষাখাতে কতটাকা বরাদ্দ হবে সেই বরাদ্দের উপর সরকারের কাজের সাফল্য নির্ভর করে না। শিক্ষার পরিমাণ, শিক্ষার প্রসার এবং শিক্ষার যে উন্নতি তার উপরেই সরকারের কাজের সাফল্য নির্ভর করে। সুতরাং আজকে আয়ের শতকরা ১৯.৬ ভাগ বরাদ্দ করা হল অর্থাৎ প্রায় শতকরা ২০ ভাগ এসে গেল তা সত্ত্বেও আমরা লক্ষ্যে উপনীত হতে পারিনি। লক্ষ্যে পৌছাতে না পারলেও কিছুদূর অগ্রসর হয়েছি একথা অস্বীকার করব কি করে? যেটুকু উন্নতি হয়েছে সেটুকুও হয়নি সেটা বলবো কি করে। এবার শতকরা ১৯.৬ ব্যয়-বরাদ্দ হয়েছে যার পরিমাণ ৯ কোটি টাকা, যা পূর্বের চেয়ে প্রায় ২$\frac{১}{২}$ কোটি অধিক। মাননীয় বন্ধু সত্যপ্রিয় রায় এই অধিক ব্যয়বরাদ্দকে গভর্ণমেণ্টের ধাপ্পাবাজী বলে উল্লেখ করেছেন। ধাপ্পাবাজী শব্দটার প্রয়োগ অর্থের দিক থেকে সঙ্গত হয়েছে কিনা আপনিই বলুন। তবে কচির দিক থেকে এই শব্দের প্রয়োগ করা উচিত হয়েছে বলে আমি মনে করি না। যে টাকাগুলি শিক্ষাখাতে প্রযুক্ত হয়েছে তার কথা উল্লেখ করে সত্যপ্রিয় বাবু উষ্মা প্রকাশ করেছেন। কেউ জল চেয়েছে তাকে জলের বদলে দুধ দেওয়া হয়েছে। সে তো অমনি অগ্নিশর্মা। বলে, শুধু জল চেয়েছিলাম পানীয় হিসেবে। তুমি দুধ দিলে কেন? দুধ তো কেবল পানীয় নয়, এযে খাদ্যও। সত্যপ্রিয় বাবুর হয়েছে তাই। তিনি বলছেন যে টাকা বরাদ্দ করা হয়েছে সেটাতো শুধু এডুকেশন-এর জন্যে বরাদ্দ হয়নি। এডুকেসন-এর সঙ্গে সঙ্গে সে টাকায় আনএমপ্লয়মেণ্ট-ও দূর করা হচ্ছে। সত্যপ্রিয় বাবুর এইটাতে

বড় আপত্তি। কিন্তু এডুকেসন বিস্তারের ফলে যদি আনএম্‌প্লয়মেণ্ট কমে তাতে আপত্তির কারণ কি বোঝা কঠিন। প্রাথমিক বিদ্যালয়ের জন্যে প্রথম বৎসরে ৫ হাজার তারপর বৎসর ১০ হাজার, তারপর বৎসর ১০ হাজার এইভাবে ৩০ হাজার শিক্ষক নিযুক্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এবং সেই পরিকল্পনা অনুসারে ইতিমধ্যেই অনেক শিক্ষক নিযুক্ত হয়েছেন। ২$\frac{১}{২}$ কোটি টাকার অধিকাংশতো এর জন্যই খরচ হয়েছে। সেটাকে শিক্ষা ছাড়া আর কি বলবো। যদি এ কথা বলেন যে শিক্ষার যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেই পরিকল্পনাকে সুষ্টুতরভাবে, সুন্দরতরভাবে রূপায়িত করা আবশ্যক সে প্রস্তাবে আপত্তি করবো না, কিন্তু যে টাকা দেওয়া হয়েছে সে টাকা শিক্ষাখাতে নয় একথা বলার সঙ্গতি দেখি না। শিক্ষিত বেকারী দূর করবার জন্য ১,১৬,৩৫,০০০ টাকা ধরা হয়েছে এটা---

additional provision for teachers to be appointed next year under the scheme of relief of educated unemployment.

এই এডুকেটেড আনএম্‌প্লয়মেণ্ট কথার উপর এদের আপত্তি বেশী। এই প্রসঙ্গে আমি বলতে চাই এই এডুকেটেড আনএম্‌প্লয়েমেণ্ট নিবারণের পক্ষে শিক্ষক নিয়োগ করাই একমাত্র উপায় নয় এটা আমরাও স্বীকার করি। শিক্ষক নিয়োগ করে বেকারি দূর করা যায় না। যিনি শিক্ষকতার জন্য প্রস্তুত নন, শিক্ষকতার জন্য নিজেকে তৈরী করেননি, ফুড ডিপার্টমেণ্ট থেকে সরে যেতে হয়েছে বলে যিনি কর্মের অভাবে স্কুলে এসেছেন, বা রেশনিং ডিপার্টমেণ্ট থেকে পদচ্যুত হয়েছেন তিনি শিক্ষকতা করতে চান, তাঁরা সত্যই ভাল শিক্ষকতা করতে পারবেন না। কারণ শিক্ষকতাকে তাঁরা অন্তর থেকে গ্রহণ করেন নি। সেই জন্য আমি বলতে চাই যে শিক্ষাক্ষেত্রে এদের উপযুক্ত করে গড়ে তুলতে গেলে ট্রেণিং-এর প্রয়োজন। এখানে ট্রেণিং-এর জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা অতি সামান্য। একথা স্বীকার করতেই হবে, এই যে ২৫।৩০ হাজার শিক্ষক নিয়োগ করা হয়েছে এঁদের যতক্ষণ পর্য্যন্ত ট্রেণিং না দেওয়া হবে ততক্ষণ পর্য্যন্ত আমাদের ইচ্ছামত কাজ পাব না। এর জন্যে ট্রেণিং দেবার সুচিন্তিত ব্যবস্থা করা দরকার। এখানে ট্রেণিং-এর জন্য যে টাকা ধরা আছে তা পূর্ব বৎসরের পরিমাণের চেয়ে বেশী নয় অথচ শিক্ষকের সংখ্যা বেড়ে যাচ্ছে সেইজন্য আমি প্রস্তাব করছি, প্রদেশের বিভিন্ন জায়গায় বিভিন্ন স্কুল-কলেজে সরকারী তত্ত্বাবধানে সর্ট কোর্স ট্রেণিং-এর ব্যবস্থা করা হোক। বড় বড় স্কুল-এ যে সমস্ত ট্রেণ্ড টিচার্স আছেন তাঁদের দ্বারা এবং অন্যান্য যোগ্য ব্যক্তি দ্বারা যদি সরকার একটা সর্ট কোর্স ট্রেণিং-এর ব্যবস্থা করেন তো ভাল হয়। প্রতি বৎসরে পূজার ছুটী ও গরমের ছুটীতে এই দুই মাসে ট্রেণিং দেওয়া চলবে। জেলা ও মহকুমা সহরে যে সব বড় বড় স্কুল আছে তাদের কর্তৃপক্ষের উপর ভার দেওয়া হোক, জেলার স্কুল বোর্ডও তাঁদের সাহায্য করুন। সরকারকে এ বিষয়ে একটি পরিকল্পনা রচনা করে কাজ অবিলম্বে আরম্ভ করে দিতে হবে। এইভাবে সর্ট কোর্স ট্রেণিং-এর ব্যবস্থা করলে আমার মনে হয় অল্প সময়ের মধ্যে সরকার অনেকগুলি শিক্ষককে এক সঙ্গে শিক্ষিত করতে পারেন।

[11-30—11-35 a.m.]

মাননীয়া সদস্যা অনিলাদেবী গতকাল উল্লেখ করেছিলেন, আজ আবার মাননীয় সদস্য সত্যপ্রিয় বাবুর মুখে শুনেছি যে মোটে তিন বছরের জন্য এই শিক্ষকদের নিযুক্ত করা হচ্ছে। কিন্তু আমাদের গভর্ণমেণ্ট যখন সমস্ত দেশের ছাত্রদের শিশুদের সকলকে স্বাক্ষর করে তোলার ব্রত গ্রহণ করেছেন এবং দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে দেখতে পাবো যে দেশের শতকরা ১০০ জন ছেলেমেয়ে সাক্ষর হয়ে উঠবে, লেখাপড়া শিখবে তখন সেই পরিকল্পনাকে যদি আমরা সফল করতে চাই তাহলে একথা মনে করবার কি কারণ আছে যে তিন বছরের জন্য শিক্ষকদের নিযুক্ত করে তিন বছর পূর্ণ হলেই তাঁদের ছাড়িয়ে দেওয়া হবে? আমি তো বুঝতে পারি না। আর তাই যদি হয়, তাহলেতো তাঁদের দলই আছে। য়্যাসেমব্লি হাউস ঘেরার অভিযান করবে সেই দল। যাঁরা শিক্ষকদের মধ্যে বিভেদ সৃষ্টি করবার জন্য, শিক্ষকদের উত্তেজিত করবার জন্য এবং যাঁরা প্রতিটি সুযোগ গ্রহণ করবার জন্য সর্বদা প্রস্তুত আছেন, তাঁরা মনে মনে হয়ত কামনা করেন ঐ ৩০ হাজার শিক্ষককে সরকার যদি একদিন পদচ্যুত করে দেন তাঁহলে দেশের অর্থাৎ তাঁদের দলের পক্ষে খুব সুবিধা হবে।

(At this stage blue light was lit.)

সত্যপ্রিয় বাবু বলেছেন গভর্ণমেণ্ট সমস্ত টাকা লুটছে। আমার অনেক কথা বলবার আছে। দু-পাঁচ মিনিট সময়ও আমরা পাই না। ওরা তো ৩০।৩৫ মিনিট বলেছেন। আমাকে অন্ততঃ পনের মিনিট সময় দিন।

Mr. Chairman: All right, please go on.

Dr. Bijanbihari Bhattacharya: Thank you Sir.

আমি এই ৩০ হাজার শিক্ষকদের কথা বলছি। তাঁরা একদিন পদচ্যুত হবেন এ কথা বলবার কোন কারণ শ্রদ্ধেয় সদস্যা অনিলা দেবীর নাই। এই দেখে মনে হচ্ছে প্রাথমিক শিক্ষকদের দুরবস্থার জন্য তাঁরা যেভাবে দুঃখবোধ করছেন তাতে মনে হয় মায়ের চেয়ে তাদের দরদ বেশী। অবশ্য তা যদি হ'তো, তাঁরা সত্যি সত্যি যদি শিক্ষকদের প্রতি যথেষ্ট করুনা করতেন, তাহলে তিনি যে প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত আছেন, তা থেকে আজ শিক্ষক সমাজে বেরিয়ে আসতেন না। শিক্ষকদের নামে যে হাজার হাজার টাকা ব্যয় হয়, তার মধ্যে ঐ প্রতিষ্ঠানের শিক্ষক সদস্যেরা কত টাকা পেয়ে থাকেন? হাজার হাজার টাকা ঘুষের কোন হদিস মেলে না। এই সেকেণ্ডারি এডুকেসন বোর্ড সাংস্কৃট সিলেক্সন-এর ভার এ, বি, টি, এ-র হাতে তুলে দিলে প্রতি বছর তাতে ২০ হাজার টাকা লাভ হয়েছিল। সেই লাভের টাকা কয়জন শিক্ষক পেয়েছেন এবং কয়জন শিক্ষকের উপকারের জন্য সেই অর্থ ব্যয় হয়েছে?

Sj. Satya Priya Roy: I beg to submit, Sir, that the member is speaking irrelevantly, in referring to the A.B.T.A.

Dr. Bijanbihari Bhattacharya:

এখনো আমি দাড়িয়ে আছি, হাউস এখনো আমার অধীন।

Mr. Chairman: Discussion was started by the Opposition, and I think he is within his rights to discuss the whole question, because it refers to the educational policy of the Government.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, are we discussing the policy of the A.B.T.A.?

Mr. Chairman: It is linked up with the Government's educational policy.

Sj. Satya Priya Roy: On a point of order, Sir. If my friend Dr. Bijanbihari Bhattacharya goes on I do not mind that. But the question is that it is not the A.B.T.A. which is under discussion. The Opposition never referred to it. What he is saying is nonsensical, and he is going outside his rights in making personal references.

Sj. Nirmal Chandra Bhattacharyya: We did not refer to the A.B.T.A. as far as I remember.

Sj. Sankar Das Banerji: Sir, is it parliamentary to refer to the speech of another member as nonsensical?

Mr. Chairman: It is all right when "nonsensical" refers to any sentiment expressed. Dr. Bhattacharya, please go on.

[11-35—11-40 a.m.]

Dr. Bijanbihari Bhattacharya:

তারপর কলেজ সম্পর্কে বাজেটে যে বরাদ্দ আছে তার সম্বন্ধে একটু আমার আপত্তি জানাবার আছে। এটা নিতান্ত দুঃখের কথা বলে আমি মনে করছি, নন-গভর্ণমেণ্ট কলেজগুলির দিকে সরকার দৃষ্টি দেন নাই। ডিয়ারনেস য়্যালাউয়েন্স--রিভাইসড্ যা ছিল আগের বছর ৫৬ হাজার টাকা। আর আগামী বছরে বাজেটে মাত্র ৬১ হাজার টাকা দেওয়া হয়েছে এবং বর্দ্ধিত মহার্ঘ্যভাতা মাত্র ২৷৷০ টাকা করে দেওয়া হয়েছে। সরকারী কলেজের শিক্ষকরা তাঁদের দুরবস্থা, তাঁদের দুর্দ্দশা জানাবার জন্যে দল বাঁধেন না। তাঁরা কোন পার্টির সঙ্গে জড়িত হয়ে প্রতিষ্ঠান গড়ে সরকারকে বিব্রত করতে চান না। এই জন্যই বোধ হয় তাঁদের মাত্র আড়াই টাকা বাড়িয়ে দেওয়া হচ্ছে। এই সম্পর্কে আমি মুখ্য মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কলেজের ডিয়ারনেস য়্যালাউয়েন্স সম্বন্ধে যে পুরাতন ইতিহাস আছে, তা আমি বলবো না। এখন যেটা দশ টাকা থেকে পনের টাকা আছে, সেটা মাত্র আড়াই টাকা বাড়িয়ে সাড়ে সতের টাকা করা হয়েছে। এটা কলেজের যাঁরা দুর্দশাগ্রস্থ শিক্ষক তাঁদের পক্ষে মোটেই গৌরবের

কথা নয় এবং সরকারের পক্ষেও গৌরবের কথা নয়। নন-গভর্ণমেণ্ট কলেজ-এর যে অবস্থা, নন-গভর্ণমেণ্ট স্কুলগুলিরও সেই অবস্থা। আমি মনে করি যে ১৭।।০ টাকা ডিয়ারনেস য়্যালাউয়েন্স নন-গভর্ণমেণ্ট স্কুলগুলির জন্য দেওয়া হয়েছে, এটা ক্যালকাটা স্কুলস-এ নয়, বড় বড় স্কুলেরও নয়, গ্রামের স্কুলগুলিতে তাদের বিনাসর্তে সেই ১৭।।০ টাকা দেওয়া উচিত। এটা সেখানকার দরিদ্র শিক্ষকদের কাজে লাগবে। এদিকে আমি শিক্ষা মন্ত্রী-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আর সরকারী স্কুল সম্পর্কে যে কথা হয়েছে গতকাল আমাদের বন্ধু মাননীয় রায় চৌধুরীমহাশয় যেটা বলেছিলেন যে চারিদিকে মরুভূমি, আর সেই মরুভূমি মধ্যে এই সরকারী স্কুল, কলেজগুলি হচ্ছে ওয়েসিস্। সেগুলো যদি ওয়েসিস্ হয়ে থাকে, তাহ'লে গভর্ণমেণ্টকে বলবো আজ বাংলাদেশের সব কয়টী বে-সরকারী স্কুল, কলেজকে তাঁরা গ্রহণ করুন। সব স্কুল কলেজকে সরকারী করতে হলে তাঁদের যে আর্থিক সঙ্গতি থাকা উচিত আসলে তা নাই বলে হয় নি। এটা যদি হয়, তাহলে এটাই হচ্ছে আদর্শ ব্যবস্থা। সমস্ত স্কুল, কলেজে পরিচালনার ভার গভর্ণমেণ্টের হাতে থাকবে। একথা নন-গভর্ণমেণ্ট স্কুলকলেজের শিক্ষকরা মনে করতে পারবেন। আমাদের উভয়ের কর্ত্তব্য এক। কিন্তু আমাদের মধ্যে বৈষম্য আছে। কেবল টাকার কথা বলছি না। সকল বিষয়েই বৈষম্য। এদিকে মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয়ের এবং শিক্ষা মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

এই বছর কনভোকেশন য়্যাড্রেস-এ ভাইস-চান্সেলার মহাশয় উল্লেখ করেছিলেন কোন একটা কলেজে একশোজন ছাত্রের মধ্যে একশোজনই পাস করেছে এবং উচ্চ শ্রেণীতেই পাস করেছে। সেটা হচ্ছে বেলুড কলেজ। সেখানে স্বার্থত্যাগী সন্ন্যাসীরা নিজেরা পড়ায় এবং বাইরে থেকে অন্যান্য কলেজের শিক্ষকরা কিছুক্ষণের জন্য গিয়ে অল্প টাকায় তাঁদের সাহায্য করেন। হতে পারে, নন-গভর্ণমেণ্ট কি গভর্ণমেণ্ট কলেজে যদি যথেষ্ট চেষ্টা থাকে এবং আন্তরিকতা থাকে, তাহলে শিক্ষার উন্নতি হতে পারে। কিন্তু গভর্ণমেণ্ট সেই স্কুল, কলেজগুলি হাতে নিলে আরো সুবিধা হবে। এক আর্থিক দায়িত্ব সম্পর্কে তাঁরা নিশ্চিন্ত হতে পারেন। আর গভর্ণমেণ্টও ইচ্ছা করলে আরো কিছু বাড়াতে পারবেন। এই যে দেখুন কিশলয় বইগুলি গভর্ণমেণ্ট থেকে প্রকাশিত হয়েছে। এই বইয়ের কোনটার দাম ছয় আনা, কোনটার দাম সাত আনা, কোনটার দাম দশ আনা। অতি অল্প মূল্যে শিক্ষা প্রসারের জন্য গভর্ণমেণ্ট নিজের হাতে এই বইগুলি রচনা করে প্রকাশিত করেছেন। এটা খুব ভাল কাজ হয়েছে। এতে অভিভাবকরাও সরকারকে ধন্যবাদ দিচ্ছেন, তাঁরা অল্প পয়সায় বই কিনতে পারছেন। কিন্তু শিক্ষা বিভাগ কেন এই ব্যবস্থা করেন নি, যাতে করে ছয় আনা, সাত আনা দিয়ে বই কিনে আড়াই টাকা মূল্যের বোধিণী পড়তে বাধ্য না হয়? ছাত্রছাত্রীরা এগুলো পড়তে বাধ্য হয়। শিক্ষকরা অল্প টাকা পান ব'লে অনেকেই বইএর ব্যবসা করেন। আর আমাদের দেশের প্রকাশকেরা তার মধ্যে এ, বি, টি, এ একটি বিশেষ প্রকাশক প্রতিষ্ঠান তাঁরা নোট বই তৈয়ার করেন এবং নোট বই বিক্রী কোরে অর্থ সঞ্চয় করেন ঐ অবৈধ অর্থ বা এই নোটবই এর উপর ট্যাক্স হওয়া উচিত। যেমন অশ্লীল পুস্তক ইত্যাদি বাজেয়াপ্ত করা হয় এবং পুলিশ তার ভার নেয় কেন না সেটা সমাজের পক্ষে দোষণীয় তেমনি শিক্ষা বিভাগের পক্ষেও এসব নোটবই বন্ধ করা উচিত। এতে ছোট শিশুদের লেখাপড়া ব্যহত হয় ব'লেই শিক্ষাবিদ্‌রা মনে করেন। যে ছোট ছেলে কিশলয় কিন্‌ছে সে কেন ২।।০ টাকা দিয়ে নোটবই কিনবে? স্যার, ১৯ লক্ষ ছেলে এই প্রাথমিক বিদ্যালয়ে পড়ছে বলা হয়েছে। তাহলে প্রতি বৎসর এই ১৯ লক্ষ নোটবই বিক্রী হচ্ছে। এমন ছাত্র নাই যে নোটবই না কেনে। স্কুলে দেখবেন প্রত্যেক ছেলের হাতে নোটবই আছে। তাহলে শিক্ষা ব্যবস্থার মধ্যে এমন সংস্কার করতে হবে যাতে নোটবইএর প্রয়োজন হবে না। এই চেষ্টা শিক্ষকেরা মিলে করুন। তা নাহলে গভর্ণমেণ্ট চেষ্টা করুন ডিপার্টমেণ্ট থেকে এবং তার জন্য অনুসন্ধান কমিটি করুন। তাঁরা দেখুন, নোটবইএর প্রয়োজন আছে কি না। যদি তাঁরা মনে করেন নোটবই অপরিহার্য্য তাহলে ভাল নোটবই লেখার জন্যে গ্রন্থকারদের উৎসাহিত করুন। যে বইয়ের দ্বারা উপকার পাওয়া যাবে বিশেষজ্ঞ দ্বারা এমন বই তৈরী করান। তা না হলে বাজারের সব মেড ইজি শ্রেণীর বই বাসকেট-এ ফেলা হোক। অশ্লীল পুস্তক যেমন পুড়িয়ে ফেলা হয় আর তাদের রচয়িতাদের যেমন জেল দেওয়া হয় সেই রকম ব্যবস্থা করা হোক।

[11-40—11-45 a.m.]

Sj. Sankar Das Banerji: Mr. Chairman, Sir, I do not think it necessary to applaud the West Bengal Government about their past achievements,

but one thing I would like to tell this House regarding the charges against the West Bengal Government over unemployment. Sir, it cannot be denied that there is a very large number of people who are unemployed and it has been admitted by the Government here and outside that the number of unemployed people has increased. But the only thing we have to consider is whether Government is really doing nothing to remove this unemployment. Now, let us examine the facts. First, everybody knows that this province—this State—is to depend on agriculture mainly—majority of the people living in the State are agriculturists. Now, I do not think it is necessary to give members facts and figures to prove that the proportion of land considering the proportion of the landless is wholly disproportionate. From 1951 Census which has been quoted in this House it is apparent that the quantity of land in Bengal is not enough to go round. It is true that this Government has introduced large-scale reforms by abolishing zemindary and another Bill is shortly coming before this House—the Land Reforms Bill. Although it is the duty of Government to bring equitable distribution of land, anybody who is conversant with facts and figures will tell you that unemployment cannot be relieved even by these legislative measures.

11-45—11-50 a.m.]

The next point is, I do not think I will be very long, the Chief Minister himself has indicated in his speech, that we must turn to industries and try to relieve unemployment. Facts and figures have been given in his speech and therefore it needs no repetition here. The next point which I would like to stress and ask the Government to keep in mind is the fact that whenever industries and factories were started, the past history points out to us that each time the industry has been started in this State a large number of persons have been displaced from their holdings, the workers came from other States, adjoining and even distant States. Of course, the Government is not responsible for what has happened in the past. In the past, it is perfectly true, the Bengalee agriculturists were not willing to leave their holdings behind and join the factories but today the table has completely turned and a very large number of Bengalees who do not find sufficient land for cultivation are anxious to come as industrial workers. One of my friends opposite pointed out to us that the Government should compel the industrialists to take in Bengalees. Let me remind them of the fact that so long as the Industrial Disputes Act and other allied Acts are there the workers who are already in the scene and working as industrial workers cannot be thrown out of their employment and there is hardly any room for putting the Bengalees so far as the present industries are concerned. The point is about future industries and I think that Government ought to take it a condition precedent that first preference should be given to Bengalees and not to people from other States. I may point out to Government one fact which recently came to my knowledge. In one of the biggest factories near about Asansol when it was started even long before 1947, one of the conditions of the acquisition was that they must take in displaced persons. In other words Bengalees would be employed. This concern never implemented the promise and displaced Bengalees were not taken. Therefore, Government ought to be mindful of this fact. Otherwise I do not think the problem of unemployment can be solved.

Another point which I want to touch is this. Government has taken care that electricity should be made available in many distant parts of Bengal but they must remember one thing that the rate charged for the current consumption should be within the reach of the cottage industries. I understand that the Government have a comparatively lower rate for the bulk quantity consumed. If the rate is not low for small consumption I do not think it will assist the people in starting small cottage industries and

it is my earnest request to the Chief Minister to take note of this fact. Once before I alluded to this fact but nothing has happened. Our friends opposite have accused the Government pointing out that the rate of taxation has risen from Rs. 5-6 to Rs. 16. I think this is a very misleading argument and it is intended to mislead the unwary people. Even in the best countries of the world, United States of America, England, etc., taxation is at its highest pitch. The idea behind taxing is that the money recovered from the ordinary people—people who can afford—should be ploughed back for the development of the State. I do not know what is in the minds of those who are laughing and smiling without understanding one word of economics.

[11-50—12 noon.]

Is England not prosperous? Is United States not industrially developed? Is it not prosperous? Why is taxation so heavy? It is by means of taking money from those who can afford to pay and giving to those who cannot afford to pay that we can prosper. [Interruption from Opposition benches] Not being an educationist myself but knowing something about industry and taxation, to my mind what Government is doing is the proper taxation. Taxation should be heavier on those who can afford to pay; they should be compelled to pay and the money realised should be utilised for the development of the country and for the relief of the distress of the poor. I do not think I need touch anything more today. The members of the House have practically discussed everything and I do not think I can usefully add anything. But before I take my seat I would like to tell you that it is a fact today that 19 lakhs of students are in the primary schools and that there are 58,000 teachers. It is one of the biggest falsehoods to say that Government is doing nothing for the development of the country. Anybody who cares to know will at once know what the Government has done to medical help, for extending maternity benefit and for everything else. I do not think I need champion the cause of the Government but I say that it is one of the greatest falsehoods to say that Government money is being wasted and that nothing is being done for the development of the country.

Sj. Chittaranjan Roy: Mr. Chairman, Sir, I would like to say a few words about the handloom industry and the bell-metal industry to which reference was made by my friend Sj. Annada Prasad Chaudhuri in his speech. Sir, he commented on the fact that Rs. 3 lakhs and 50 thousand has been allotted for handloom shops and said that recourse should have been taken to ordinary trade channels instead of wasting money on these handloom shops. In the same breath he says that the traders in the normal channel or their agents are instrumental to the deterioration of standard in design, texture and the dye used. And, Sir, still he wants Government to employ the traders in the normal channel. Sir, are we to blame if we have not done so? Sir, Government are opening one hundred shops throughout this State and shops have been allotted to co-operative institutions only so that the production can be brought from door to door in every part of the State instead of the only market in the metropolis. Besides, the sale price will be controlled and standardisation of products shall be maintained by this means. Sir, because these co-operative institutions are not accustomed with the trade channels, they have been subsidised for the first three years at the rate of Rs. 3,500 a year per shop towards their establishment.

Then, Sj. Annada Prasad Chaudhuri also commented on the negligence of Government to provide weavers with raw materials at reasonably cheap cost. Sir, probably he does not know or knows and only manages to forget that Government have organised 90 production co-operative centres with all

weavers and they are being supplied with yarn by Government at the mill rate with very small charge for overall cost. This would help initially about 9,000 weavers.

Sir, another complaint was that sales tax has not been exempted. Probably my honourable friends are not aware that there is no sales tax imposed upon ordinary cloths such as *dhoties* which are sold at Rs. 7-8 per piece and *saris* which are sold at Rs. 10 per piece. Those who can afford to buy finer *dhoties* and *saris* at higher prices should not grudge to contribute a few coins towards the Government fund for development of their country. So, Sir, that the sales tax has not been exempted is not a correct version.

তিনি আমাদের অবুঝ মনে করেন এবং বলেন অবুঝরে কি বুঝাইবা অর্থাৎ তিনি নিজেকে ছাড়া আর সকলকেই অবুঝ মনে করেন এবং তাঁদের আর তিনি বোঝাতে চান না। যাই হোক আমরা তাঁকে বুঝাবার চেষ্টা করবো।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের বাংলাদেশের সামনে যে সমস্যা সবচেয়ে প্রধান হয়ে দেখা দিয়েছে যে সমস্যার কথা উনি স্বীকার করেছেন সেটা হচ্ছে বেকার সমস্যা। এই বেকার সমস্যা আলোচনা প্রসঙ্গে আমি ওঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। উনি নিজে অবহিত আছেন, তাঁর বাজেট বক্তৃতায় বহিঃপ্রকাশ আছে, অভিব্যক্তি আছে, কিন্তু তা সত্বেও তিনি যেভাবে প্রশ্নটা এড়িয়ে যাচ্ছেন আমরা তার ঘোর প্রতিবাদ করি। অধ্যক্ষমহাশয়, বাজেটের সাধারণ বিতর্কের সময় আমাদের পক্ষ থেকে বলা হয়েছিল যে বাংলাদেশে যে লোক নিয়োগের নীতি

আছে তা যদি পরিবর্ত্তন না করা হয় অর্থাৎ কিনা আমি স্যার পরিসংখ্যান দিয়ে দেখিয়েছিলাম যে বাংলাদেশে অবাঙ্গালীদের নিয়োগের আধিক্য আছে তার কারণ বাঙ্গালী কর্ম্মবিমুখ এটা নয় তার কারণ হচ্ছে বিভিন্ন কারখানায় যে নিয়োগ নীতি পরিচালনা করা হয় সেই নীতিই। অধিকাংশ জায়গায় যে অন্যান্য জায়গা থেকে শ্রমিক নিয়ে আসার ব্যবস্থা আছে তার পরিবর্ত্তন না হলে অর্থাৎ যতদিন না পর্য্যন্ত আমাদের সরকারের পক্ষ থেকে, আমাদের শ্রমদপ্তরের পক্ষ থেকে এ সম্বন্ধে কড়া নির্দ্দেশ দেয়া হয়, ততদিন পর্য্যন্ত এর পরিবর্ত্তন ঘটবেনা, ঘটা সম্ভবও নয় তার কারণ হচ্ছে বাংলায় ৪।।০ লক্ষ বেকার আছে এবং প্রতি বছর ১ লক্ষ ২০ হাজার বেকার বেড়ে যাচ্ছে এই জিনিষ এটা চলবে। তার কারণ যেসমস্ত কারখানা আছে বা ভবিষ্যতে হবে সেই সমস্ত কারখানায় নিয়োগের নীতি ঐভাবে চলতে থাকলে নূতন কোন বাঙ্গালী নিয়োজিত হবেনা। দ্বিতীয় কথা এই সমস্ত কারখানায় বাঙ্গালী নিয়োগের বিরুদ্ধে একটা পলিসি আছে তার কারণ প্রধানতঃ বাঙ্গালী এই সব কারখানার মালিক নন, কোন কোন ক্ষেত্রে মালিক হলেও তাঁরা বাঙ্গালীদের নিয়োগ করতে চান না সেটা খুবই দুঃখের কথা। কিন্তু বাঙ্গালী শ্রম-বিমুখ নয়। হাওড়া ইঞ্জিনিয়ারিং শিল্প তার প্রমাণ। টাটানগরে যদি কেউ যান ত দেখতে পাবেন যে সেখানকার কারিগরী কাজে অনেক বাঙ্গালী নিযুক্ত আছে। শ্রমদপ্তরের নীতি হিসাবে যদি বাংলা সরকার এটা গ্রহণ করেন যে এখন থেকে প্রতিটি কারখানায় কাজের জন্য যদি কিছু খালি হয় এবং যদি উপযুক্ত বাঙ্গালী যুবক পাওয়া যায়, ভাল লোক পাওয়া যায়, তাহলে তাকে সেই কারখানায় দিতে হবে অন্য কেউ পাবেনা, তাহলে নিশ্চয়ই ভাল হবে। যতদিন না এটা করা হয় ততদিন বাংলার বেকার সমস্যার সমাধান হবেনা। এই নীতিটা ঘোষণা করলে এবং চালু করলে আমাদের দৃঢ় বিশ্বাস এই অবস্থার পরিবর্ত্তন ঘটতে বাধ্য। স্যার ২।১টি দৃষ্টান্ত দিয়ে আমি প্রমাণ করবো যে বাঙ্গালী কারিগর এমন কি শিক্ষিত লোকদেরও তাঁরা রাখতে চান না। ডাক্তার রায় যে কার-খানাকে অত্যন্ত স্নেহের দৃষ্টি দিয়ে দেখেন—ইণ্ডিয়ান আয়রণ এণ্ড স্টিল কোম্পানীর কথা উল্লেখ করছি। গত কয়েক বছর ধরে যাদবপুর থেকে, বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে, পাশ করা যে সমস্ত বাঙ্গালী যুবকদের এ্যাপ্রেণ্টিস নেয়া হয়েছিল আজ ৭।৮ বছর কাজ করার পরও তাদের নেয়া হয়নি।

[9-45—9-50 a.m.]

Mr. Chairman: You are speaking on general matters which relate more to principles. That is not in order.

Dr. Monindra Mohan Chakrabarty: I am speaking on the general provisions of the Budget as also I am referring to the Budget speech of the Hon'ble Dr. Roy. Of course I shall be very brief in this matter. I am only citing instances.

Mr. Chairman: In the course of the general discussion you brought in certain topics and there is no point in repeating them now.

Dr. Monindra Mohan Chakrabarty: We had inadequate opportunity of discussing the Budget. Anyway I shall try to remember your instruction. But I just wanted to develop a few points.

স্যার, আমি বলছিলাম বার্ণপুরের বাঙ্গালী কারখানা, বাংলাদেশের কারখানা, সেখানে বাঙ্গালী এ্যাপ্রেণ্টিস নিয়োগ না করে অবাঙ্গালী এ্যাপ্রেণ্টিস নিয়োগ করা হচ্ছে। এইরকম ফেবারিটিজম দেখানো হচ্ছে। এসম্বন্ধে শ্রম দপ্তরের কি কোন দায়িত্ব নেই? স্যার, আমি আমার বাজেট বক্তৃতায় বলেছিলাম যে কেবলমাত্র যাদের কারিগরী বিদ্যা নেই সেই রকমের লোক নয়, যাদের কারিগরী বিদ্যা আছে, শিক্ষিত বিভিন্ন স্তরের কারিগর, যেমন কেমিষ্ট, ইঞ্জিনিয়ার ইত্যাদি, তাদেরও এইরকমভাবে কাজ থেকে ছাড়িয়ে দেওয়া হচ্ছে বা নিম্নস্তরে নিযুক্ত করা হচ্ছে। আমি দৃষ্টান্তস্বরূপ ডানলপ রবার ফ্যাক্টরীর কথা উল্লেখ করছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

স্যার, আই এ্যাম্ সরি, আমি ওঁকে একটু ইণ্টারাপ্ট করছি। এই সেই অবুঝরে কি বুঝাইবা প্রশ্ন আসছে। এ্যাপ্রোপ্রিয়েসন বিলের সঙ্গে লেবার ডিসপিউটের কোন সম্পর্ক নেই। এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলে যে সমস্ত পয়েণ্টস আছে সে সম্বন্ধে বলতে চান বলুন।

Dr. Monindra Mohan Chakrabarty:

আমি লেবার ডিসপিউটের কোন বিষয় বলছিনা।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
সাপ্লিমেণ্টারীতে যে যে গ্র্যাণ্টসের যা পয়েণ্টস আছে তা বলুন।

Dr. Monindra Mohan Chakrabarty:
জেনারেল বাজেটের কথা বলছি এটা এ্যাপ্রোপ্রিয়েসন বিল।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You have always spoken on the General Budget.

Sj. Nirmal Chandra Bhattacharyya: He is speaking under the head, namely, Appropriation for Labour.

Mr. Chairman: You please speak on the principle of Appropriation.

Dr. Monindra Mohan Chakrabarty: While speaking on the principle of Appropriation in the Budget, apparently I have to refer to the Budget. (Sj. ANNADA PROSAD CHOUDHURI: Appropriation of an expenditure for a purpose.)
স্যার, আমি ডানলপ কারখানার কথা বলছিলাম যে সেখানে বাঙ্গালী বা ভারতীয় কর্ম্মচারী থাকা সত্ত্বেও তাদের সুপারসিড করে অভারতীয় এবং বৃটিশ কর্ম্মচারী নিয়ে নেওয়া হচ্ছে। আমি বলতে চেয়েছিলাম যে আমাদের মুখ্যমন্ত্রীমহাশয়ের বা শ্রমমন্ত্রীমহাশয়ের বা আমাদের বাংলাদেশের সরকারের একটা দায়িত্ব আছে যাতে এই সমস্ত জিনিষ না ঘটে এবং এই সমস্ত জিনিষ ঘটলে আমাদের বেকার সমস্যার সমাধান কোনদিনই হবেনা। স্যার, মুখ্যমন্ত্রীমহাশয় সব কাজে সর্ব্বজ্ঞ এটা অনেকের ধারণা এবং তিনি মনে করেন যে তাঁর মতের সঙ্গে যদি কেউ রাজী না হয় তাহলে সে অবুঝ। একটা দৃষ্টান্ত তাঁর দপ্তর সম্পর্কে উল্লেখ করতে চাই। আমরা ক্যালকাটা সিউয়েজ ডিসপোজাল স্কীমের অনেক কথা শুনেছি। এই সিউয়েজ ডিসপোজাল স্কীম নিয়ে আলোচনা হয়েছে। মুখ্যমন্ত্রীমহাশয়ের সঙ্গে আমরা একমত যে ক্যালকাটায় সিউয়েজ ডিসপোজাল স্কীম হওয়া উচিত এবং অন্যান্য যে সমস্ত স্কীম হয়েছে সেগুলিও হওয়া উচিত। কিন্তু যেভাবে এটা করছেন সেটার সঙ্গে আমরা একমত নয়। স্যার, আমি কয়েকটা কথা উল্লেখ করবো। আমাদের এখানে ক্যালকাটা সিউয়েজ ডিসপোজাল স্কীম সম্বন্ধে ডাঃ পোর্টেল রিপোর্ট দিয়েছিলেন এবং সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রীমহাশয় বিশেষজ্ঞদের মত চেয়েছিলেন এবং ডাঃ (উইন) গার্ডিনারও এই সম্বন্ধে কাজ করেছিলেন এবং একটা নোট্ দিয়েছিলেন।

[9-50—9-55 a.m.]

স্যার, আমার প্রথম বক্তব্য হচ্ছে যেভাবে এই ডাঃ পোর্টেলকে আনা হয়েছিল তার যৌক্তিকতা প্রতিপন্ন হয় নাই। তিনি তার দু-সপ্তাহের যে রিপোর্ট দিয়েছেন তার মধ্যে ডাঃ রায়কে এই বিশেষজ্ঞ কনসল্ট করেছেন, তাঁর মত যা হচ্ছে, ডাঃ পোর্টেলএর দু-সপ্তাহের অভিজ্ঞতার সঙ্গে ডাঃ উইন গার্ডিনার ৫।৬ মাস ধরে যে অনুসন্ধান করেছিলেন তাঁর সঙ্গে অত্যন্ত গুরুত্বপূর্ণ কয়েকটী বিষয়ে বিশেষ মতভেদ আছে। যেমন

'total sewage' 'total solid on the sewage' 'total suspended solid in the sewage which cannot be converted into gas' 'gas composition' 'technical data' 'Dr. Portel' 'electrical engineer'.

ইত্যাদি এই সমস্ত টেকনিক্যাল ডাটা আছে। তিনি এ সম্বন্ধে যেভাবে পরিচালনা করছেন সেটা ভুল হচ্ছে এই কারণে যে প্রথমতঃ তিনি অত্যন্ত কর্মব্যস্ত লোক, তাঁর যত ক্ষমতাই থাকুক না কেন, তাঁর পক্ষে ঐ জিনিষ নিয়ে লেগে থাকা সম্ভব নয়।

তারপর ডাঃ পোর্টেল যাঁর উপর যে কাজের ভার দিয়েছেন, এই বিশেষ স্কীম করেছেন, তিনি সেই কাজের উপযুক্ত ব্যক্তি নন। আমি জানতে পেলাম ক্যালকাটা করপোরেশনএর ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার যিনি তার উপর এর ভার দেওয়া হয়েছে।

Mr. Chairman: Dr. Chakrabarty, you seem to be straying from the point. You promised to be brief but you are elaborating a certain matter which is not within the scope.

Dr. Monindra Mohan Chakrabarty: Yes, I shall try to be as brief as possible.

স্যার, তিনি সম্প্রতি যে কাজের জন্য নিয়োগ করেছেন ক্যালকাটা করপোরেশনএর ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারকে তিনি একজন অভিজ্ঞ ব্যক্তি সন্দেহ নাই। তাঁর বিরুদ্ধে আমার কোন বক্তব্য নাই। তবে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার একাজ ভাল করে বুঝতে পারবেন না। এখানে দরকার হচ্ছে বাইও-কেমিষ্ট ইঞ্জিনিয়ার মাইকোলোজিষ্ট, তা না করে এঁরা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার এক ভদ্রলোককে করতে দিয়েছেন। তিনি নিজের কাজে নিশ্চয়ই অভিজ্ঞ। কিন্তু এ ধরণের কাজ দেখা তারপক্ষে সম্ভবপর নয়। তাই আমি আর একবার তাঁর কাছে আবেদন করতে চাই যে তিনি ক্যালকাটা সিউয়েজ ডিসপোজাল স্কীম করুন। কিন্তু সেটা করতে গেলে দরকার কেমিকেল ইঞ্জিনিয়ার ইণ্ডাসট্রীয়াল মাইকোলজি যিনি এগুলো সব অনুসন্ধান করে একটা তথ্য সংগ্রহ করবেন। সিউয়েজ ডিসপোজাল সম্বন্ধে কারো অজানা নাই কলিকাতা সিউয়েজ সম্বন্ধে তথ্য, সিউয়েজ লেবরেটরী, ডেভলপমেণ্ট লেবরেটরীতে কাজ করে অনেক কিছু জানবার আছে। সিউয়েজ ডিসপোজাল বহু দেশে হচ্ছে, তার একটা ষ্ট্যাণ্ডার্ড প্রসিডিওর আছে। কাজেই আমি বলবো অন্ততঃপক্ষে এটা যেভাবে করা উচিত, সেইভাবে তিনি যেন করেন।

মুখ্যমন্ত্রীকে আর একটা কথা বলি—অবশ্য মাননীয় অমূল্যধন মুখার্জী মহাশয় সেটা নিয়ে বেশী ডিল করেন একটা দৃষ্টান্ত দেব কিভাবে জনসাধারণের অর্থ ব্যয় হচ্ছে। এই প্রেসিডেন্সী জেনেরাল হসপিটাল—যেটাকে সুখলাল কারনানী হসপিট্যাল বলা হচ্ছে। এই প্রেসিডেন্সী জেনেরাল হসপিটাল সম্বন্ধে বাজেটে যে প্রগ্রেস রিপোর্ট আছে তাতে দেখা যায় এখানে পোষ্ট গ্রাজুয়েট ট্রেণিং এর জন্য কি ব্যবস্থা করা হয়েছে। সেখানে কতকগুলি প্রফেসার নিয়োগ হয়েছে। তার মধ্যে একজনের কথা বলছি, সে হচ্ছে বায়োকেমিষ্ট্রির প্রফেসর। সেখানে চাওয়া হয়েছিল বায়োকেমিষ্ট্রি টিচিং এক্সপিরিয়ান্স থাকা চাই, লেবরেটরী সংগঠনের অভিজ্ঞতা থাকা চাই, তা যথেষ্ট গবেষণার অভিজ্ঞতা থাকা চাই, ইত্যাদি। সেই পদের জন্য ১২।১৩ জন প্রার্থী ছিলেন। সেখানে যাকে নেওয়া হয়েছে তিনি পেয়েছিলেন সেকেণ্ড নমিনেশন। যিনি ফার্ষ্ট নমিনেশন পেয়েছিলেন তাঁর অন্ততঃ ২৫ খানা অরিজিনাল গবেষণার পেপার আছে ও ভাইটামিন "সি" তিনি আবিষ্কার করেন, তাঁর ১৬ বছরের শিক্ষাদানে অভিজ্ঞতা আছে, তাঁর কাছে বহু ছাত্র ডি, এস, সি, ডি ফিল ইত্যাদি হয়েছে। তাঁকে বিশেষজ্ঞদের তরফ থেকে ফার্ষ্ট নমিনেশন দেওয়া হয়েছে। অথচ তাঁকে না নিয়ে আর একজনকে নিয়োগ করা হয়েছে। তাঁর শিক্ষাদানে কোন অভিজ্ঞতা নাই, গুণেও অনেক কম। তিনি, শোনা গেল ডাঃ রায় আগে যে গ্লুকোনেট কোঃ লিমিটেডএর সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন, তিনিও তার সঙ্গে সংশ্লিষ্ট। আমি জানি না এ কথা সত্য কিনা। তবে উপযুক্ত প্রার্থীকে না নিয়ে যে অনুপযুক্ত প্রার্থী, তাঁকেই সেই পদ দেওয়া হয়েছে। ডাঃ রায় জানেন কি না জানিনা, তাঁর মিনিষ্টার অফ্ ষ্টেট অমূল্যধন বাবু জানতে পারেন। আমি বলবো এই ধরণের কাজে উপযুক্ত লোক পাওয়া গেলেও অনুপযুক্ত লোককে যদি নিয়োগ করা হয় এবং বাজেটের মাধ্যমে তার খরচ চলতে থাকে, অর্থের অপব্যয় হয় তাহলে এই বাজেটের উদ্দেশ্য সাধিত হবার কোন আশা নাই।

আমি সংক্ষেপে শিক্ষা দপ্তরের সম্বন্ধে একটা কথা বলবো। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় এখানে উপস্থিত নাই কেন নাই জানি না। তিনি হয়ত এখানে থাকবার কোন প্রয়োজনীয়তা আছে বলে মনে করেন না। যা হোক শিক্ষা মন্ত্রী যে এ কাজের যোগ্য নয়, তার একটা দৃষ্টান্ত দিতে পারি।

[9-55—10 a.m.]

Mr. Chairman: You have spoken for 15 minutes—how long do you want to continue?

Dr. Monindra Mohan Chakrabarty: Another 5 or 6 minutes.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There are other speakers also.

Dr. Monindra Mohan Chakrabarty: Sir, I beg to state that I rarely approach you for time. There are also not many speakers from this side.

Mr. Chairman: Is that the last item you are speaking on?

Sj. Nirmal Chandra Bhattacharyya: It appears that the Government is extremely nervous of criticism.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Professor Bhattacharyya is perhaps nervous—he may not get a chance.

Dr. Monindra Mohan Chakrabarty: During the Budget discussion we did not get much time to discuss.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I again protest and I lodge the protest formally that this Appropriation Bill is not the forum in which discussion of policy should take place. There was a time when we had a general discussion on these matters and again you should not go on repeating all these things. That is not the object of the Appropriation Bill. I again ask you to consider this point.

Dr. Monindra Mohan Chakrabarty: In view of the inadequate time given to the Council for discussion of the Budget, my submission is that we may be allowed to discuss these things a little more.

Mr. Chairman: The procedure in the Parliament which we to a very large extent follow here makes it definite that according to the present practice the committee stage of such a Bill is formal, and normally it is passed without a debate. But still some time is given here for debate; and I hope that the members would not go into general matters of policy.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I would not have minded if the general debate had taken place for another day more. But for the very simple reason that the arguments that are being put forward today it is not possible for us to meet because we are not ready with it, what is the good of making arguments and trying to throw mud here and throw mud there? This Appropriation Bill has a definite purpose.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, so far as I could gather you said that at the committee stage this procedure is not permissible. This is not the committee stage of the Bill—this is just a general discussion and it appears as such on the agenda paper.

Mr. Chairman: I said that the committee stage is final in the British Parliament, and here we have decided that there is scope for a certain amount of discussion. But then we should try to conform to actual convenience in our deliberations. That is what I wanted to point out.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, it affects the rights of every member of the House—I am speaking for Dr. Roy also.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am thankful for your shelter.

Sj. Nirmal Chandra Bhattacharyya: My friend is speaking on distinct heads. For example, he was speaking on the head "Education" in respect of which a grant of Rs. 8,98,00,000 and odd is sought to be appropriated. So, he is perfectly in order. He is speaking on particular heads mentioned in the Appropriation Bill.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I would again repeat that the policy underlying the allocation of funds on a particular head is not to be discussed in the Appropriation Bill. It is only whether the figures which have been put there by the Assembly are correct and the Assembly and the Council have to certify that the figures are correct.

Dr. Monindra Mohan Chakrabarty: Sir, we hold that in view of the inadequate time provided for discussion, we are entitled to discuss the heads. When we are referring to the expenditure that we are going to sanction, certainly we must be allowed to criticize the expenditure for which we are going to give final sanction.

Mr. Chairman: For discussion of the Budget this House was given sufficient time, as compared to the other House. The other House was given four days, and this House was given three days for discussion.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: If they wanted, they could have one day more.

[10—10-5 a.m.]

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, the Finance Minister has put upon the scope of discussion of the Appropriation Bill a fantastic interpretation.

He is saying that we are here just to satisfy that the figures have been correctly put. That is fantastic, and it is particularly amazing in view of the fact that it is emanating from the Finance Minister who is supposed to have some experience of parliamentary affairs.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I repeat again that the time for discussion on the policy of allocating funds under the different heads was during the General Discussion of the Budget. If three days were not enough, they could have four days. But at the time of passing the Appropriation Bill it is a perfectly clear approach that originally this Budget, as soon as it was passed, was sent to the Governor for signature. All that we have done under the new Constitution is that this is now done by the Legislature. The Governor never argues about any particular points. As the Chairman has pointed out, a certain amount of latitude is given for discussion but not on the policy for that.

Dr. Monindra Mohan Chakrabarty: We want to set up a new precedent.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের শিক্ষা দপ্তর সম্বন্ধে সামান্য আলোচনা করে আমার বক্তব্য শেষ করছি আমি বলছিলাম শিক্ষা মন্ত্রী মহাশয়ের বিভাগে অযোগ্যতার দৃষ্টান্ত এত বেশী যে সে সম্বন্ধে বেশী আলোচনা করবার প্রয়োজন নাই এবং সে সময়ও নাই। আমি দু'একটা কথা আলোচনা করব, গত তিন বৎসর যাবত মহারাজা মনীন্দ্র চন্দ্র নন্দী পলিটেক্‌নিক্যাল স্কুলের ব্যাপার এই পরিষদে ও অন্যান্য স্থানে আলোচিত হয়েছে। ২॥ বছর ধরে শিক্ষা দপ্তরে সে বিষয়টা পড়ে আছে, সে সম্বন্ধে তদন্ত হয়েছে, সমস্ত কিছু হয়েছে। তা সত্ত্বেও রিপোর্ট তাঁরা দিচ্ছেন না। তিনি সে আলোচনার সূত্রপাত করেছিলেন, আমরা তাঁর সঙ্গে দেখা করেছিলাম তিনি কিছুই করেন নি। তাছাড়া কিছু কিছু স্বার্থ সংশ্লিষ্ট লোক বিভ্রান্তির সৃষ্টি করেছে। মহারাজা মনীন্দ্র চন্দ্র নন্দীর দানেই এই হয়েছিল, পলিটেক্‌নিক্যাল হবে অর্থাৎ স্কুলে কারিগরি শেখানো হবে, কিন্তু সম্প্রতি সেখানকার পরিচালক মণ্ডলী এই কারিগরি বিভাগ তুলে দিচ্ছেন। দু-দুবার শিক্ষাদপ্তরের কাছে আবেদন করা সত্ত্বেও তারা কিছু করেন নি। আবারও আবেদন করা হবে, কিন্তু আমাদের কথা হচ্চে এই রমক অযোগ্য পরিচালনা যদি হয় শিক্ষা দপ্তরের তাহলে আজকে এই বাজেটে যে সমস্ত ব্যয়ের মঞ্জুরী দিয়ে দেওয়া হচ্ছে সে সমস্ত খরচের ভার অপাত্রে ন্যস্ত হবে এবং তাদ্বারা বাংলার কোন উপকার হবে না।

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে যে বিল এসেছে এই বিল নিয়ে সরকার পক্ষ চাইছেন বিধান সভা থেকে ও বিধান পরিষদ থেকে এটা অনুমোদিত হয়ে যাবে, এবং তারপর যে টাকার বরাদ্দ করা হয়েছে সে টাকা তাঁরা খরচ করতে পারবেন। কিন্তু অধিকারটা দেবার আগে বরাদ্দের টাকা তাঁরা ঠিক মতন খরচ করতে পারবেন কিনা সেটা বিধান পরিষদকে বিবেচনা করে দেখতে হবে। সেদিক দিয়ে লক্ষ্য করে বাজেট সম্বন্ধে আলোচনা করবার অধিকার নিশ্চয়ই বিধান পরিষদের সভ্যদের কাছে।

শিক্ষাদপ্তর সম্বন্ধে আমার বন্ধুবর মনীন্দ্রচক্রবর্তী মহাশয় বলে গিয়েছেন, আমিও বলব এবং তার আগে আমি সাধারণভাবে কিছু বলতে চাই, যদিও সমালোচনা করে বা এপ্রোপ্রিয়েশন বিলের বিরুদ্ধতা করে কোনলাভ হবে না—তা আমরা জানি। এবং এই পরিষদে মুখ্যমন্ত্রীমহাশয় দাঁড়িয়ে বলবেন এসব সমালোচনার আমি কোন

রে থাকিনা। যদি পার তাহলে আমার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পাশ কর তাহলে আমি চলে যাব, যতক্ষণ তা না পারছ ততক্ষণ যা খুসী বলে যাও। আমার আরম্ভ করবার পূর্বেই মুখ্য মন্ত্রীমহাশয় শারীরিক অসুস্থতা বশতঃ কিনা জানিনা, ত্যাগ করেছেন (এ ভয়েস:—ভয়ে?) ভয় আবার কি? আপনারা যখন আছেন এবং যে পর্য্যন্ত আপনাদের হাত তোলা রয়েছে সে পর্য্যন্ত আর ভয় কোথায়। শিক্ষা মন্ত্রী এখানে নাই, উপমন্ত্রী মহোদয়াও নাই তাই শিক্ষাদপ্তর সম্বন্ধে আলোচনা এবং যে টাকার বরাদ্দ করা হয়েছে সে সম্পর্কে কিছু বলা অবশ্যে বোদনের তুলই বিরুদ্ধ পক্ষের পক্ষে হবে, এটা আমরা পরিষ্কার বুঝতে পারি, সেইজন্যই মাননীয় অধ্যক্ষ মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা বিরোধী পক্ষের সদস্যরা যখন আলোচনা বা যখন সরকারের সমালোচনা করব তখন প্রধান মন্ত্রীমহাশয় কষ্ট স্বীকার করে বিধান পরিষদে থাকবেন, আমাদের মতামত ও সমালোচনার মূল্য দেবেন এ দাবী আমরা করতে পারি জনসাধারণের প্রতিনিধি হিসাবে।

শিক্ষা দপ্তরের জন্য ৯ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। কিন্তু শিক্ষা দপ্তরের অবস্থা কি আজ পশ্চিম বাংলায়? এই ৯ কোটি টাকা কি এই শিক্ষা দপ্তরের হাতে তুলে দেয়া যায়? যদিও এই পরিষদে শিক্ষা মন্ত্রী আসতে পারেন নি, শরীর দুর্বল বলে তাঁর পক্ষে আসা সম্ভব হয় নি, তার জন্য সহানুভূতি আমাদের যথেষ্ট আছে, তাঁর বয়সের প্রতিও আমরা সম্মান করি। কিন্তু যে দায়িত্ব তিনি নিয়েছেন সে দায়িত্ব পালন করবার মতন শারীরিক ক্ষমতাও মানসিক যোগ্যতা যদি তাঁর না থাকে তাহলে শিক্ষা মন্ত্রীর আসনে তাঁকে বসিয়ে রাখা পশ্চিমবঙ্গের শিক্ষা দপ্তরের পক্ষে কতটা ক্ষতিকর হবে তা যারা শাসন ব্যবস্থা চালাচ্ছেন তাঁদের ভেবে দেখা দরকার।

[10-5—10-10 a.m.]

Mr. Chairman: You are talking of general principles and of personalities. That is not proper here.

Sj. Satya Priya Roy: Sir, you will please consider this point. This amount has been budgeted and my point is that this Government cannot be entrusted with the responsibility of spending this amount, because this department is a worthless department.

Mr. Chairman: That involves *de novo* the question of general principles which are hardly appropriate in this connection.

Sj. Satya Priya Roy: Sir, we must say whether the amount that has been fixed in the Budget should be entrusted to these Ministers and their Secretaries.

.....বিভিন্ন খাতে যে টাকা ধরা হয়েছে আমি সেই সম্পর্কে বলছি এবং দাবি করছি যে টাকা আমরা বরাদ্দ করে দিচ্ছি এবং যাঁদের হাতে দিচ্ছি, সেটা খরচ করবার মতন যোগ্যতা তাঁদের আছে কিনা সেই প্রশ্ন আপনার সামনে উপস্থিত করছি। আমাদের শিক্ষা দপ্তরের বড়ই দুর্ভাগ্য যে এই দপ্তরের যিনি মন্ত্রী তিনি স্থবির আর উপমন্ত্রী যিনি, তিনিও হচ্চেন অপরিণত বয়স্কা।

Mr. Chairman: You are referring to the basic principle.

Sj. Satya Priya Roy: I am not referring to the basic principle. The point is we must say whether we should give the budgeted money at the hands of those who are not really competent to spend. Sir, I am opposing this Bill. I am rejecting this Bill, because I think that this Government should not be entrusted with the amount budgeted.

Mr. Chairman: That question does not arise in this connection. You must confine yourself to the Appropriation Bill. You cannot bring these things at this stage. If you are not satisfied with the personnel of the Government and of the Ministers, you can bring in a motion of no-confidence or something like that. Now in this connection you have got to speak on the different appropriations only, and not on the suitability or otherwise of persons in charge of some of the portfolios.

[10-10—10-15 a.m.]

Sj. Satya Priya Roy: On a point of order, Sir. I would like to know whether it is within the competence of the members to ask the question that the authorities to whom we are going to entrust with the money are competent or not. I would ask your decision about this matter—whether it is within our rights to know that.

Mr. Chairman: You see, the scope is very limited. In this connexion you can only refer to the various appropriations which are before the House. You have been given ample opportunities to discuss all these things in the General Discussion of the Budget and there is no point in repeating it over and over again, or I should say, rubbing it over and over again.

Sj. Annada Prosad Choudhuri:

স্যার, এই অবস্থা আপনার কাছ থেকে একাধিকবার শুনলাম যে আমরা জেনারাল ডিসকাসনএর সময় বলতে পারতাম। মুখ্যমন্ত্রী মহাশয় বললেন আমরা তিন দিনের জায়গায় চার দিন নিতে পারতাম। আপনার নিশ্চয়ই স্মরণ আছে যখনই বক্তৃতা ১০ মিনিটের জায়গায় ১৫ মিনিট হয়েছে তখনই কতবার নীলবাতি আর লাল বাতি জ্বলেছে। যাই হোক এবার তো আর সময় নেই, কিন্তু ওঁর এই কথাটা রেকরডেড হয়ে থাক যে তিন দিনের যায়গায় চার দিন আমরা নিলে ওঁর আপত্তি নেই এবং আমরা সেক্ষেত্রে ১০ মিনিটের জায়গায় ১৫ মিনিট নিলে আমাদের সময় সঙ্কুচিত করা হবে না।

Mr. Chairman: I think you had plenty of time and the members had enough opportunities to speak. Of course for the convenience of the debate and to expedite business I had to pull up some members occasionally. But nevertheless I think the members were fully satisfied that they had enough time to speak during the General Discussion of the Budget.

Sj. Annada Prosad Choudhuri:

সেটা বক্তার উপর নির্ভর করে যে তিনি সন্তুষ্ট হয়েছিলেন কিনা। আমার কথা হচ্ছে তিন দিনের জায়গায় চার দিন হলে যদি আপত্তি না থাকে তাহলে দশ মিনিটের জায়গায় পনের মিনিট নিলে কেন আপত্তি থাকবে?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

গভর্ণমেণ্টের রাজী বা অরাজীর প্রশ্ন উঠছে না, ২৪০ জন মেম্বরস আছেন এসেম্ব্লিতে তাঁরা যদি জেনারাল ডিসকাসন চার দিন করেন, তাহলে তিন দিনে এখানে কম মনে হবে কেন? তবে একটা জিনিষ বলতে আমি প্রস্তুত তা এই যে এসেম্ব্লিতে কাট মোসেনএর অপারচুনিটি আছে। সেই জন্যে বলেছিলাম যদি আপনাদের ইচ্ছা হয় তিন দিনের জায়গায় চার দিন জেনেরাল ডিসসনএর জন্যে নিতে পারেন।

Sj. Annada Prosad Choudhuri:

তিন দিনের জায়গায় চার দিন করার সময় আর এখন নেই, সময় পার হয়ে গিয়েছে। কিন্তু সময়ের এই সুযোগ আমরা নিতে পারি এই যা উনি বললেন এটা তাহলে ভবিষ্যতের জন্যে যেন রেকরডেড হয়ে থাকে।

Mr. Chairman: This of course will be on record. The Hon'ble Ministers have given their own views and I think there is no point in prolonging the discussion on this matter any further. Mr. Roy, will you proceed with your speech?

[10-15—10-20 a.m.]

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার নির্দেশমত আমি সাধারণভাবে বাজেট আলোচনা করব। এই যে ৯ কোটি টাকা ফুলিয়ে ফুলিয়ে দেখান হয়েছে ওটা শিক্ষা খাতে খরচ নয়। এদিকে দেখছি শিক্ষামন্ত্রী উপমন্ত্রী কেহই উপস্থিত নেই, এটা দুঃখের কথা। আমি মনে করি পরিষদের মর্য্যাদার দিকে লক্ষ্য রেখে মাননীয় অধ্যক্ষ মহোদয় এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করবেন। সাধারণভাবে এই যে ৯ কোটি টাকা খরচের বরাদ্দ হয়েছে এটা পরিকল্পনাহীন। পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা সম্পর্কে কোনরকম পরিকল্পনা নেই। একটা বিভাগ ইংরাজ

ঘের থেকে চলে আসছে, তাকে কোনমতে চালিয়ে যাওয়ার ব্যবস্থা। কারণ, যাঁর উপর এই শিক্ষাদপ্তরের ভার ুর শারীরিক বা মানসিক এমন অবস্থা নয় যাতে তিনি এই দায়িত্ব নিতে পারেন। আমি একটা একটা করে রছি। প্রাথমিক শিক্ষা ধরা যাক। প্রাথমিক শিক্ষার জন্যে বড়রকম বিভিন্ন বিদ্যালয় গড়ে উঠেছে আমরা ানি। সাধারণ প্রাইমারি বিদ্যালয় আছে ১৪ হাজার যা স্কুল বোর্ড কর্তৃক পরিচালিত হয়। তার পাশে রয়েছে ভর্নমেণ্ট স্পনসর্ড রিফিউজি প্রাইমারী স্কুলস; তার পাশে রয়েছে এডেড প্রাইমারী স্কুলস। এর সঙ্গে গোঁদের পর বিষ ফোঁট দেখছি বেসিক স্কুলস। এই যে বিভিন্ন ধরণের প্রতিষ্ঠান এর কি কার্য্যক্রম থাকবে তার মধ্যে কি পার্থক্য থাকবে সে সম্পর্কে শিক্ষাবিদদের নিয়ে আলোচনা করে কোন সুনির্দ্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করা হয়নি। াস্তবে বেসিক শিক্ষা বলে যে জিনিষ তার সঙ্গে সাধারণ বিদ্যালয়ের পার্থক্য নেই। মহাত্মা গান্ধী বুনিয়াদী শিক্ষা সম্পর্কে পরিকল্পনা করেছিলেন। তিনি যদি আজ বাংলার এই অবস্থা দেখতেন তাহলে হয়ত আতঙ্কে শিউরে উঠতেন, যে বুনিয়াদী শিক্ষার নামে এরকম কিছু হতে পারে। এই যে ৩৮৪টি বেসিক স্কুলস আছে ার জন্যে ২৫ লক্ষ টাকা বরাদ্দ করা আছে সেখানে পাঠক্রম কি নির্দ্ধারণ করেন, কি তার শিক্ষা পদ্ধতি, কে া নির্দ্ধারণ করেন সে সম্পর্কে কোন নির্দ্দিষ্ট পরিকল্পনা এই সরকারের নেই। তারপর এই বিভিন্ন ধরণের প্রতিষ্ঠানে বিভিন্ন শিক্ষাপদ্ধতি অনুসৃত হলে শিক্ষা জগতের এফিসিয়েন্সি সম্পূর্ণ নষ্ট হয়ে যাচ্ছে। প্রাথমিক শিক্ষায় যা হচ্ছে তা শিক্ষার প্রহসন ছাড়া আর কিছু নয়। প্রাথমিক ছাত্ররা যখন মাধ্যমিক বিদ্যালয়ে ভর্ত্তি য় দেখা যায় মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষা গ্রহণের যোগ্যতা তাদের নেই। মাধ্যমিক শিক্ষার ব্যাপারেও ওই একই নিয়মের রাজত্ব চলছে, কোন নিয়ম শৃঙখলা কিছুই নেই। লক্ষ লক্ষ টাকা অবশ্য খরচ করা হচ্ছে, তার কোন ুষ্ঠু ব্যবহার নেই। মাধ্যমিক শিক্ষা নিয়ন্ত্রণের জন্যে মধ্য শিক্ষা পর্ষৎ সরকার গঠন করেছিলেন। যে সামান্য াল ধরে সরকার সেই মধ্য শিক্ষা পর্ষৎকে বাতিল করা হয়েছিল তার সম্পর্কে তদন্ত করার দাবী করবার নসাধারণের তরফ থেকে এসেছে, কিন্তু সরকার সে রকম কিছু তদন্ত করেননি। কয়েক বৎসর হলো আমাদের ধ্য শিক্ষা পর্ষৎ বাতিল হয়েছে, এরমধ্যে কোন তদন্ত করার সময় পাননি। এরমধ্যে তারা একটা মাধ্যমিক শিক্ষা কমিশন গঠন করেছিলেন যে কমিশনের প্রত্যেক মেম্বারকে মাসিক ৩ হাজার টাকা বেতন দিচ্ছেন। তার ে কি রিপোর্ট আজ পর্য্যন্ত বের করতে সাহস পেলেন না। বোধ হয় কুচবিহার ফায়ারিং রিপোর্ট সম্বন্ধে মুখ্য ন্ত্রী যা বলেছিলেন যে জনসাধারণের স্বার্থে এটা প্রকাশ করা চলেনা এখানেও হয়ত সেই রিপোর্ট সেই একই কারণে বের করা চলে না। কিন্তু যে কেন চলেনা তা আমরা জানি। আমরা জানি যে শিক্ষা কমিশন মধ্য শিক্ষা সম্পর্কে সুপারিশ করেছিলেন কিছুটা সুযোগ সুবিধা সুবন্দোবস্তের সুপারিশ করা হয়েছিল কিন্তু সরকার তত্টা পর্য্যন্ত যেতে প্রস্তুত নন। ফলে মধ্য শিক্ষা পর্ষৎ একবৎসর হলো বাতিল হয়েছে কিন্তু সেখানে বিকল্প কিছুই হয়নি। এ্যাডমিনিষ্ট্রেটরের আমার শ্রদ্ধা আছে। তাঁর বিচক্ষণ আইনজীবি হিসাবে তাঁর সুনাম আছে, ানুষ হিসেবে তিনি ভাল, কিন্তু শিক্ষাজগতে তিনি সম্পূর্ণ আগন্তুক—বিশেষ করে এই বৃদ্ধ বয়সে।

[10-20—10-25 a.m.]

Mr. Chairman: Mr. Roy, I would suggest that instead of repeating what you have already said you make certain recommendations in connection with particular appropriations on which you are speaking.

Sj. Satya Priya Roy:

আপনার নির্দ্দেশ অনুযায়ী আমি বলছি। কেবল সরকারের দৃষ্টি আকর্ষণের জন্যই বলছি সরকারের কি র্ত্তব্য।

আমি অধ্যক্ষমহাশয়ের নির্দ্দেশ শিরোধার্য্য করে নিচ্ছি। আমি আমার বক্তৃতা সেই অনুযায়ী সরকারের কাছে তকগুলি সুপারিশের মত রাখছি। প্রথম কথা হচ্ছে মধ্যশিক্ষা পর্ষৎ অবিলম্বে পুনর্গঠন করা প্রয়োজন। এই ুনর্গঠন করতে গিয়ে মুদালিয়ার কমিশন রিপোর্টে যে সুপারিশ দিয়েছেন সেইভাবে এই পশ্চিমবাংলায় মধ্যশিক্ষা র্ষৎ গঠন করলে চলবেনা। এখানে জনসাধারণের প্রতিনিধিত্ব এবং শিক্ষকদের প্রতিনিধিত্ব দিতে হবে। পশ্চিম-াংলা শিক্ষার স্বাধীনতার জন্য চিরকাল সংগ্রাম করে এসেছে। এই পশ্চিমবাংলা রবীন্দ্রনাথের দেশ যিনি শিক্ষার াধীনতা সম্পূর্ণভাবে স্বীকার করে নিয়েছেন। এই পশ্চিমবাংলা স্যার আশুতোষের দেশ যিনি বিশ্ববিদ্যালয়ের াধীনতার জন্য তদানীন্তন রাজশক্তির বিরুদ্ধে প্রবল সংগ্রাম করতে কুণ্ঠিত হন নি। কাজেই এখন যদি সরকারের ুক্তিগত করবার জন্য মধ্যশিক্ষা পর্ষৎকে শিক্ষাবিভাগের একটা লেজুর হিসাবে গড়ে তোলা হয় তাহলে আমি

বলতে পারি যে পশ্চিমবাংলার শিক্ষাজগতে এমন একটা বিক্ষোভ দেখা দিবে যার সামনে সরকারকে নতি স্বীকার করতে হবে। কাজেই আমার সুপারিশ মধ্যশিক্ষা পর্ষৎ অবিলম্বে গঠন করতে হবে এবং মধ্যশিক্ষা পর্ষৎ গঠন করবার জন্য শিক্ষার স্বাধীনতা সম্পর্কে, শিক্ষার গণতান্ত্রিকতা সম্বন্ধে সমস্ত শিক্ষকদের এবং ছাত্রদের অভিভাবকদের প্রতিনিধিত্ব সেখানে গ্রহণ করতে হবে। দ্বিতীয়তঃ আজকে আমাদের যে মাধ্যমিক বিদ্যালয়গুলি চলছে, সেগুলি পরিচালনার জন্য কোন নিয়ম কানুন নেই। বিশ্ববিদ্যালয় একটা নিয়ম রচনা করেছিলেন স্কুল কোডের নামে কিন্তু মধ্যশিক্ষা পর্ষতের পক্ষ থেকে এ-কথা হাইকোর্টে বলা হয়েছে যে তারা বিশ্ববিদ্যালয়ের এই স্কুল কোড অনুসরণ করে চলেন না। মধ্যশিক্ষা পর্ষৎ তারা নিজেরা একটা স্কুল কোড তৈরী করেছিলেন, সেটি অব্ রেগুলেসন্স সেই রেগুলেসন্স আজকে তিন বছর ধরে গভর্ণমেণ্টের কাছে পড়ে আছে, গভর্ণমেণ্ট তার কোন উচ্চবাচ্য করছেনা। কাজেই বিদ্যালয়গুলির এমন অবস্থা তারা জানেনা যে কোন্ নিয়মে তারা পরিচালিত হচ্ছে। বছর থেকে বছর সিলেবাস্ বদলে যাচ্ছে। কোন একটা সুনির্দ্দিষ্ট নীতি মাধ্যমিক শিক্ষা সম্পর্কে অনুসৃত হচ্ছে না কাজেই যে স্কুল কোড সরকারের কাছে আছে সেই স্কুল কোড অবিলম্বে প্রবর্ত্তন করবার জন্য সরকারকে উদ্যোগী হতে হবে। লজ্জার কথা আজ তিন বছর ধরে মাধ্যমিক বিদ্যালয়গুলি পরিচালনা করবার কোন নিয়ম সরকার রচনা করতে পারেন নি। যে নিয়ম মধ্যশিক্ষা পর্ষৎ করে দিয়েছে তাও আবার তাদের কাছে পড়ে আছে সেটা বিবেচনা করবার সময় আজও পর্য্যন্ত তাঁরা পাননি। অবিলম্বে এই স্কুল কোড তৈরী করতে হবে। গ্রাণ্ট ইন্-এড্ সম্পর্কেও সরকার বিচার বিবেচনা করবার সময় পান না। যখন বছর শেষ হয়ে আসে তখন তাড়াহুড়ি কিছু টাকা স্কুলের মধ্যে বিতরণ করতে হবে এবং তখন তাড়াতাড়ি একছত্র লিখে রুলস বলে চালিয়ে দেন গ্রাণ্ট-ইন্-এড্ রুলস যা ২৭শে জানুয়ারীর গেজেটে দেয়া হয়েছে তার দুই একটা ধারা বিচার করলে পরিষ্কার বোঝা যাবে যে কোন রকম বিচার বিবেচনা, কোন রকম পরিকল্পনা না করে তাড়াতাড়ি মার্চ মাসের মধ্যে একটা গ্রাণ্ট-ইন্-এড্ রচনা করে দেন, এর ভেতর ৩০ লক্ষ টাকা বিতরণ করতে হবে। সেখানে বলা হয়েছে যে সমস্ত শিক্ষককে ৩ বছরের মধ্যে শিক্ষণ শিক্ষা লাভ করতে হবে। আমাদের শুধু এডেড্ স্কুলের শিক্ষকের সংখ্যা ১৫ হাজার। পশ্চিমবাংলায় যে শিক্ষণ শিক্ষার ব্যবস্থা আছে তাতে প্রতিবছর ছয়শো শিক্ষক শিক্ষণ শিক্ষার সুযোগ পেতে পারে। সুতরাং সরকার কি করে গ্রাণ্ট-ইন্-এড্ রুলসে লিখে দিলেন যে ৩ বছরের মধ্যে সমস্ত শিক্ষককে শিক্ষণ শিক্ষা গ্রহণ করতে হবে তা বুঝতে পারিনা। গ্রাণ্ট-ইন্-এড্ রুলসে শিক্ষণ শিক্ষাব্যবস্থার যে সম্প্রসারণ তাঁরা করছেন সে সম্পর্কে আজ পর্য্যন্ত সরকারের কাছ থেকে কিছুই শুনতে পাইনি। বার বার করে আমরা সরকারকে এ-সম্পর্কে অবহিত করছি, মধ্যশিক্ষা পর্ষৎ এবং বিশ্ববিদ্যালয়ের কাছে এই সমস্ত তুলে ধরেছি কিন্তু তারা শিক্ষণ শিক্ষার সুষ্ঠু ব্যবস্থা করছেন না। সেইজন্য আমার সুপারিশ হচ্ছে শিক্ষণ শিক্ষার ব্যবস্থা অবিলম্বে সম্প্রসারিত করতে হবে। শিক্ষকদের কলেজে যোগদান না করে শিক্ষণ শিক্ষার উপাধি পরীক্ষার সুযোগ দিতে হবে যেমন অন্যান্য বিষয়ে এক্সটারনাল ক্যাণ্ডিডেটসদের নেবার ব্যবস্থা বিশ্ববিদ্যালয় করেছেন। তেমন বি, টির ব্যাপারে এক্সটারনাল ক্যাণ্ডিডেটস হিসাবে শিক্ষকদের প্রাইভেটে বি, টি দেবার ব্যবস্থা করতে হবে তৃতীয় সুপারিশ হচ্ছে শিক্ষা দপ্তর যাতে তাড়াতাড়ি কাজ করতে পারে, দক্ষতার সঙ্গে কাজ করতে পারে নিপুণতার সঙ্গে কাজ করতে পারে সেই ব্যবস্থা সরকারকে করতে হবে। গত ফেব্রুয়ারী মাসে আমাদের মুখ্য মন্ত্রীমহাশয় ঘোষণা করেছিলেন যে শিক্ষকদের বাড়তি হারে বেতন দেওয়া হবে। তিনি ১৯৫৪ সালের ফেব্রুয়ারীতে বলেছিলেন, আজ ১৯৫৫ সালের ফেব্রুয়ারী মাস চলে গিয়েছে, এই এক বছরের মধ্যে মুখ্য মন্ত্রীমহাশয় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন বেতন বৃদ্ধির এবং এরজন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে....

[10-25—10-30 a.m.]

[At this stage the blue light was lit.]

Sir, I will require 10 minutes more.

Mr. Chairman: Mr. Roy, you have been on your feet since two minutes past ten. Of course there was some general discussion during the time that you went on talking. But please try to finish your speech. I have got to remind you that you were bringing in general principles and criticism of the Government which were, of course, quite appropriate in the course of discussion of the Budget, but not now. Please mention before the House your specific recommendations, and they would be welcome naturally as part of the debate.

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার সুপারিশগুলি বলছি। আমার সুপারিশ হচ্ছে সরকারের শিক্ষাবিভাগের মত এত অকর্ম্মণ্য এবং এত মন্থর কোন দপ্তর নেই।

Mr. Chairman: Mr. Roy, you are again repeating your arguments.

Sj. Satya Priya Roy: I shall be very glad if the Chairman clearly points out to me where I am repeating. I am placing recommendations before the House.

আমার সুপারিশ হচ্ছে যে শিক্ষা দপ্তর যাতে তাড়াতাড়ি কাজ করতে পারে এবং সেখানে যাতে যোগ্য শিক্ষাসচিব নিযুক্ত হতে পারে, কাহারও অনুগৃহীত লোক বা অযোগ্য লোক রাখা না হয় এবং শিক্ষা দপ্তর যাতে শিক্ষা সম্পর্কে বাস্তবিক পরিকল্পনা নিয়ে দেশের শিক্ষাব্যবস্থার উন্নতি করতে পারে সেইরকম মনোভাব যাতে শিক্ষা বিভাগের থাকে, শিক্ষার ভারপ্রাপ্ত মন্ত্রীর থাকে এবং বিশেষ করে আমাদের মুখ্যমন্ত্রীর থাকে এইজন্য আমার বক্তব্যগুলি বিধানপরিষদের সামনে আপনার নির্দ্দেশমত রাখছি। শিক্ষকরা যখন বেতন বৃদ্ধির জন্য দাবী করেছিলেন নিশ্চয় মুখ্য মন্ত্রীমহাশয় জানেন যে সেটা বিলাসীতার জন্য নয়, সঞ্চয়ের জন্য নয়, তাঁদের নিত্যকার জীবনধারণের জন্য, নিত্যকার বাঁচার জন্যই তাঁরা দাবী করেছিলেন।

Mr. Chairman: You are repeating about the case of the secondary school teachers. I give you two minutes.

Sj. Satya Priya Roy: There are certain fundamental principles.

Mr. Chairman: Please do not talk about principles here.

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলতে চাই—অবশ্য জানিনা যে আমার সেটা বলবার অধিকার আছে কিনা যদিনা থাকে বসে যাই। যে কথা বলতে চাই সেটা হচ্ছে যে শিক্ষা সম্পর্কে কোন পরিকল্পনা নেই, সুষ্ঠু কোন নীতি নেই, প্রাথমিক শিক্ষা কিংবা মাধ্যমিক শিক্ষা কোনটাতে নয়।

Mr. Chairman: You have spoken on this particular point on the occasion of the General Discussion of the Budget. Today please confine yourself to the definite recommendations you want to make. There is no special point. It only retards the business of the House if you want to re-state the whole case against the present ministerial set up and all that on general principles.

Sj. Satya Priya Roy:

আমি বলতে চাই যে ৮৭ লক্ষ টাকা মাল্টিপারপাস স্কুল সম্পর্কে বরাদ্দ ধরা হয়েছে, ১৫টি বিদ্যালয়কে নেওয়া হয়েছে। এই বরাদ্দ সম্পর্কে আমার বলার অধিকার আছে এবং আমি বলছি যে এইরকমভাবে কয়েকটি বিদ্যালয়কে বেছে নিয়ে তাদের হাইয়ার সেকেণ্ডারী এডুকেশন বা মাল্টিপারপাস স্কুলে পরিণত করলে সেটা শিক্ষার পরিপন্থী হবে।

[10-30—10-35 a.m.]

আমি বলছি সরকারকে যে নীতি অনুসরণ করা উচিত সেটা হচ্ছে এই যে সমস্ত হাই স্কুল, ১৪শ, ১৫শ আমাদের পশ্চিমবাংলায় আছে—তাদের সকলকে পুষ্ট, সবল ও সুস্থ করে তুলতে হবে, যাতে সমস্ত বিদ্যালয়গুলি এক সঙ্গে হায়ার সেকণ্ডারী স্কুলে গড়ে উঠতে পারে। তারপর এই যে ৮৭ লক্ষ টাকা মালটিপারপাস স্কুলএর জন্য বরাদ্দ করা হয়েছে সেখানে ঐ ১৪টি বিদ্যালয়ের ঘরবাড়ী, ইট পাটকেলএর জন্য খরচ না করে ঐ টাকাটা সমস্ত বিদ্যালয়কে সমানভাবে সাহায্য দেওয়া হোক, এবং গ্রন্থাগার, গবেষণাগার প্রভৃতি শিক্ষা মূলক ব্যবস্থা করে যাতে শিক্ষকদের যোগ্যতার মান উন্নত হতে পারে, সমস্ত উচ্চ বিদ্যালয়ের উন্নতি হতে পারে তার ব্যবস্থা করা উচিত। এই রকম করে যদি বিভিন্ন উচ্চ বিদ্যালয়গুলিকে পুষ্ট, সবল ও সমৃদ্ধ করে গড়ে তোলা যায় তাহলে ওঁরা যে পরীক্ষা আরম্ভ করেছেন মুষ্টিমেয় কতকগুলি বিদ্যালয় নিয়ে, এবং তাঁরা বলেছেন এর পরে আবার সংখ্যা

বাড়ান যাবে—এইভাবে না করে তাঁদের দেখা উচিত যে সমস্ত হায়ার স্কুল আছে সেগুলি যাতে হায়ার সেকেণ্ডারী স্কুলসএ পরিণত হতে পারে সেটা করা উচিত। সেইজন্য আমি বলবো তাঁরা মালটিপারপাস স্কুলের জন্য যে টাকা বরাদ্দ করেছেন, সেটা পশ্চিমবাংলার বর্ত্তমান সমস্ত হায়ার স্কুলের উন্নতি সাধনের জন্য ব্যয় করা হোক।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, how long will he speak? There are other speakers on this side of the House who want to speak.

Sj. Satya Priya Roy: Mr. Chairman, those people will have enough time to speak.

Mr. Chairman: I am just speaking not to disparage your way of talking but you are simply repeating. You guard against that. It is in your own interest and that of the House also.

Sj. Satya Priya Roy:

তাঁরা এখানে অনেক টাকা রেখেছেন, প্রথম হচ্ছে ৮৭ লক্ষ টাকা। এই ৮৭ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে এটা কি ভাবে খরচ করা উচিত সে সম্বন্ধে আমি সুপারিশ করছি, আমি বলছি এই ১৫টি বিশেষ শ্রেণীর বিদ্যালয়কে সমস্ত টাকা না দিয়ে, পশ্চিমবাংলার সমস্ত হাই স্কুলসএর উন্নতিকল্পে এই টাকাটা ভাগ করে দেওয়া উচিত।

Mr. Chairman: It is not that. You have said one particular thing that this money should be spread out and not confined to a particular number of schools. There is no point in repeating that three or four times.

Sj. Satya Priya Roy:

আমি এই হেড এ বলে তারপর অন্য পয়েণ্টে আসছি। আমি এগুতে পারছি না, যে সূত্র ধরে এগুবো তাতে বাধা পাচ্ছি।

[10-35—10-40 a.m.]

Mr. Chairman: You are repeating the same thing over and over again.

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি কোন কথা বলবার আগেই বাধা পাচ্ছি, আমার যে যুক্তি, এক জায়গায়ই দাঁড়িয়ে আছে, একটা যুক্তি অখণ্ডতা নিয়ে অগ্রসর হয়। কিন্তু সেই দিক দিয়ে আমি বাধা পাচ্ছি। এই রকম বাধা না পেলে আমি নূতন যুক্তিতে যেতে পারতাম।

Mr. Chairman: Please bring before the House other points.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, members opposite are continually interrupting Mr. Roy. That is why he is not in a position to proceed.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: He has no right to repeat the same thing over and over again.

Sj. Satya Priya Roy:

এই হায়ার সেকেণ্ডারী স্কুল সম্বন্ধে, বিশ্ববিদ্যালয়ের যে পরিবর্ত্তন করা দরকার হবে সে সম্পর্কে আমি কিছু বলছি। বিশ্ববিদ্যালয়ের উন্নতি কল্পে যে টাকা বরাদ্দ করা হয়েছে, সেই টাকা যাতে ভালভাবে সুষ্ঠুভাবে ব্যয়িত হতে পারে তার জন্য আমি সরকারের কাছে সুপারিশ করছি। বলা হচ্ছে যে আমাদের বিশ্ববিদ্যালয়ে গ্রাজুয়েটস কোর্স বা স্নাতক ডিগ্রি তিন বছরের জন্য হবে। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় একটা শিক্ষা জগতের ইতিহাস আছে এখানে দশটি শ্রেণী মাধ্যমিকের, দুইটি শ্রেণী ইণ্টারমিডিয়েট কলেজএর এবং দুইটি শ্রেণী ডিগ্রী কোর্স, গ্রাজুয়েটস

....

Mr. Chairman: That is again going into the question of principles whether a three or a four years' course is necessary or not. Please give your suggestions about appropriations. It is not necessary that you should bring before the House an account of the proposals which are being made about transformation of the University Graduate Course, and all that.

Sj. Satya Priya Roy:

স্যার, আমি বলছি যে

basic schools, university three years' course.

করবার জন্য, ও তারপর মালটিপারপাস স্কুল করবার জন্য যে সমস্ত টাকা বরাদ্দ করা হয়েছে, সেই টাকা যাতে সরকার ভালভাবে ব্যয় করতে পারেন তার জন্য বিশেষ লক্ষ্য রাখা দরকার। কারণ আমাদের বিশ্ববিদ্যালয়ে শিক্ষার যে বিভিন্ন স্তর আছে, যেমন প্রথম প্রাথমিক স্তর, তারপর মাধ্যমিক স্তর এবং শেষে উচ্চ শিক্ষা, যে সম্বন্ধে সরকারের কোন উন্নতিমূলক পরিকল্পনা নাই। সুতরাং এঁদের হাতে এই টাকা দেওয়া যায় না। এখানকার পারলিয়ামেণ্টারী প্রাকটিসএর অভিজ্ঞতা আমার বিশেষ নাই, অধ্যাপক মহাশয়ের নির্দেশ ঠিক বুঝতে পারছি না; তাহলে বিরোধী পক্ষের বক্তৃতা এই এ্যাপ্রোপ্রিয়েসন বিলএর উপর কি হবে? এই যদি ধারণা হয়ে থাকে তাহলে আমি পরবর্ত্তীকালে সেই হিসাবে আমার বক্তৃতা তৈরী করে আসবো। কিন্তু আমার ধারণা ছিল সরকার যে টাকা খরচ করতে চাচ্ছেন সেই টাকা তাঁদের খরচ করবার যোগ্যতা আছে কিনা সেটা বিবেচনা করে তবে আমরা টাকা দেবো।

Mr. Chairman: I think that is enough. You are continually reverting back to the same topic. Now, Professor K. P. Chattopadhyay.

[10-40—10-45 a.m.]

Sj. K. P. Chattopadhyay: Mr. Chairman, Sir, I shall speak on one particular topic, the appropriation under the head "Fisheries". I find that certain moneys have been asked for intensive development. I think the head is "Intensive Development of Food Supply" and for that purpose I find that distribution of yarn to needy fishermen will be made. That is shown as "Grant for needy fishermen". The total amount is Rs. 69,000 of which it appears Rs. 19,000 will go to the staff and Rs. 50,000 will go to the fishermen. It is certainly necessary to help needy fishermen to develop their fishery technique and organization in a much better way but I think, Sir, very inadequate provision has been made. Other provisions are necessary and not merely distribution of yarn. Therefore, provision should be made for other matters for building up their co-operative organization and also for taking over certain fishery rights—whether you will purchase it or make provision for it in the Budget I am not sufficiently acquainted with the technical procedure on Government level. But you may remember that I pointed out long ago when the Hon'ble Revenue Minister spoke about his Bill, that is the Estates Acquisition Bill that unless fishery rights are taken over, fishermen would not be able to make their living by fisheries. They do not get any protection. Now I hold, Sir, that the money provided simply for the purpose of purchase of yarn is not adequate. Money should be provided for other purposes, either for purchase at a nominal price or at a reduced price; that is a question of policy, and I cannot go into that in connection with this matter. But there should be money provided for taking over fishery right for helping the fishermen. Unless you do that you will not have fishery properly developed. This is all the more important because a large number of refugee fishermen have come over from East Bengal, now known as Eastern Pakistan, and these are among the most destitute of the people who have been uprooted from their homes. Normally fishermen are poor people as the survey of 1944-45 showed. Any natural cataclysm affects them very seriously because they have no reserve and they have no protection against those with fishery rights. Hence it is all the more important that we should pay attention to this problem. There is also some provision, I find Sir, for detailed survey of inland fishery resources of the State. Now, when transfer of power took place, just before that fishermen were pouring in West Bengal from East Pakistan in a destitute condition, and Mr. Elmhirst was the Development Commissioner for Agriculture and Fisheries, I had occasion to discuss with him how to rehabilitate the fishermen because I had been doing some work in that direction and he agreed that it would be necessary to have some trained men

to carry out a survey of the rehabilitation operation of these fishermen. In consequence two men were appointed from students of mine who had been trained in such survey and rehabilitation work and they were taken for this purpose.

Very good reports were received of their work in that respect. Subsequently, however, they were transferred to fish production for which they were not more equipped than any other ordinary pass B.Sc. man.

Sir, you have provided money for development of inland fisheries to the extent of Rs. 15,000 and pay of officers and establishment will be Rs. 15,000. At least one of these trained men is still in service; another is in a Government-aided institution now. May I suggest that you should look into the matter and see that the proper man is put to the proper work of survey and probably you can make some saving in that respect.

That is all I want to say about fisheries.

Mr. Chairman: I would thank you, Professor Chattopadhyay, I am sorry that I had to interrupt Mr. Satya Priya Roy several times. Your speech this morning has been exactly what it should be in connection with an Appropriation Bill.

[10-45—10-50 a.m.]

Sj. Mohitosh Rai Choudhuri:

মাননীয় অধ্যক্ষমহাশয়, এপ্রোপ্রিয়েশন বিলের সম্পর্কে যেরূপ আলোচনা করতে হবে, আপনি তার নির্দ্দেশ দিয়েছেন, সেই নির্দ্দেশ অনুসারে কয়েকটী কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। শিক্ষা সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে, আমি শিক্ষাবিদ গত তিন বছর ধরে এ বিষয়ে অনেক কথা বলেছি হয়তো অনেকের ধৈর্য্যচ্যুতিও হয়েছে এখন শিক্ষা বিষয়ে বলার জন্যও অনেক বন্ধু এখানে উপস্থিত আছেন, সুতরাং শিক্ষা বিষয়ে আমি বিশেষ কিছু আজ বলব না। অন্ততঃ আগে আর কয়েকটী বিষয়ের সম্বন্ধে কিছু বলে তার পরে শিক্ষা সম্বন্ধে দু একটী কথা বলব।

বাজেট পাশ হয়ে গেছে। সেই বাজেটে যে সকল বিভিন্ন খাতে খরচ ধরা হয়েছে সেই অনুসারে এখন কাজ করা হবে। এই বাজেটের নূতন ক'রে আলোচনায় আর লাভ নেই তবে এই প্রসঙ্গে আমি নতুন কয়েকটী কথা সরকারকে বলব। ১ম হচ্চে আন্‌এম্প্লয়মেণ্ট রিলিফ স্কীম। স্যার জন এণ্ডারসনের আমলে ২০।২৫ বছর আগে ব'লে মনে হচ্চে এই আন্‌এম্প্লয়মেণ্ট রিলিফ স্কীম হয়। এতে আম্ব্রেলা, পটারি প্রভৃতি কতকগুলি ছোট ছোট শিল্পের কাজ মধ্যবিত্ত যুবকদের শেখাবার ব্যবস্থা করা হয়। এই স্কীমটা এত কাল ধরে চলতে থাকলেও আজো স্থায়ী হয় নাই, এক এক বছর ক'রে এই ডিপার্টমেণ্ট স্যাংকসন করা হয়। সরকারের কোন বিভাগই এত দীর্ঘ কাল ধরে অস্থায়ী থাকে নাই। ফলে যে সব যুবকরা এই বিভাগে আজ করছে, তাদের কাজ করবার ইচ্ছা ও শক্তি কমে যাচ্ছে, তাদের ভিতর নৈরাশ্য দেখা দিয়েছে। ইতি মধ্যে ছোট ছোট ইণ্ডাষ্ট্রী শিক্ষা দেবার এখানে আরো অনেক রকম ব্যবস্থা হয়েছে, কেন্দ্রীয় গভর্ণমেণ্ট থেকে হয়েছে, উদ্বাস্তু বিভাগ থেকেও হয়েছে। আমি মুখ্যমন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি তিনি নিজে অগ্রণী হয়ে এই সব বিভিন্ন প্রকারের কটেজ্ ইণ্ডাষ্ট্রী শেখাবার বিছিন্ন বিক্ষিপ্ত ব্যবস্থাগুলিকে একটি সুচিন্তিত সুবিস্তৃত পরিকল্পনায় সুসংবদ্ধ করুন। এই ডিপার্টমেণ্টের ছেলেরা যারা আজ ২০ বছর ধরে অস্থায়ী ভাবে কাজ করছে তাদের একটা স্থায়ী ব্যবস্থা করুন, প্রতিনিয়ত কর্ম্মচ্যুতির যে আশঙ্কায় তাদের দিন কাটাতে হয় তাদের সেই ভীতি ও অনিশ্চয়তা দূরীভূত করুন। এতে আনএম্প্লয়মেণ্ট রিলিফ স্কীম যা নাকি এই দীর্ঘ কালের মধ্যেও সাফল্যমণ্ডিত হয় নাই, তা সাফল্যমণ্ডিত হবে এবং দেশের সত্যই উপকার হবে।

Mr. Chairman: Mr. Choudhuri, you are also straying into consideration of the general principles—as to who should be retained on a temporary basis. That is not within the scope of the business in hand.

(Dr. MANINDRA MOHAN CHAKRABARTY:

আপনি ও রেহাই পেলেন না।)

Sj. Mohitosh Rai Choudhuri:

অন্যায় আচরণ করলে কেউই রেহাই পাবে না। আমি যদি নিয়ম না মেনে থাকি নিশ্চয়ই আমাকে সে কথা বলবেন, আপনাদের মত আমি অত সেন্‌সিটিভ নই।

আর একটা বিষয়—ট্রান্সপোর্ট ডিপার্টমেণ্ট সম্বন্ধেও একটা কথা আমি বলব, আমরা সকলেই দেখছি ট্রান্সপোর্ট ডিপার্টমেণ্টএ খুব ভাল কাজ করছেন সরকার। এজন্য আমি গভর্ণমেণ্টকে অভিনন্দিত করছি। প্রাইভেট বাস ধ ক্রমেই উঠিয়ে দেওয়া হচ্চে এটাকেও আমি খুব ভাল কাজ ব'লে মনে করি। কিন্তু এই ট্রান্সপোর্ট ডিপার্টমেণ্ট র একটি ক্রটির কথা আমি না ব'লে পারি না। রোজই দেখতে পাই যাদবপুর অঞ্চল থেকে যে সমস্ত বাস াসে, তার অধিকাংশই ১২ টার সময় খালি আসে—

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I suggest that my friend should not go into the details of the Transport Department. That was in the general discussion. He cannot discuss these things at this stage.

Sj. Mohitosh Rai Choudhuri:

এ আলোচনা যখন নিয়ম বহির্ভূত ব'লে আপত্তি হ'লো তখন আর কিছু এ সম্বন্ধে ব'লবো না। আমি শুধু এই কু ব'লে শেষ করবো—বাসগুলি ফিরে আসবার সময় যেন প্যাসেঞ্জার নিয়ে আসে, এটা সাজেসন হিসাবে আমি লছি (এ ভয়েস—সাজেসন আপনি দিতে পারেন না।) এখন এডুকেশন সম্বন্ধে কিছু বলব।

(Dr. MANINDRA MOHAN CHAKRABARTY:

াই না বল্লেন যে এডুকেশন সম্বন্ধে কিছু বলবেন না?) এডুকেশন সম্বন্ধে কিছু বলব বই কি, তবে বেশী নয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I suggest again that if he has got any general remarks to make, he should not do it at this stage. There was plenty of time for discussion of all these things. If they wanted, I could have extended the time from three days to four days, but this discussion should not be made here because none of the Ministers here is prepared to give any answer.

10-50—10-55 a.m.]

Sj. Mohitosh Rai Choudhuri:

এডুকেশনের জেনারাল পলিসি সম্বন্ধে কিছু বলতে চাই না। কেবল ব'লতে চাই নূতন বাজেটে শিক্ষা সম্বন্ধে য টাকা ধরা হচ্ছে তা যেন খরচ করা হয়। কয়েকটা আইটেমএ এডুকেশন বাজেটএ গতবার যে টাকা ধরা য়েছিল তা প্রায় কিছুই খরচ করা হয় নাই। একটা হচ্চে নার্সারী স্কুল। ফাইভ ইয়ার স্কীমএ ৪ লক্ষ ৮৮ হাজার াকা এ বাবদ ধরা হয়েছিল, কিন্তু এ কয় বছরের মধ্যে তার এক কপর্দ্দকও খরচ করা হয় নাই। এই টাকাটা াগামী বৎসর খরচ করে যাতে দেশে নার্সারি স্কুল স্থাপন করা হয় সেজন্য সরকারকে অনুরোধ জানাচ্ছি।

আর একটি—

levelopment of literature including tribal language.

ার জন্য আড়াই লক্ষ টাকা বাজেটে ধরা হয়েছিল সে টাকাও সরকার খরচ করেননি। সেটাও এবার যাতে খরচ করা হয় গভর্ণমেণ্ট তা করুন। তারপরে বিবাহিতা নারীদের শিক্ষাখাতে গতবার বাজেটে পাঁচ লাখ টাকা রা হয়েছিল। কিন্তু সে সম্বন্ধে আজ পর্য্যন্ত কোনই স্কীম হয় নাই ফলে খরচ ও কিছু হয় নাই। ঐ ব্যাপারেরও াতে পুনরাবৃত্তি না হয় সে সম্বন্ধে সরকারকে অনুরোধ করি।

আর একটি আইটেম বাজেটে ছিল—

cheme for sending students abroad

ার জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৫ লক্ষ ৫৬ হাজার টাকা ধরা হয়েছিল দেখতে পাই। কিন্তু এ যাবৎ এর মধ্যে াত্র ৯৬ হাজার টাকা খরচ হয়েছে। অবশ্য কেন বাকিটা খরচ হয় নাই আমরা তা কতকটা জানি। গভর্ণমেণ্টের শিক্ষা খাতে এমন কতকগুলি নূতন খরচ করতে হয়েছে যার জন্য এই হেডএ যে টাকা বাজেটে ধরা হয়েছিল া ডাইভার্ট করতে হয়েছে। তাহলেও ব'লবো স্টুডেণ্টসদের ট্রেণিংএর জন্য বিদেশে পাঠানর প্রয়োজনীয়তা এত বশী যে এ সম্বন্ধে এবৎসর যেন গভর্ণমেণ্ট অবহিত হন।

মাত্র আর একটা কথা বলেই আমি শেষ করব। গভর্ণমেণ্টের কল্যাণী স্কীমটিকে আমি অত্যন্ত ভাল ব'লে মনে করি। আমি একে ওয়ার্মলী ওয়েলকাম করছি। এমনকি ইউনিভারসিটির একটা অংশ কল্যাণীতে নিয়ে যাওয়াও

